১। আইনের ১১২ ধারায় সমাচার কমিটীর প্রতি যেহ ক্ষমতা অর্পিত হইয়াছে, তাহা মান্য করিবার নিয়মাধীনে জিলা বোর্ড শিক্ষাবিভাগের নির্দ্দিষ্ট বিধি অনুসারে জিলার অন্তর্গত সরকারী কর্ত্তৃত্বাধীন সমুদয় প্রাথমিক বিদ্যালয়ের রক্ষা ও পর্য্যাধ্যক্ষতা করিবার এবং ঐ সকল বিদ্যালয়ের গুরু ও ছাত্রদিগকে দেয় বৃত্তি বা পুরস্কারের হার নিরূপণ করিবার ভারপ্রাপ্ত হইবেন।

২। সাময়িক পরীক্ষার ফল দেখিয়া জিলা বোর্ড জিলার অন্তর্গত সকল প্রাথমিক বিদ্যালয়ের গুরু ও ছাত্রদিগকে পুরস্কার দিবেন।

• [গবর্ণমেণ্ট গেজেট । ১৮৮৫ । ১ ডিসেম্বর ।]

3. Such examinations shall be conducted under the supervision of the Deputy Inspector by the Sub-Inspectors and Examiners appointed by the District Board in consultation with the Deputy Inspector, at times to be settled beforehand by the Inspector in consultation with the District Board.

4. All payments and rewards to gurus and pupils to be granted on the result of such examinations shall be sanctioned by the Board on the report of a Sub-Inspector, confirmed by the Deputy Inspector.

5. The District Board shall, in consultation with the Deputy Inspector, make payments to chief gurus and other agents (exclusive of Sub-Inspectors) employed to inspect primary schools within the district.

6. Every District Board may make grants and contributions to primary schools under private management within the district, provided such grants and contributions be in accordance with the rules from time to time prescribed by Government.

7. Should any difference of opinion arise between the District Board and the Deputy Inspector, the matter shall be referred for the decision of the Inspector. Should the District Board be dissatisfied with the decision of the Inspector, the matter shall be referred through the Magistrate to the Commissioner; and if the Coommissioner does not concur in the views of the Inspector, to Government through the Director of Public Instruction.

8. Should the District Board be dissatisfied with the decision of the Inspector, it may request him to refer the matter to Government through the Director of Public Instruction.

9. District Boards shall be responsible for the payment of the stipends of primary school teachers under training in institutions provided by Government for this purpose.

SECTION VI.—LOCAL BOARDS.

1. In every case where a District Board shall, under section 101 of the Act, transfer the management and maintenance of any school or schools to a Local Board, the provisions contained in the preceding rules shall be generally applicable to such Local Board: provided that the District Board shall, in all cases, have a general power of control.

SECTION VII.—UNION COMMITTEES.

1. Every primary school under public management maintained by a Union Committee under section 112 of the Act shall be called a Union Committee school.

2. Every Union Committee shall have the power within the Union—

(1) Of determining the places at which Union Committee schools shall be opened.

(2) Of deciding upon the transfer or abolition of existing Union Committee schools.

(3) Of fixing the class of every such school, the selection to be made from classes recognized by the Educational Department.

(4) Of prescribing the standard of instruction in every such school, the selection to be made from standards recognized by the Educational Department.

(5) Of fixing the salary of the guru of every such school and of removing or transferring him within the Union.

(6) Of fixing the rate of monthly, admission, or re-admission fees payable by the pupils of every such school.

3. With reference to section 112 of the Act, by which Union Committees are declared responsible for the transmission to gurus of Union Committee schools for the rewards granted by the District or Local Boards, it shall be the duty of each Union Committee to compel the guru of each such school to attend such examinations and gatherings, and to present his pupils at such examinations and gatherings as shall be from time to time ordered by the District or Local Board or the Deputy Inspector.

4. Every Union Committee school will be subject to periodical inspection and examination by officers of the Educational Department and by the Magistrate of the district.

[*Government Gazette*, 1st *December* 1885.]

৩। জিলা বোর্ডের সহিত পরামর্শ করিয়া ইনস্পেক্টর পূর্ব্বে যে যে সময় স্থির করিয়া দেন সেই সেই সময়ে ডেপুটী ইনস্পেক্টরের সহিত পরামর্শ করিয়া জিলা বোর্ড যে যে সব-ইনস্পেক্টর ও পরীক্ষককে নিযুক্ত করেন তাঁহারা ডেপুটী ইনস্পেক্টরের তত্ত্বাবধানাধীনে ঐরূপ পরীক্ষার কার্য্য চালাইবেন।

৪। ঐ পরীক্ষার ফল দেখিয়া গুরু ও ছাত্রদিগকে যে টাকা ও পুরস্কার দিতে হইবে, তাহা ডেপুটী ইনস্পেক্টরের দৃঢ়ীকৃত সব-ইনস্পেক্টরের রিপোর্টক্রমে বোর্ড মঞ্জুর করিবেন।

৫। সব-ইনস্পেক্টর ছাড়া যে সকল চীফগুরু ও অন্য কর্ম্মচারী জিলার অন্তর্গত প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনকার্য্যে নিযুক্ত থাকে, জিলা বোর্ড ডেপুটী ইনস্পেক্টরের সহিত পরামর্শ করিয়া তাহাদিগকে বেতনাদি দিবেন।

৬। জিলার মধ্যে বেসরকারী কর্তৃত্বাধীনে যে সকল প্রাথমিক বিদ্যালয় থাকে, প্রত্যেক জিলা বোর্ড সেই সকল বিদ্যালয়ে সাহায্যদান ও অর্থানুকূল্য করিতে পারিবেন। কিন্তু ঐরূপ সাহায্যদান ও অর্থানুকূল্য গবর্ণমেণ্ট কর্তৃক সময়ে সময়ে যে বিধি নির্দ্দিষ্ট হয় তদনুসারে হওয়া চাই।

৭। জিলা বোর্ড ও ডেপুটী ইনস্পেক্টরের মধ্যে কোন মতভেদ হইলে, ঐ বিষয় ইনস্পেক্টরের নিষ্পত্তি নিমিত্ত অর্পিত হইবে। জিলা বোর্ড ইনস্পেক্টরের নিষ্পত্তিতে অসন্তুষ্ট হইলে, ঐ বিষয় ম্যাজিষ্ট্রেট সাহেবের দ্বারা কমিশ্যনর সাহেবের নিকট অর্পিত হইবে, এবং কমিশ্যনর সাহেব ইনস্পেক্টরের সহিত একমত না হইলে, সাধারণ বিদ্যাধ্যাপনের ডাইরেক্টর সাহেবের দ্বারা গবর্ণমেণ্টে অর্পিত হইবে।

৮। জিলা বোর্ড ইনস্পেক্টরের নিষ্পত্তিতে অসন্তুষ্ট হইলে, তাঁহাকে এই অনুরোধ করিতে পারিবেন যে তিনি ডাইরেক্টর সাহেবের দ্বারা ঐ বিষয় গবর্ণমেণ্টে অর্পণ করেন।

৯। শিক্ষকদিগকে শিক্ষা দিবার নিমিত্ত গবর্ণমেণ্ট যে যে বিদ্যালয়ের বিধান করেন, তথায় শিক্ষাহীন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদিগকে বৃত্তি দিবার জন্য জিলা বোর্ড দায়ী থাকিবেন।

৬ পরিচ্ছেদ।—স্থানীয় বোর্ড বিষয়ক বিধি।

১। যে কোন স্থলে কোন জিলা বোর্ড আইনের ১০১ ধারামতে কোন স্থানীয় বোর্ডকে কোন এক কি অধিক বিদ্যালয়ের কার্য্যাধ্যক্ষতা ও রক্ষা করিবার ভার হস্তান্তর করিয়া দেন, সেই স্থলে পূর্ব্ববর্ত্তী বিধি সমূহের বিধান সাধারণতঃ ঐ স্থানীয় বোর্ড সম্বন্ধে খাটিবে। কিন্তু সকল স্থলেই জিলা বোর্ডের কর্তৃত্ব করিবার সাধারণ ক্ষমতা থাকিবে।

৭ পরিচ্ছেদ।—সমাহার কমিটী বিষয়ক বিধি।

১। আইনের ১১২ ধারামতে সমাহার কমিটীর রক্ষিত সরকারী কর্তৃত্বাধীন প্রত্যেক প্রাথমিক বিদ্যালয় সমাহার কমিটীর বিদ্যালয় বলিয়া খ্যাত হইবে।

২। প্রত্যেক সমাহার কমিটীর সমাহারের মধ্যে নিম্নলিখিত ক্ষমতা থাকিবে।—

(১) সমাহার কমিটীর বিদ্যালয় যেং স্থানে খুলিতে হইবে সেইং স্থান নিরূপণ করিবার ক্ষমতা।

(২) সমাহার কমিটীর যে সকল বিদ্যালয় আছে তাহা স্থানান্তরে লইয়া যাইবার বা উঠাইয়া দিবার সম্বন্ধে নিষ্পত্তি করিবার ক্ষমতা।

(৩) ঐরূপ প্রত্যেক বিদ্যালয় কোন শ্রেণীর হইবে ইহা স্থির করিবার ক্ষমতা। শিক্ষাবিভাগের গ্রাহ্য শ্রেণীসমূহের মধ্য হইতে ঐ শ্রেণী বাছিয়া লইতে হইবে।

(৪) ঐরূপ প্রত্যেক বিদ্যালয়ের পাঠ্য পরিমাণ নির্দ্দেশ করিবার ক্ষমতা। শিক্ষাবিভাগের গ্রাহ্য নানা পাঠ্য পরিমাণের মধ্য হইতে উহা বাছিয়া লইতে হইবে।

(৫) ঐরূপ প্রত্যেক বিদ্যালয়ের গুরুর বেতন স্থির করিবার ও তাঁহাকে পদচ্যুত বা সমাহারের মধ্যে তাঁহাকে স্থানান্তরে নিযুক্ত করিবার ক্ষমতা।

(৬) ঐরূপ প্রত্যেক বিদ্যালয়ের ছাত্রদের দেয় মাসিক ফীর বা প্রবেশের বা পুনঃ প্রবেশের ফীর হার স্থির করিবার ক্ষমতা।

৩। আইনের ১১২ ধারাক্রমে সমাহার কমিটী সমাহার কমিটীর বিদ্যালয়ের গুরুদিগকে জিলা বোর্ডের বা স্থানীয় বোর্ডের প্রদত্ত পুরস্কার পহুঁছাইয়া দিবার জন্য দায়ী বলিয়া প্রকাশ করা যাওয়াতে, ঐ ধারা উপলক্ষে প্রত্যেক সমাহার কমিটী জিলা বোর্ড বা স্থানীয় বোর্ড বা ডেপুটী ইনস্পেক্টর সময়েং যেং পরীক্ষা বা সমাগম হইবার আজ্ঞা করেন সেইং পরীক্ষায় ও সমাগমে ঐরূপ প্রত্যেক বিদ্যালয়ের গুরুকে উপস্থিত হইতে ও তাহার ছাত্রদিগকে উপস্থিত করাইতে বাধ্য করিবেন।

৪। শিক্ষাবিভাগের কার্য্যকারকেরা ও জিলার ম্যাজিষ্ট্রেট সাহেব প্রত্যেক সমাহার কমিটীর বিদ্যালয় সময়েং পরিদর্শন ও পরীক্ষা করিতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৪। ১ ডিসেম্বর।]

5. Nothing in these rules shall preclude the establishment and maintenance of primary schools within the Union by private individuals or self-constituted local associations, and the pupils of all such schools shall be entitled to present themselves at all examinations for rewards and grants payable by the District Board to the pupils and gurus of primary schools.

SECTION VIII.—SCHOLARSHIPS.

1. Lower primary scholarships shall be awarded by the District Board in consultation with the Deputy Inspector, and a list of the scholars elected shall be forwarded to the Inspector, who will pass the bills as at present.

2. The lower primary scholarship examination shall be conducted in every district by the Sub-Inspectors under the supervision of the Deputy Inspector.

3. It shall be competent to the District Board, before the award of upper primary and middle scholarships, to make representations to the Inspector in favour of particular schools or tracts which it may deem deserving of special encouragement on account of their less advanced state, or for other reasons, and the Inspector shall be bound to take such representations into consideration.

4. The District Board shall be furnished every year with an abstract of the results of the upper primary and middle scholarship examinations.

SECTION IX.—FINANCE.

1. For the purpose of the maintenance and management of schools, the Lieutenant-Governor shall every year make over to the District Board the primary allotment of the district, the grant-in-aid allotment for Board schools falling under section IV of these rules, a contribution to the support of those schools to be managed directly by the Boards, and any additional sum that may be granted in support of education under the control of the District Board.

2. The Deputy Inspector shall prepare educational budget estimates for the district, and shall submit them to the District Board before the 1st of August in the year immediately preceding that for which they are framed. The approved budget estimates shall be forwarded by the Board to the Director of Public Instruction before the 1st of September.

3. The Inspector shall prepare budget estimates for every High English School within his circle, the management and maintenance of which shall, under section 64 of the Act, be entrusted to a Joint Committee, and shall submit them to the Joint-Committee before the 1st of August in the year immediately preceding that for which the estimates are framed. The approved estimates shall be forwarded to the Director of Public Instruction before the 1st of September.

SECTION X.—RELATION OF DISTRICT BOARDS TO EDUCATIONAL CONTROLLING AGENCIES.

1. All Sub-Inspectors within the district shall submit their diaries to the District Board through the Deputy Inspector, who will forward them with his remarks. They will conduct all examinations for rewards under the orders of the District Board in consultation with the Deputy Inspector.

2. Sub-Inspectors may be degraded or suspended by the District Board, but no Sub-Inspector shall be dismissed without the consent of the Director of Public Instruction. Sub-Inspectors who have been degraded or suspended shall have an appeal through the Magistrate to the Commissioner.

3. Subject to the veto of the Inspector, Sub-Inspectors shall be appointed by the District Board. Leave may be granted to Sub-Inspectors by the District Board, in accordance with the provisions of the Civil Leave Code, notice of the fact being at the same time communicated to the Inspector. Applications for leave from Deputy Inspectors shall be forwarded through the Inspector to the Director of Public Instruction.

4. The salary and travelling bills of Sub-Inspectors shall be passed by the District Board.

5. The Deputy Inspector shall forward to the District Board a copy of so much of the quarterly return of his inspection of schools as has reference to Board schools.

[*Government Gazette, 1st December 1885.*]

৫। এই বিধির কোন কথাক্রমে বেসরকারী কোন ব্যক্তি বা স্বতঃপ্রতিষ্ঠিত কোন স্থানীয় সমিতির-দ্বারা সমাহারের মধ্যে প্রাথমিক বিদ্যালয় সংস্থাপন ও রক্ষা করিবার ব্যাঘাত হইবে না ও ঐরূপ প্রত্যেক বিদ্যালয়ের ছাত্রেরা প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র ও গুরুদিগকে জিলা বোর্ড কর্ত্তৃক দেয় পুরস্কার ও সাহায্য-প্রাপ্তির জন্য পরীক্ষায় উপস্থিত হইবার স্বত্ববান হইবে।

৮ পরিচ্ছেদ।—ছাত্রবৃত্তি বিষয়ক বিধি।

১। জিলা বোর্ড ডেপুটী ইনস্পেক্টরের সহিত পরামর্শ করিয়া নিম্ন প্রাথমিক ছাত্রবৃত্তি দিবেন। মনোনীত ছাত্রদের তালিকা ইনস্পেক্টরের নিকট প্রেরণ করা যাইবে, তিনি এক্ষণকার ন্যায় বিল পাস করিবেন।

২। নিম্নপ্রাথমিক ছাত্রবৃত্তির পরীক্ষা প্রত্যেক জিলায় ডেপুটী ইনস্পেক্টরের তত্ত্বাবধানাধীনে সব-ইনস্পেক্টরেরা চালাইবেন।

৩। উচ্চ প্রাথমিক ও মধ্য ছাত্রবৃত্তিগুলি দিবার পূর্ব্বে জিলা বোর্ড বিশেষ কোন বিদ্যালয় বা স্থানের অপেক্ষাকৃত অনুন্নত অবস্থা বশতঃ বা অন্য কারণে তাহা বিশেষ উৎসাহ পাইবার যোগ্য বিবেচনা করিলে ঐ বিদ্যালয় বা স্থানের অনুকূলে ইনস্পেক্টরকে জানাইতে পারিবেন ও ইনস্পেক্টর ঐ কথা বিবেচনাস্থলে গ্রহণ করিতে বাধ্য হইবেন।

৪। উচ্চ প্রাথমিক ও মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ফলের একখানি সংক্ষেপ বর্ণনাপত্র প্রতিবৎসর জিলা বোর্ডে পাঠাইতে হইবে।

৯ পরিচ্ছেদ।—আয়ব্যয় বিষয়ক বিধি।

১। বিদ্যালয় সমূহের রক্ষা ও কার্য্যনির্ব্বাহের নিমিত্ত শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব প্রতি বৎসর জিলা বোর্ডের প্রতি জিলার প্রাথমিক শিক্ষার নিমিত্ত নিরূপিত টাকা, এই বিধির ৪ পরিচ্ছেদের উল্লিখিত বোর্ডের বিদ্যালয়ের সাহায্য দিবার জন্য নিরূপিত টাকা, সাক্ষাৎ সম্বন্ধে বোর্ডের কার্য্যাধ্যক্ষতাধীন বিদ্যালয়ের ব্যয়পোষণার্থ সাহায্যের টাকা ও জিলা বোর্ডের কর্ত্তৃত্বাধীন শিক্ষার ব্যয়পোষণার্থ অন্য যে টাকা দেওয়া যায় সেই টাকা অর্পণ করিবেন।

২। ডেপুটী ইনস্পেক্টর জিলার জন্য শিক্ষাসংক্রান্ত আয়ব্যয়ের অনুমানপত্র প্রস্তুত করিয়া যে বৎসরের জন্য উহা প্রস্তুত হয় তাহার অব্যবহিত পূর্ব্ব বৎসরের ১ আগষ্ট তারিখের পূর্ব্বে জিলা বোর্ডে প্রেরণ করিবেন। বোর্ড আয়ব্যয়ের অনুমোদিত অনুমানপত্র সাধারণ বিদ্যাধ্যাপনের ডাইরেক্টর সাহেবের নিকট ১ সেপ্টেম্বর তারিখের পূর্ব্বে পাঠাইবেন।

৩। যে প্রত্যেক উচ্চ ইংরাজী বিদ্যালয়ের কার্য্যনির্ব্বাহ ও রক্ষার ভার আইনের ৬৪ ধারামতে কোন সম্মিলিত কমিটীর প্রতি অর্পিত হয়, ইনস্পেক্টর আপন চক্রের অন্তর্গত তদ্রূপ প্রত্যেক বিদ্যালয়ের নিমিত্ত আয়ব্যয়ের অনুমানপত্র প্রস্তুত করিয়া যে বৎসরের জন্য উহা প্রস্তুত হয় তাহার অব্যবহিত পূর্ব্ব বৎসরের ১ আগষ্ট তারিখের পূর্ব্বে সম্মিলিত কমিটীতে অর্পণ করিবেন। আয়ব্যয়ের অনুমানপত্র অনুমোদিত হইলে, উহা সাধারণ বিদ্যাধ্যাপনের ডাইরেক্টর সাহেবের নিকট ১ সেপ্টেম্বর তারিখের পূর্ব্বে প্রেরিত হইবে।

১০ পরিচ্ছেদ।—শিক্ষাসংক্রান্ত কর্ত্তৃত্বকারী কার্য্যকারকদের সহিত জিলা বোর্ডের সম্বন্ধ বিষয়ক বিধি।

১। জিলার সকল সব-ইনস্পেক্টরেরা ডেপুটী ইনস্পেক্টর দ্বারা জিলা বোর্ডে আপন২ রোজনামচা পাঠাইয়া দিবেন। ডেপুটী ইনস্পেক্টর আপন মন্তব্য সহিত উহা প্রেরণ করিবেন। সব-ইনস্পেক্টরেরা জিলা বোর্ডের আজ্ঞাধীনে ডেপুটী ইনস্পেক্টরের সহিত পরামর্শ করিয়া পুরস্কার দিবার সমস্ত পরীক্ষা কার্য্য চালাইবেন।

২। জিলা বোর্ড সব-ইনস্পেক্টরদিগকে নিম্নতর পদে স্থাপন বা কর্ম্ম হইতে স্থগিত করিতে পারিবেন কিন্তু সাধারণ বিদ্যাধ্যাপনের ডাইরেক্টর সাহেবের সম্মতি বিনা কোন সব-ইনস্পেক্টরকে পদচ্যুত করা যাইবে না। নিম্নতর পদে স্থাপিত বা কর্ম্ম হইতে স্থগিত কোন সব-ইনস্পেক্টর মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা কমিশনর সাহেবের নিকট আপীল করিতে পারিবেন।

৩। ইনস্পেক্টরের না মঞ্জুর করিবার ক্ষমতাধীনে, সব-ইনস্পেক্টরেরা জিলার বোর্ড কর্ত্তৃক নিযুক্ত হইবেন। জিলা বোর্ড সিবিল কার্য্যকারকদের ছুটী বিষয়ক বিধিপুস্তকের বিধানমতে সব-ইনস্পেক্টর-দিগকে ছুটী দিতে পারিবেন, কিন্তু ঐ কথা ঐ সময়ে ইনস্পেক্টরকে জানাইতে হইবে। ডেপুটী ইনস্পেক্টরদের ছুটীর প্রার্থনাপত্র ইনস্পেক্টরের দ্বারা সাধারণ বিদ্যাধ্যাপনের ডাইরেক্টর সাহেবের নিকট পাঠাইতে হইবে।

৪। জিলা বোর্ড সব-ইনস্পেক্টরদের বেতনের ও পাথেয়ের বিল পাস করিবেন।

৫। ডেপুটী ইনস্পেক্টর বিদ্যালয় সমূহ পরিদর্শনের যে ত্রৈমাসিক রিটর্ণ দেন তাহার যে অংশের বোর্ডের বিদ্যালয়ের সহিত সম্পর্ক থাকে সেই অংশের নকল জিলা বোর্ডে পাঠাইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২ ডিসেম্বর।]

6. The correspondence of District Boards with the Director of Public Instruction shall be carried on through the Inspector.

SECTION XI.—MISCELLANEOUS.

1. No school building or extension of a school building shall be constructed by a District Board unless the plans and estimate for the same shall have been approved by the Inspector if the cost of the work is not to exceed Rs. 1,000, or by the Director of Public Instruction in any other case.

2. Before a District Board commences to erect a building for the accommodation of a school of the estimated cost of Rs. 200 and upwards, the site for the same must be approved by the Inspector.

3. In the event of a difference of opinion between a District Board and the Inspector as to the suitableness of a proposed site, the question shall be referred to the Commissioner, and if the Commissioner does not concur in the views of the Inspector, to Government through the Director of Public Instruction.

4. Every Inspector shall specially notice in his annual report the state of the building, library, furniture, and play-ground of every middle school under the management of a District Board within his circle. The annual report of the Inspector shall briefly discuss the points raised by District or Local Boards, or by Committees of Management, or by District Officers during the year.

5. A quarterly statement of all payments made for educational purposes within the District on the authority of the District Board shall be forwarded by the District Board to the Inspector.

6. At the close of every financial year the District Board shall submit a report of its operations, which shall reach the Inspector's office on or before the 1st of May, and shall be forwarded by him to the Director.

7. All schools managed and maintained by District or Local Boards shall be bound to submit such annual and periodical returns as may be called for by the Educational Department, and periodical or other indents in regard to all such schools shall be submitted in forms approved by the department.

8. All schools not being grant-in-aid schools managed and maintained by District Boards shall be obliged to select their text-books from a list published by the Director of Public Instruction.

J. WARE EDGAR,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 1*st December* 1885.]

৯। সাধারণ বিদ্যাধ্যাপনের ডাইরেক্টর সাহেবের সহিত জিলা বোর্ডের যে চিঠিপত্র চলে তাহা ইনস্পেক্টরের দ্বারা পাঠাইতে হইবে।

১১ পরিচ্ছেদ।—বিবিধ বিধি।

১। কোন বিদ্যালয়ের নিমিত্ত গৃহ কি উহার বর্দ্ধিত অংশ নির্ম্মাণ করিবার ব্যয় ১০০০৲ টাকার অনধিক হইলে উহার নক্সা ও ব্যয়ের অনুমানপত্র ইনস্পেক্টর কর্তৃক ও অন্যস্থলে সাধারণ বিদ্যাধ্যাপনের ডাইরেক্টর সাহেব কর্তৃক অনুমোদিত না হইলে জিলা বোর্ড উহা নির্ম্মাণ করিবেন না।

২। জিলা বোর্ড আনুমানিক ২০০ বা তদধিক টাকা ব্যয়ে কোন বিদ্যালয়ের ব্যবহারার্থ গৃহ নির্ম্মাণ করিতে আরম্ভ করিবার পূর্ব্বে যে স্থানে উহা নির্ম্মিত হইবে তাহা ইনস্পেক্টর কর্তৃক অনুমোদিত হওয়া আবশ্যক।

৩। প্রস্তাবিত কোন স্থানের উপযোগিতা সম্বন্ধে জিলা বোর্ড ও ইনস্পেক্টরের মধ্যে মতভেদ হইলে, ঐ বিষয়ে কমিশনর সাহেবের মত জিজ্ঞাসা করিতে হইবে ও কমিশনর সাহেব ইনস্পেক্টরের সহিত এক মত না হইলে, সাধারণ বিদ্যাধ্যাপনের ডাইরেক্টর সাহেবের দ্বারা ঐ বিষয়ে গবর্ণমেন্টের মত জিজ্ঞাসা করিতে হইবে।

৪। প্রত্যেক ইনস্পেক্টর আপন বাৎসরিক রিপোর্টে আপন চক্রের অন্তর্গত জিলা বোর্ডের কার্য্যাধ্যক্ষতাধীন প্রত্যেক মধ্য বিদ্যালয়ের গৃহের, পুস্তকাগারের, আসবাবের ও ক্রীড়া স্থানের অবস্থা সম্বন্ধে বিশেষ করিয়া লিখিবেন। বৎসরের মধ্যে জিলা বোর্ড বা স্থানীয় বোর্ড বা কার্য্যনির্ব্বাহক কমিটী বা জিলার কর্তৃপক্ষেরা যে সকল কথা উত্থাপন করেন, ইনস্পেক্টরের বার্ষিক রিপোর্টে তৎসম্বন্ধে সংক্ষেপ আলোচনা থাকিবে।

৫। জিলা বোর্ডের আজ্ঞাক্রমে শিক্ষাকার্য্যের নিমিত্ত জিলার মধ্যে যতটাকা দেওয়া যায়, জিলা-বোর্ড তাহার ত্রৈমাসিক একং খানি বর্ণনাপত্র ইনস্পেক্টরের নিকট পাঠাইবেন।

৬। রাজস্ব সংক্রান্ত প্রত্যেক বৎসরের শেষে জিলা বোর্ড আপন কার্য্যের একখানি রিপোর্ট অর্পণ করিবেন। উহা ইনস্পেক্টরের আফিসে ১ মে তারিখে বা তৎপূর্ব্বে পঁহুছান আবশ্যক। ইনস্পেক্টর ঐ রিপোর্ট ডাইরেক্টর সাহেবের নিকট পাঠাইয়া দিবেন।

৭। শিক্ষা বিভাগ যে সকল বার্ষিক ও সাময়িক রিটর্ণ পাঠাইবার আদেশ করেন, জিলা বোর্ড বা স্থানীয় বোর্ডের কার্য্যাধ্যক্ষতাধীন ও রক্ষিত সকল বিদ্যালয়ের তাহা পাঠাইতে হইবে এবং ঐ রূপ সকল বিদ্যালয় সম্বন্ধে সাময়িক অন্য সকল রিপোর্ট উক্ত বিভাগের অনুমোদিত পাঠে প্রেরণ করিতে হইবে।

৮। সাহায্যপ্রাপ্ত বিদ্যালয় ভিন্ন অন্য যে সকল বিদ্যালয় জিলা বোর্ডের কার্য্যাধ্যক্ষতা ও রক্ষাধীনে থাকে, সেই সকল বিদ্যালয় সাধারণ বিদ্যাধ্যাপনের ডাইরেক্টর সাহেবের প্রকাশিত পাঠ্য পুস্তকের তালিকা হইতে পাঠ্য পুস্তক নির্ব্বাচন করিয়া লইতে বাধ্য হইবে।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৫ সাল ১ ডিসেম্বর।

তৃতীয় খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার প্রণীত আইন।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৮৫ সালের ২ অক্টোবর তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অনুমোদন করায়, তাহা সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।—

১৮৮৫ সালের ১৫ আইন।

স্থানীয় কর্তৃপক্ষদের ঋণগ্রহণ বিষয়ক ১৮৭৯ সালের আইন সংশোধনার্থ আইন।

স্থানীয় কর্তৃপক্ষদের ঋণগ্রহণ বিষয়ক ১৮৭৯ সালের আইন সংশোধন করা বিহিত। অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত বিধান করা গেল।—

১৮৭৯ সালের ১১ আইনের ৮ ধারায় যোগ করিবার কথা।

১ ধারা। উক্ত আইনের ৮ ধারার উপবিধানের (খ) দফার পর নিম্নলিখিত কথাগুলি যোগ করিতে হইবে।—

"কিম্বা

"(গ) যে কোন কার্য্যের নিমিত্ত কোন স্থানীয় কর্তৃপক্ষের ঋণ আইনমতে প্রয়োগ করা যাইতে পারে, সেই কার্য্যের নিমিত্ত যে কোন টাকা প্রয়োগ করিতে হইবে, সেই টাকার সুদ দিবার জামিনস্বরূপ উক্ত ঋণের উপর দায় বর্ত্তাইবার ক্ষমতা উক্তরূপ কোন আইনক্রমে উক্ত স্থানীয় কর্তৃপক্ষের প্রতি প্রদত্ত হইলে, সেই ক্ষমতার"।

ডি, ফিট্‌জপাট্রিক,
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১ ডিসেম্বর।]

Act No. XV of 1885.

মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের প্রণীত নিম্নলিখিত আইন ১৮৮৫ সালের ১৬ অক্টোবর তারিখে মহিমবর শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব অনুমোদন করায়, তাহা সাধারণের অবগতি নিমিত্ত এতদ্দ্বারা প্রচারিত হইল।—

১৮৮৫ সালের ১৮ আইন।

ভূমিগ্রহণ (খনি) বিষয়ক ১৮৮৫ সালের আইন।

সূচীপত্র।

ধারা।

Act No. XVIII of 1885.

ধারা।

৮। খনির মধ্যস্থিত পথের কথা।

৯। খনির হানি করা গেলে তজ্জন্য স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষতিপূরণ দিতে হইবার কথা।

১০। ও বাতাসের পথ বা অন্য কার্য্য জন্য হানি হইলে তন্নিমিত্ত ক্ষতিপূরণ দিতে হইবার কথা।

১১। স্থানীয় গবর্ণমেণ্টের কার্য্যকারকের খনিতে প্রবেশ করিয়া তাহার কার্য্যচলন পরিদর্শন করিতে পারিবার কথা।

১২। পরিদর্শন করিতে দিতে অস্বীকার করিলে দণ্ডের কথা।

১৩। খনির কার্য্য এই আইনের বিধানের বিরুদ্ধে চালান গেলে গৃহীত ভূমি নির্ব্বিঘ্ন করণার্থে উপায় অবলম্বন করিবার আদেশ স্থানীয় গবর্ণমেণ্টের দিতে পারিবার কথা।

১৪। গৃহীত ভূমি কোন স্থানীয় কর্তৃপক্ষকে বা কোম্পানিকে হস্তান্তর করিয়া দেওয়া গেলে আইনের অর্থকরণের কথা।

১৫। বিচারাধীন মোকদ্দমার কথা।

১৬। স্থানীয় কর্তৃপক্ষ ও কোম্পানি শব্দের অর্থ।

১৭। এই আইন ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনের সহিত একত্র পাঠ করিতে হইবার কথা।

ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনমতে যে ভূমি গ্রহণ করিবার ইচ্ছা থাকে, সেই ভূমির নিম্নে খনি বা খনিজ দ্রব্য থাকিলে তদ্বিষয়ের বিধান করণার্থ আইন।

ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনমতে যে ভূমি গ্রহণ করিবার ইচ্ছা থাকে, সেই ভূমির নিম্নে খনি বা খনিজ দ্রব্য থাকিলে তদ্বিষয়ের বিধান করা বাঞ্ছনীয়; অতএব এতদ্দ্বারা নিম্নলিখিত বিধান করা গেল।—

১ ধারা। (১) এই আইন ভূমিগ্রহণ (খনি) বিষয়ক ১৮৮৫ সালের আইন নামে খ্যাত হইতে পারিবে, ও

সংক্ষেপ নাম, আরম্ভ ও স্থানীয় ব্যাপ্তি।

(২) ইহা অবিলম্বে বলবৎ হইবে।

(৩) এই আইন প্রথমতঃ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত মান্দ্রাজের গবর্ণর ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশে বর্ত্তিবে, কিন্তু অন্য কোন স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া আপনং শাসনাধীন দেশের সর্ব্বত্র কি কোন নির্দ্দিষ্ট অংশে এই আইন প্রচলিত করিতে পারিবেন।

২ ধারা। এই আইনক্রমে স্পষ্টরূপে বিধান করা না হইয়া থাকিলে, এই আইনের কোন কথাক্রমেই কোন খনি বা খনিজ দ্রব্যে গবর্ণমেণ্টের স্বত্বের ব্যাঘাত হইবে না।

গবর্ণমেণ্টের খনিগত স্বত্ব সংরক্ষণের কথা।

৩ ধারা। (১) রাজকীয় কার্য্যের নিমিত্ত কিম্বা কোন কোম্পানির নিমিত্ত ভূমির প্রয়োজন আছে, যখন স্থানীয় গবর্ণমেণ্ট ভূমিগ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনের ৬ ধারামতে এই বিজ্ঞাপন দেন, উক্ত গবর্ণমেণ্ট উচিত বোধ করিলে ঐ বিজ্ঞাপনে এইরূপ কথা সন্নিবেশ করিতে পারিবেন যে, যে বিষয়ের নিমিত্ত ভূমি গৃহীত হইতেছে তাহা নির্ব্বাহ করিতে উক্ত খনির বা খনিজ দ্রব্যের যে অংশ খনন করা বা উঠাইয়া লইয়া যাওয়া বা ব্যবহার করা আবশ্যক হয়, কেবল সেই অংশ ছাড়া উক্ত ভূমির বা তাহার বিশেষ কোন অংশের নিম্নস্থ পাথরিয়া কয়লার, লৌহ প্রস্তরের, স্লেটের বা অন্য খনিজ দ্রব্যের কোন খনির প্রয়োজন নাই।

খনির প্রয়োজন নাই ইহার বিজ্ঞাপন দিবার কথা।

(২) ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনের ৬ ধারামতে কোন ভূমি সম্বন্ধে ঐ বিজ্ঞাপনে পূর্ব্বোক্তরূপ কথা সন্নিবেশ করা না হইয়া থাকিলে, ও কালেক্টর সাহেবের বিবেচনায় এই আইনের বিধান ঐ ভূমির প্রতি বর্ত্তান উচিত হইলে, তিনি ভূমি গ্রহণ বিষয়ক উক্ত আইনের ১১ ধারামতে ঐ খনিজসম্বন্ধে ক্ষতিপূরণ দিবার প্রস্তাব করিতে ক্ষান্ত থাকিতে পারিবেন, এবং

(ক) ঐ আইনের ১৪ ধারামতে মীমাংসা করিবার সময়ে তদ্রূপ কথা তাঁহার মীমাংসাপত্রে সন্নিবেশ করিতে পারিবেন।

(খ) ঐ আইনের ১৫ ধারামতে আদালতে প্রশ্নার্পণ কালে তদ্রূপ কথা তাঁহার প্রশ্নার্পণপত্রে সন্নিবেশ করিতে পারিবেন, অথবা

(গ) ঐ আইনের ১৭ ধারামতে ঐ ভূমি দখল করিবার সময়ে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং যে প্রকারের নির্দ্দেশ করেন সেই প্রকারে তদ্রূপ কথা প্রকাশ করিতে পারিবেন।

(৩) ঐরূপ কোন কথা বিজ্ঞাপন, মীমাংসাপত্র অথবা প্রশ্নার্পণপত্রে সন্নিবেশ করা গেলে বা পূর্ব্বোক্তমতে প্রকাশ করা গেলে, পূর্ব্বোক্তরূপ অংশ ছাড়া ঐ কথাক্রমে নির্দ্দিষ্ট ভূমির বা ভূম্যংশের নিম্নস্থ পাথরিয়া কয়লার, লৌহ প্রস্তরের, স্লেটের বা অন্য খনিজ দ্রব্যের কোন খনি, উক্ত আইনক্রমে ভূমি তদ্রূপে বর্ত্তিলে, গবর্ণমেণ্টে বর্ত্তিবে না।

৪ ধারা। ঐরূপে গৃহীত কোন ভূমির নিম্নস্থিত কোন খনি বা খনিজ দ্রব্য যৎকালে যে ব্যক্তি সাক্ষাৎসম্বন্ধে লইয়া কার্য্য চালাইতে বা লইতে স্বত্ববান তিনি তাহার কার্য্য চালাইতে বা তাহা লইতে চাহিলে, আপনার উক্ত অভিপ্রায়ের লিখিত নোটিস কার্য্যারম্ভ করিবার ষাইট দিন পূর্ব্বে স্থানীয় গবর্ণমেণ্টকে দিবেন।

ভূমির নিম্নস্থ খনির কার্য্য চালাইবার পূর্ব্বে নোটিস দিতে হইবার কথা।

৫ ধারা। (১) পূর্ব্ব ধারামত নোটিস পাইবার পর কোন সময়ে বা সময়েং এবং উক্ত ষাইট দিন কাল গত হইবার পূর্ব্বেই হউক বা পরেই হউক, স্থানীয় গবর্ণমেণ্ট তদর্থে আপনার নিযুক্ত কোন ব্যক্তিদ্বারা উক্ত খনি বা খনিজ দ্রব্য পরিদর্শন করাইতে পারিবেন, এবং

খনির কার্য্যচলন নিবারণ বা নিয়মিত করিবার ক্ষমতার কথা।

(২) যদি স্থানীয় গবর্ণমেণ্টের বোধ হয় যে খনি বা তাহার কোন অংশের কার্য্য চালাইতে কিম্বা খনিজ দ্রব্য বা তাহার কোন অংশ লইতে গেলে ভূপৃষ্ঠের বা তদুপরিস্থ কোন বিষয়ের হানি হইবার সম্ভাবনা, তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব সময়েং যে প্রকারের নির্দ্দেশ করেন সেই প্রকারে নিম্নলিখিত কার্য্যের অন্যতর কার্য্য করিবার, অর্থাৎ,

(ক) যে খনির কার্য্য তখনও চালান হয় নাই বা যে খনিজ দ্রব্য তখনও লওয়া যায় নাই তাহার নিমিত্ত কিম্বা তাহার সেই অংশের নিমিত্ত তাহাতে যে ব্যক্তিদের স্বার্থ থাকে তাঁহাদিগকে ক্ষতিপূরণ দিবার, নতুবা

(খ) স্থানীয় গবর্ণমেণ্ট আপনার বিজ্ঞাপনে যে প্রকারের ও যেং নিয়মের নির্দ্দেশ করেন, সেই প্রকারে ও সেইং নিয়মাধীনে ঐ সকল খনির বা উহার কোন অংশের কার্য্য চালাইতে বা খনিজ দ্রব্য বা উহার কোন অংশ লইতে হইবে এই শর্ত্তে তদ্রূপ সকল ব্যক্তিকে ক্ষতিপূরণ দিবার,

ইচ্ছা জানাইয়া বিজ্ঞাপন প্রকাশ করিতে পারিবেন।

(৩) যদি (ক) দফার উল্লিখিত বিজ্ঞাপন দেওয়া যায়, তাহা হইলে তাহার পর কোন ব্যক্তি উক্ত সকল খনি বা তাহার অংশ বিশেষের কার্য্য চালাইবেন না কিম্বা খনিজ দ্রব্য বা তাহার ঐ অংশ লইবেন না।

(৪) যদি (খ) দফার উল্লিখিত বিজ্ঞাপন দেওয়া যায়, তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট যে প্রকারের ও যেং নিয়মের নির্দ্দেশ করেন, কেবল সেই প্রকারে ও সেইং নিয়মাধীনে না হইলে তাহার পর কোন ব্যক্তি উক্ত সকল খনি বা তাহার অংশবিশেষের কার্য্য চালাইবেন না কিম্বা খনিজ দ্রব্য বা তাহার ঐ অংশ লইবেন না।

স্বার্থযুক্ত ব্যক্তিদিগকে ও ক্ষতিপূরণের টাকা যে প্রকারে নিরূপণ করিতে হইবে তাহার কথা।

৬ ধারা। ৫ ধারামতে কোন খনির কার্য্যচলন অথবা খনিজ দ্রব্য লওন নিবারিত কি নিয়মিত হইলে, ঐ খনিতে বা খনিজ দ্রব্যে স্বার্থযুক্ত ব্যক্তিদিগকে ও তাহাদিগকে ক্ষতিপূরণের যে টাকা দেয় হয় তাহা ক্রমান্বয়ে ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনমতে গ্রহীতব্য ভূমিতে স্বার্থযুক্ত ব্যক্তিদিগকে ও তাঁহাদিগকে ক্ষতিপূরণের যে টাকা দেয় হয় তাহা নিরূপণ করণার্থ ঐ আইনের বিধানসম্মত প্রকারে আবশ্যক পরিবর্ত্তনাধীনে, নিরূপণ করা যাইবে।

স্থানীয় গবর্ণমেণ্ট ক্ষতিপূরণ দিবার প্রস্তাব না করিলে, উপযুক্ত প্রণালীতে খনির কার্য্য চালাইতে পারিবার কথা।

৭ ধারা। (১) যদি স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত ৬০ দিন অতীত হইবার পূর্ব্বে ৫ ধারার বিধানমতে বিজ্ঞাপন প্রকাশ না করেন, তবে ঐ বিজ্ঞাপন পরে প্রকাশ না করা গেলে যাবৎ প্রকাশ না করা যায় তাবৎ ঐ খনির স্বামী, পাট্টাদার বা দখীলকার খনির কার্য্য উপকারজনকরূপে চালাইতে হইলে তাহা যে প্রকারে চালান উচিত ও আবশ্যক সেই প্রকারে এবং খনি যে স্থানে থাকে তথায় উক্ত খনির কার্য্য সচরাচর যে প্রণালীতে চালান যায় সেই প্রণালীতে ঐ খনির বা উহার কোন অংশের কার্য্য চালাইতে পারিবেন।

(২) অনুপযুক্তরূপে খনির কার্য্য চালাইবার দরুণ ভূপৃষ্ঠের বা তদুপরিস্থ কোন বিষয়ের হানি বা বাধা হইলে, খনির স্বামী, পাট্টাদার বা দখীলকার অবিলম্বে আপন খরচে স্থলবিশেষের প্রয়োজনমতে ঐ হানি সারাইয়া দিবেন বা বাধা সরাইয়া দিবেন।

(৩) সারাইয়া বা সরাইয়া দিবার কার্য্য অবিলম্বে না করা গেলে, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট উচিত বোধ করিলে, স্বামী পাট্টাদার বা দখীলকার কর্ত্তৃক উক্ত কার্য্য হওবার অপেক্ষা না করিয়া, স্থানীয় গবর্ণমেণ্ট সেই কার্য্য সম্পাদন করিয়া তাহা করিতে যে খরচ পড়ে স্বামী, পাট্টাদার বা দখীলকারের স্থানে তাহা আদায় করিয়া লইতে পারিবেন।

খনির মধ্যস্থিত পথের কথা।

৮ ধারা। ৫ ধারামতে কোন খনির কার্য্য চালাওন নিবারিত বা নিয়মিত হইলে, যথাক্রমে ঐ খনির স্বামী, পাট্টাদার বা দখীলকার, যে খনির কার্য্য চালাওন নিবারিত বা নিয়মিত হইল যদি তাঁহাদের খনি তাহার উভয় পার্শ্বে প্রসারিত থাকে, তবে উক্ত যে খনি বা স্তরের কার্য্য চালাওন নিবারিত বা নিয়মিত হয় তাহার মধ্য দিয়া এইরূপ ও এতগুলি আবশ্যক বাতাসের পথ, ঊর্দ্ধপথ, প্রবেশের পথ বা জলনিঃসারণের পথ কাটিয়া করিয়া দিতে পারিবেন যাহাতে তাঁহারা আপনং উক্ত খনির বায়ুসঞ্চালন ও জলনিঃসারণ করিতে ও কার্য্য চালাইতে সক্ষম হন, কিন্তু এতদর্থে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেব যে আয়তন ও সেকসনের নির্দ্দেশ করেন তদ্রূপ কোন বাতাসের পথ, ঊর্দ্ধপথ, প্রবেশের পথ বা জলনিঃসারণের পথ তাহার অধিক আয়তন বা সেকসনের হইবে না ও যে স্থলে আয়তন তদ্রূপে নির্দ্দিষ্ট না হয়, সেই স্থলে চৌড়ায় ৮ ফুট ও উচ্চে ৮ ফুটের অধিক হইবে না, এবং উহা ভূপৃষ্ঠের বা বিষয়ের কোন অংশে কাটা বা করা যাইবে না বা এরূপে করিতে হইবে না যাহাতে ঐ ভূপৃষ্ঠের বা বিষয়ের হানি হয় বা উহার ব্যবহারের ব্যাঘাত হয়।

খনির হানি করা গেলে তজ্জন্য স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষতিপূরণ দিতে হইবার কথা।

৯ ধারা। যে খনির কার্য্য চালাওন নিবারিত বা নিয়মিত করা যায়, তাহার উভয় পার্শ্বে প্রসারিত উক্তরূপ কোন খনির স্বামী, পাট্টাদার বা দখীলকারকে স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত সকল খনির উপরিস্থিত ভূমি পৃথক করিয়া দেওন বশতঃ বা পূর্ব্বোক্ত মতে উক্ত সকল খনির ক্রমাগত কার্য্য চালাওন বন্ধ করণ বশতঃ কিম্বা উহার এরূপে ও এরূপ নিয়মাধীনে কার্য্য চালান যাইতেছে যাহাতে উপরিস্থিত ভূমি বা বিষয়ের হানি না হয় এই কারণ বশতঃ ও স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক গৃহীত হয় নাই এরূপ যে খনিজদ্রব্য পূর্ব্ব কএক ধারামতে অনুষ্ঠিত কার্য্য বশতঃ পাওয়া যাইতে পারে না তাহার নিমিত্ত তাঁহার যে অতিরিক্ত ব্যয় ও ক্ষতি হয় তজ্জন্য সময়েং টাকা দিবেন; এবং স্থানীয় গবর্ণমেণ্ট ও পূর্ব্বোক্তরূপ স্বামী, পাট্টাদার বা দখলীকারের মধ্যে ঐ সকল ক্ষতি বা ব্যয়ের পরিমাণ সম্বন্ধে যদি কোন বিবাদ বা প্রশ্ন উত্থিত হয়, তাহা হইলে ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনমতে যেরূপ ক্ষতি পূরণের টাকা সম্বন্ধীয় বিষয়ের নিষ্পত্তি করণার্থ যে কার্য্যপ্রণালীর বিধান হইয়াছে উক্ত বিবাদ বা প্রশ্ন যতদূর হইতে পারে সেই কার্য্যপ্রণালী অনুসারে নিষ্পত্তি করা যাইবে।

ও বাতাসের পথ বা অন্য কার্য্য জন্য হানি হইলে তন্নিমিত্ত ক্ষতিপূরণ দিতে হইবার কথা।

১০ ধারা। তদ্রূপ যে খনির কার্য্য চালাওন উক্তরূপে নিবারিত বা নিয়মিত হয়, তদুপরিস্থিত ভূমির স্বামী বা দখীলকার (তিনি ঐ খনির স্বামী, পাট্টাদার বা দখীলকার না হইলে) পূর্ব্বোক্তরূপ যে বাতাসের পথ কি অন্য কার্য্য বা তদ্রূপ যে কার্য্য পূর্ব্বোক্তমতে খনির কার্য্য চালাওন নিবারিত বা নিয়মিত করা না গেলে, করা আবশ্যক হইত না, তাহা করায় ক্ষতি বা হানিগ্রস্ত হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট উপরিস্থিত ভূমির উক্ত স্বামী বা দখীলকার

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১ ডিসেম্বর।]

তদ্রূপে যে ক্ষতি বা হানিগ্রস্ত হন তজ্জন্য তাঁহাকে সম্পূর্ণ ক্ষতিপূরণের টাকা দিবেন।

স্থানীয় গবর্ণমেণ্টের কার্য্যকারকের খনিতে প্রবেশ করিয়া তাহার কার্য্যচলন পরিদর্শন করিতে পারিবার কথা।

১১ ধারা। এই আইনের বিধানানুসারে গৃহীত ভূমির বা তদুপরিস্থ বিষয়ের হানি যাহাতে হয়, ঐ ভূমির নিম্নস্থিত কোন খনির কার্য্য তদ্রূপে চালান হইতেছে, হইয়াছে বা হইবার সম্ভাবনা আছে কিনা ইহা অধিকতর সুন্দররূপে নির্ণয় করিবার নিমিত্ত এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কোন কার্য্যকারক ২৪ ঘণ্টার লিখিত নোটিস দিবার পর ঐরূপ কোন খনিতে বা তৎসংক্রান্ত কোন বিষয়ে যাওয়া আসা করিতে পারিবেন; এবং তৎকার্য্য পক্ষে ঐরূপে নিযুক্ত কার্য্যকারক উক্ত খনির স্বামী, পাট্টাদার বা দখীলকারের কোন সরঞ্জাম বা যন্ত্র ব্যবহার করিতে পারিবেন, ও খনির যে অংশের কার্য্য চলিয়াছে, চলিতেছে বা চালাইবার উদ্যোগ হইতেছে গৃহীত ভূমির কোন স্থান হইতে তাহার দূরত্ব নিরূপণ করণার্থে সমুদয় আবশ্যক উপায় অবলম্বন করিতে পারিবেন।

পরিদর্শন করিতে দিতে অস্বীকার করিলে দণ্ডের কথা।

১২ ধারা। ঐরূপ কোন খনির বা বিষয়ের কোন স্বামী, পাট্টাদার বা দখীলকার তদর্থে স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কোন কার্য্যকারককে পূর্ব্বোক্ত প্রকারে ঐরূপ কোন খনিতে বা বিষয়ে প্রবেশ করিয়া পরিদর্শন করিতে দিতে অস্বীকার করিলে, তাঁহার ২০০৲ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে।

খনির কার্য্য এই আইনের বিধানের বিরুদ্ধে চালান গেলে, গৃহীত ভূমি নির্ব্বিঘ্ন করণার্থে উপায় অবলম্বন করিবার আদেশ স্থানীয় গবর্ণমেণ্টের দিতে পারিবার কথা।

১৩ ধারা। ঐরূপ কোন খনির কার্য্য এই আইনের বিধানের বিরুদ্ধে চালান গিয়াছে দেখা গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট উচিত বোধ করিলে, গৃহীত ভূমি ও তদুপরিস্থ বিষয় নির্ব্বিঘ্ন করণার্থে ও তাহার হানি নিবারণার্থে যেং বিষয় নির্ম্মাণ করা ও যেং উপায় অবলম্বন করা আবশ্যক বা উচিত হয়, সেইং বিষয় নির্ম্মাণ করিবার ও সেইং উপায় অবলম্বন করিবার নিমিত্ত উক্ত খনির স্বামী, পাট্টাদার বা দখীলকারকে নোটিস দিতে পারিবেন; এবং উক্ত নোটিস দেওয়া গেলে পর যদি ঐরূপ কোন স্বামী, পাট্টাদার বা দখীলকার গৃহীত ভূমি ও তদুপরিস্থ বিষয় নির্ব্বিঘ্ন করণার্থে আবশ্যক বিষয় অবিলম্বে নির্ম্মাণ করিতে প্রবৃত্ত না হন, তবে স্থানীয় গবর্ণমেণ্ট আপনি ঐ বিষয় নির্ম্মাণ করিয়া তাহার খরচ উক্ত স্বামী, পাট্টাদার বা দখীলকারের স্থানে আদায় করিয়া লইতে পারিবেন।

গৃহীত ভূমি কোন স্থানীয় কর্ত্তৃপক্ষকে বা কোম্পানিকে হস্তান্তর করিয়া দেওয়া গেলে আইনের অর্থকরণের কথা।

১৪ ধারা। কোন ভূমিসম্বন্ধে ৩ ধারামত কথা লেখা গেলে, এবং উক্ত ভূমি গবর্ণমেণ্ট কর্ত্তৃক গৃহীত হইয়া কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ বা কোম্পানিকে হস্তান্তর করিয়া দেওয়া গেলে বা আইনের কার্য্যক্রমে তৎপ্রতি বর্ত্তিলে, ৪ অবধি ১৩ পর্য্যন্ত ধারা এইরূপে পাঠ করিতে হইবে যে, ঐ ঐ ধারায় যেং স্থলে "স্থানীয় গবর্ণমেণ্ট" এই কথা আছে, সেইং স্থলে যেন "যে স্থানীয় কর্ত্তৃপক্ষ বা স্থলবিশেষে যে কোম্পানি ভূমি গ্রহণ করিয়াছেন সেই স্থানীয় কর্ত্তৃপক্ষ বা কোম্পানি" এই কথা দেওয়া হইয়াছে।

বিচারাধীন মোকদ্দমার কথা।

১৫ ধারা। (১) এই আইন বলবৎ হইবার সময়ে যে ভূমি গ্রহণার্থে ভূমিগ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনমত আনুষ্ঠানিক কার্য্য বিচারাধীন থাকে, কালেক্টর সাহেব ঐ সময়ের পূর্ব্বে ঐ ভূমি সম্বন্ধে ঐ আইনের ১৪ ধারামতে মীমাংসা বা ১৫ ধারামতে আদালতে প্রশ্নার্পণ না করিয়া থাকিলে বা ১৭ ধারামতে ঐ ভূমির দখল লইয়া না থাকিলে ঐ ভূমির প্রতি এই আইন বর্ত্তিবে।

(২) তদ্রূপ কোন ভূমিসম্বন্ধে কালেক্টর সাহেব উক্ত সময়ের পূর্ব্বে মীমাংসা বা প্রশ্নার্পণ করিয়া থাকিলে কিম্বা পূর্ব্বোক্তমতে উহার দখল লইলে, ও ঐ ভূমিতে স্বার্থযুক্ত বা ভূমিগ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনমতে স্বার্থযুক্ত ব্যক্তিদের হইয়া কার্য্য করিবার স্বত্ববান যে সকল ব্যক্তি ভূমিগ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনের ১১ অবধি ১৫ পর্য্যন্ত ধারামত আনুষ্ঠানিক কার্য্যচলন কালে উপস্থিত হইয়াছেন বা হন, তাঁহারা ঐ ভূমির প্রতি এই আইন বর্ত্তাইবার জন্য লিখিয়া সম্মতি দিলে, কালেক্টর সাহেব লিখিত আজ্ঞাক্রমে আদেশ দিতে পারিবেন যে ইহা তৎপ্রতি বর্ত্তিবে। তাহা হইলে এই আইন আনুষ্ঠানিক কার্য্যের আরম্ভাবধি বর্ত্তিয়াছে বলিয়া জ্ঞান করা যাইবে ও স্থলবিশেষে কালেক্টর সাহেব তাঁহার মীমাংসা বা প্রশ্নার্পণপত্রে এই আইনের ৩ ধারায় উল্লিখিত কথা সন্নিবেশ করিয়াছেন অথবা দখল লইবার সময়ে ঐ কথা নির্দ্দিষ্ট প্রকারে প্রকাশ করিয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে।

স্থানীয় কর্ত্তৃপক্ষ ও কোম্পানি শব্দের অর্থ।

১৬ ধারা। এই আইনে

(ক) "স্থানীয় কর্ত্তৃপক্ষ" বলিতে কোন মুনিসিপল কমিটী, জিলা বোর্ড, বন্দরের কমিশ্যনরগণ বা অন্য যে কর্ত্তৃপক্ষ আইনমতে কোন মুনিসিপল বা স্থানীয় তহবীলের অধ্যক্ষতা বা কার্য্য নির্ব্বাহ করিবার স্বত্ববান অথবা গবর্ণমেণ্ট হইতে ভার প্রাপ্ত হন সেই কর্ত্তৃপক্ষ বুঝাইবে; ও

(খ) "কোম্পানি" শব্দে কোম্পানি বিষয়ক যে কোন আইন ব্রিটিশ ভারতবর্ষে সময়েং বলবৎ থাকে তৎক্রমে রেজিষ্টরী করা অথবা পার্লিয়ামেণ্টের আইন অথবা রাজকীয় সনন্দ বা লেটর্স পেটেণ্টক্রমে স্থাপন করা কোম্পানি বুঝাইবে।

এই আইন ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনের সহিত একত্র পাঠ করিতে হইবার কথা।

১৭ ধারা। যৎকালে যে সকল আইন বলবৎ থাকে তাহার কার্য্যপক্ষে এই আইন ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের আইনের সহিত পঠিত ও উহার অংশ বলিয়া গণ্য হইবে।

ডি, ফিট্জপাট্রিক,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. & B.L.,
Bengali Translator.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১ ডিসেম্বর।]

গবর্ণমেণ্ট গেজেট

মঙ্গলবার, ১৮৮৫ সাল ১ ডিসেম্বর।

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার আইনের পাণ্ডুলিপি।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কার্য্যবিভাগ।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

নিম্নলিখিত আইনের পাণ্ডুলিপি ১৮৮৫ সালের ২২ অক্টোবর তারিখে আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের মন্ত্রিসভায় উপস্থিত করা হইয়াছে।—

১৮৮৫ সালের ১৮ নম্বর।

ভারতবর্ষীয় ট্রামওয়ে বিষয়ক ১৮৮৫ সালের আইনের পাণ্ডুলিপি।

সূচীপত্র।

উপক্রমণিকা।

The Indian Tramways Bill, 1885.

ধারা ।

ট্রামওয়ে বন্ধ করিবার কথা।

অনুষ্ঠানকারীর যোত্রহীনতার কথা।

ট্রামওয়ে ক্রয় করিবার কথা।

স্থানীয় কর্তৃপক্ষদের ট্রামওয়ের কার্য্য চালাইবার কথা।

বিধির কথা।

অপরাধের কথা।

বিবাদ নিষ্পত্তির কথা।

মাসুল আদায়ের কথা।

সংরক্ষণের কথা।

অতিরিক্ত বিধান।

ট্রামওয়ে প্রস্তুত করণের সুবিধা করিবার ও তাহার কার্য্য চালাইবার বিধান করিবার আইনের পাণ্ডুলিপি।

ট্রামওয়ে প্রস্তুত করণের সুবিধা করা ও তাহার কার্য্য চালাইবার বিধান করা বাঞ্ছনীয়। অতএব এতদ্বারা নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

উপক্রমণিকা।

১ ধারা। (১) এই আইন ভারতবর্ষীয় ট্রামওয়ে বিষয়ক ১৮৮৬ সালের আইন নামে খ্যাত হইতে পারিবে; এবং

সংক্ষেপ নাম ও আরম্ভ।

(২) ইহা অবিলম্বে বলবৎ হইবে।

২ ধারা। (১) মন্ত্রিসভাধিষ্ঠিত মান্দ্রাজের শ্রীযুত গবর্ণর, মন্ত্রিসভাধিষ্ঠিত বোম্বাইর শ্রীযুত গবর্ণর, এবং বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের শাসনাধীন দেশ ছাড়া ভারতবর্ষের সর্ব্বত্র এই আইন প্রথমতঃ বর্ত্তিবে।

স্থানীয় ব্যাপ্তি।

(২) কিন্তু মন্ত্রিসভাধিষ্ঠিত মান্দ্রাজের শ্রীযুত গবর্ণর সাহেব, মন্ত্রিসভাধিষ্ঠিত বোম্বাইর শ্রীযুত গবর্ণর সাহেব, কিম্বা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া আপন শাসনাধীন দেশের সমুদয় বা কোন স্থানে এই আইন প্রচলিত করিতে পারিবেন।

৩ ধারা। বিষয়ে বা পূর্ব্বাপর কথায় ভাবান্তর বোধ না হইলে, এই আইনে,

অর্থকরণের কথা।

(১) "স্থানীয় কর্ত্তৃপক্ষ" বলিতে মুনিসিপাল কমিটী, জিলা বোর্ড, বন্দরের কমিশ্যনরগণ, কিম্বা মুনিসিপাল বা স্থানীয় ফণ্ডের কর্ত্তৃত্ব বা কার্য্যাধ্যক্ষতা করিতে আইনমতে স্বত্ববান কিম্বা গবর্ণমেণ্টের স্থানে এরূপ কার্য্য করিবার ক্ষমতাপ্রাপ্ত অন্য কর্ত্তৃপক্ষ বুঝাইবে।

(২) যে পথ, রাস্তা অবাধবর্ত্ম, সরণি বা স্থান দিয়া বা পার হইয়া এই আইনসম্মত কোন ট্রামওয়ে স্থাপিত হয় বা হইবার অভিপ্রায় থাকে, "পথ" শব্দে তাহা বুঝাইবে, এবং তন্মধ্যে পথের পৃষ্ঠভাগ ও নিম্নস্থ জমা ও পদপথ ও নর্দ্দমা ও কোন পথের অংশস্বরূপ কোন সেতু, সাঁকো বা পুলও ধরা যাইবে।

(৩) কোন পথ সম্পর্কে "পথের কর্ত্তৃপক্ষ" বলিতে,

(ক) কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ ঐ পথ রক্ষা ও মেরামত করিলে, সেই কর্ত্তৃপক্ষ বুঝাইবে;

(খ) কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ ঐ পথ রক্ষা ও মেরামত না করিলে, এবং ঐ পথ শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি না বর্ত্তিলে, কিম্বা গবর্ণমেণ্ট কর্ত্তৃক রক্ষা ও মেরামত করা না গেলে, যে ব্যক্তির প্রতি ঐ পথ বর্ত্তে, সেই ব্যক্তিকে বুঝাইবে; এবং

(গ) কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ ঐ পথ রক্ষা ও মেরামত না করিলে, এবং উহা শ্রীশ্রীমতী মহারাণীর প্রতি বর্ত্তিলে, অথবা গবর্ণমেণ্ট কর্ত্তৃক রক্ষা ও মেরামত করা গেলে, স্থানীয় গবর্ণমেণ্টকে বুঝাইবে।

(৪) কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ বা পথের কর্ত্তৃপক্ষ সম্বন্ধে "চক্র" শব্দে উক্ত কর্ত্তৃপক্ষের কর্ত্তৃত্বাধীন স্থান বুঝাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১ ডিসেম্বর।]

(৫) "ট্রামওয়ে" বলিতে ট্রামওয়ে বা ট্রামওয়ের কোন অংশ বা ট্রামওয়ের কোন সাইডিং, ঘুরিবার স্থান, সংযোগ স্থল, লাইন বা পথ বুঝাইবে।

(৬) "আজ্ঞা" শব্দে এই আইনমত ট্রামওয়ে প্রস্তুত করণের ক্ষমতাদানসূচক আজ্ঞা বুঝাইবে, এবং সেই আজ্ঞার পরিবর্ত্তে অথবা তাহা সংশোধন করিয়া বা তাহার ব্যাপ্তি বাড়াইয়া বা তাহা কিয়ৎ পরিমাণে বদলাইয়া অন্য যে আজ্ঞা করা যায়, তাহাও বুঝাইবে।

(৭) যে কোন স্থানীয় কর্ত্তৃপক্ষের বা ব্যক্তির অনুকূলে আজ্ঞা করা যায়, "অনুষ্ঠানকারী" শব্দে সেই কর্ত্তৃপক্ষ বা ব্যক্তিকে বুঝাইবে, এবং ট্রামওয়ে প্রস্তুত, রক্ষা ও ব্যবহার করিবার সম্বন্ধে এই আইন ও উক্ত আজ্ঞাক্রমে ও এই আইনমতে প্রণীত বিধিক্রমে অনুষ্ঠানকারীর প্রতি যে সকল স্বত্ব ও দায় বর্ত্তে, সেই সকল স্বত্ব ও দায় যে কোন স্থানীয় কর্ত্তৃপক্ষের বা ব্যক্তির প্রতি বর্ত্তিয়াছে, সেই কর্ত্তৃপক্ষ ও ব্যক্তিকেও বুঝাইবে।

(৮) ট্রামওয়ের কার্য্যের উপযোগী অনুষ্ঠানকারীর যে সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি তিনি উক্ত কার্য্যের নিমিত্ত ব্যবহার করেন, "আনুষ্ঠানিক বিষয়" শব্দে তৎসমুদয় গণ্য হইবে।

(৯) কোন ট্রামওয়েতে বাষ্পীয় বল কিম্বা অন্য কোন যান্ত্রিক বল প্রয়োগ করা গেলে, উক্ত বল উৎপন্ন করিবার নিমিত্ত ট্রামওয়েতে যে কোন এঞ্জিন চালান যায়, "গাড়ী" শব্দে তাহাও বুঝাইবে।

(১০) ট্রামওয়ে ব্যবহার সম্বন্ধে যে কোন খরচা আদায় করা যাইতে পারে, "মাসুল" শব্দে তাহা গণ্য হইবে।

(১১) কোন ট্রামওয়ে ব্যবহার করিবার ও অনুমোদিত মাসুল চাহিবার ও লইবার স্বত্বের ইজারা যে ব্যক্তিকে দেওয়া যায়, "ইজারদার" শব্দে সেই ব্যক্তিকে বুঝাইবে।

(১২) এই আইনমত জিলার মাজিষ্ট্রেট সাহেবের সকল বা কোন ক্ষমতাক্রমে কোন স্থানীয় চক্রের মধ্যে কর্ম্ম করিবার ক্ষমতা স্থানীয় গবর্ণমেণ্ট নামোল্লেখে বা পদোপলক্ষে যে কোন কার্য্যকারকের প্রতি অর্পণ করেন, "জিলার মাজিষ্ট্রেট সাহেব" শব্দে সেই কার্য্যকারককেও বুঝাইবে।

(১৩) "কালেক্টর সাহেব" শব্দে কোন জিলার রাজস্বসংক্রান্ত কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত প্রধান কার্য্যকারককে বুঝাইবে, এবং এই আইনমত কালেক্টর সাহেবের ক্ষমতাক্রমে কোন স্থানীয় চক্রের মধ্যে কর্ম্ম করিবার ক্ষমতা স্থানীয় গবর্ণমেণ্ট নামোল্লেখে বা পদোপলক্ষে যে কোন কার্য্যকারকের প্রতি অর্পণ করেন, সেই কার্য্যকারককেও বুঝাইবে।

(১৪) "নির্দ্দিষ্ট" শব্দে এই আইনমতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রণীত বিধিক্রমে নির্দ্দিষ্ট বুঝাইবে।

ট্রামওয়ে প্রস্তুত করিবার ক্ষমতাদানসূচক আজ্ঞার কথা।

৪ ধারা। (১) (ক) যে পথ বা পথের অংশ দিয়া ট্রামওয়ে যাইবে, সেই পথের কর্ত্তৃপক্ষ চক্রের স্থানীয় কর্ত্তৃপক্ষ না হইলে, উক্ত পথ বা পথের অংশ সম্বন্ধে পথের কর্ত্তৃপক্ষের সম্মতি সহকারে স্থানীয় কর্ত্তৃপক্ষের প্রার্থনাক্রমে, কিম্বা

আজ্ঞা করিতে হইলে প্রার্থনার ও আবশ্যক সম্মতির কথা।

(খ) স্থানীয় কর্ত্তৃপক্ষের সম্মতি সহকারে এবং উক্ত কর্ত্তৃপক্ষ যে পথ বা পথের অংশ দিয়া ট্রামওয়ে যাইবে সেই পথের কর্ত্তৃপক্ষ না হইলে, উক্ত পথ বা পথের অংশ সম্বন্ধে পথের কর্ত্তৃপক্ষের সম্মতি সহকারে কোন ব্যক্তির প্রার্থনাক্রমে,

স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত চক্রে ট্রামওয়ে প্রস্তুত করিবার ক্ষমতাদানসূচক আজ্ঞা করিতে পারিবেন;

কিন্তু প্রস্তাবিত ট্রামওয়ের অংশবিশেষ যে ভূমি দিয়া যাইবে, তাহা কোন মুনিসিপালিটীর বা সেনানিবেশ স্থানের সীমান্তর্গত না হইলে, স্থানীয় গবর্ণমেণ্ট মন্ত্রি-সভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি পূর্ব্বে না লইয়া উক্ত আজ্ঞা করিবেন না।

(২) প্রার্থনা করা বা সম্মতি দেওয়া স্থানীয় কর্ত্তৃপক্ষ নির্দ্দিষ্ট প্রকারে অনুমোদন করিয়া না থাকিলে স্থানীয় কর্ত্তৃপক্ষ আজ্ঞা পাইবার নিমিত্ত প্রার্থনা করিবেন না, অথবা আজ্ঞা পাইবার নিমিত্ত কোন ব্যক্তি কর্ত্তৃক প্রার্থনা করিবার বিষয়ে সম্মতি দিয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে না।

কোন২ স্থলে স্থানীয় বা পথের কর্ত্তৃপক্ষের সম্মতি আবশ্যক না হইবার কথা।

৫ ধারা। দুই বা তদধিক চক্রে কোন ট্রামওয়ে স্থাপন করিবার প্রস্তাব করা গেলে, যদি চক্রবিশেষের কর্ত্তৃত্ব ভার-প্রাপ্ত স্থানীয় কর্ত্তৃপক্ষ বা পথের কর্ত্তৃপক্ষ তাহাতে সম্মত না হন, তাহা হইলে যদি স্থানীয় গবর্ণমেণ্ট অসম্মত কর্ত্তৃপক্ষের আপত্তি এবং উক্ত কর্ত্তৃপক্ষের চক্রে ট্রামওয়ে স্থাপন করিলে সাধারণের যে উপকার হইবার সম্ভাবনা, তাহা বিবেচনা করিয়া তথায় ট্রামওয়ে প্রস্তুত করা বিহিত বোধ করেন, তবে উক্ত চক্রে ট্রামওয়ে প্রস্তুত করিবার ক্ষমতাদানসূচক আজ্ঞা করিতে পারিবেন।

আজ্ঞা করিবার কার্য্য-প্রণালীর কথা।

৬ ধারা। (১) স্থানীয় গবর্ণমেণ্ট কোন প্রার্থনাপত্র পাইলে, তাহা বিবেচনা করিয়া দেখিবেন, এবং তৎক্রমে কার্য্যানুষ্ঠান করা উচিত বোধ করিলে, রাজকীয় গেজেটে এবং স্বার্থযুক্ত ব্যক্তিদিগকে সম্বাদ দিবার নিমিত্ত আর যে প্রকারে উপযুক্ত বোধ করেন, সেই প্রকারে ট্রামওয়ে প্রস্তুত করিবার ক্ষমতাদান-সূচক প্রস্তাবিত আজ্ঞার পাণ্ডুলেখ্য প্রকাশ করিবেন।

(২) ঐ পাণ্ডুলেখ্যের সহিত একটী নোটিস প্রকাশ করা যাইবে; তাহাতে এই কথা লেখা থাকিবে যে, প্রস্তাবিত আজ্ঞা সম্বন্ধে কোন ব্যক্তি যে কোন আপত্তি বা প্রস্তাব করিতে চাহেন, তাহা নোটিসের নির্দ্দিষ্ট তারিখে বা তৎপূর্ব্বে স্থানীয় গবর্ণমেণ্টের নিকট অর্পণ করা গেলে, গৃহীত ও বিবেচিত হইবে।

(৩) উক্ত নির্দ্দিষ্ট তারিখে বা তৎপূর্ব্বে পাণ্ডুলেখ্য সম্বন্ধে যে কোন আপত্তি বা প্রস্তাব করা যায়, তাহা বিবেচনা করিয়া দেখিয়া যদি স্থানীয় গবর্ণমেণ্টের এইরূপ মত হয় যে পরিবর্দ্ধন বা পরিবর্ত্তন সহকারে বা তদ্ব্যতীত অথবা কোন নিবন্ধন বা নিয়মাধীনে বা তদ্ব্যতিরেকে প্রার্থনা গ্রাহ্য করা উচিত, তাহা হইলে স্থির করিয়া আজ্ঞা করিতে পারিবেন।

(৪) ট্রামওয়ে প্রস্তুত করিবার ক্ষমতাদানসূচক প্রত্যেক আজ্ঞা রাজকীয় গেজেটে ইংরাজী ভাষায় ও অন্য কোন নির্দ্দিষ্ট ভাষা থাকিলে, সেই ভাষায় প্রকাশ করিতে হইবে, এবং উক্ত প্রকাশ করণই উক্ত আজ্ঞা এই ধারার আদেশমতে করা হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

আজ্ঞার মধ্যে যাহা২ থাকিবে, তাহার কথা।

৭ ধারা। (১) ৬ ধারামতে কোন আজ্ঞা করা গেলে, তাহাতে তন্নির্দ্দিষ্ট অনুষ্ঠান-কারীকে তন্নির্দ্দিষ্ট প্রকারে তল্লিখিত ট্রামওয়ে প্রস্তুত ও রক্ষা করিবার ক্ষমতা দেওয়া যাইবে, এবং যে সময়ের মধ্যে ট্রামওয়ে আরম্ভ করা যাইবে, ও যে সময়ের মধ্যে তাহা সম্পূর্ণ করিয়া সাধারণের বাণিজ্যার্থে খোলা যাইবে, তাহাও লেখা থাকিবে।

(২) উক্ত আজ্ঞাতে অন্যান্য বিষয়ের মধ্যে এই আইনসঙ্গত ভাবে নিম্নলিখিত সকল বা কোন বিষয়েরও বিধান থাকিবে, অর্থাৎ,

(ক) যে সময় অতীত হইবার পূর্ব্বে ট্রামওয়ে আরম্ভ করা যাইবে না, এবং যেং নিয়মাধীনে স্থানীয় কর্ত্তৃপক্ষ নিজে অনুষ্ঠানকারী না হইলে, উক্ত সময়ের মধ্যে উক্ত আনুষ্ঠানিক বিষয় সম্বন্ধে অথবা আপন চক্রের অন্তর্গত উক্ত বিষয়ের অংশ সম্বন্ধে অনুষ্ঠানকারীর স্থান গ্রহণ করিতে পারিবেন, এবং যে সময়ের মধ্যে ও যেং শর্ত্তে স্থানীয় কর্ত্তৃপক্ষ ট্রামওয়ে প্রস্তুত করা গেলে পর অনুষ্ঠানকারীকে উক্ত আনুষ্ঠানিক বিষয় অথবা আপন চক্রের অন্তর্গত উহার অংশ আপনার নিকট বিক্রয় করিবার আদেশ করিতে পারিবেন;

(খ) অনুষ্ঠানকারী ট্রামওয়ের কার্য্যের নিমিত্ত যে প্রকারে ভূমি গ্রহণ করিবেন, এবং গৃহীত ভূমি উক্ত কার্য্যে আর না লাগিলে, তাহা যে প্রকারে হস্তান্তর করিতে পারিবেন;

(গ) ট্রামওয়ে বা তাহার কোন অংশ প্রস্তুত বা রক্ষা করিবার নিমিত্ত যে২ নিয়মের অধীনে পথ খুলিতে ও ভাঙ্গিয়া ফেলিতে পারা যাইবে, এবং যে প্রণালীতে ও যে২ দ্রব্য দিয়া পথের পূর্ব্বাবস্থা করিয়া দিতে হইবে, এবং কার্য্যারম্ভের পূর্ব্বে স্থানীয় গবর্ণমেণ্ট বা পথের কর্ত্তৃপক্ষ প্রণালী ও দ্রব্য যে প্রকারে অনুমোদন করিবেন।

(ঘ) যে স্থলে সেতুর উপর দিয়া গাড়ী যাইবার পথ ট্রামওয়ের অংশস্বরূপ হইবে, অথবা যে স্থলে ট্রামওয়ে সমতলস্থ কোন রেলওয়ে বা অন্য কোন ট্রামওয়ে পার হওয়া যাইবে, সেই স্থলে যে২ নিয়মের অধীনে সেতুর উপর দিয়া বা রেলওয়ে বা ট্রামওয়ে পার করিয়া ট্রামওয়ে প্রস্তুত করা যাইতে পারিবে;

(ঙ) যে পথে ট্রামওয়ে প্রস্তুত করিতে হইবে, তাহার উভয় পার্শ্বে গাড়ী যাইবার পথের বহিঃপার্শ্ব ও ট্রামওয়ের নিকটস্থ রেল এই উভয়ের মধ্যে সামান্যতঃ যে ব্যবধান থাকিবে, এবং যে২ নিয়মের অধীনে অল্পতর ব্যবধানের অনুমতি দেওয়া যাইতে পারিবে;

(চ) যে মানে ট্রামওয়ে করিতে হইবে, যে রেল ব্যবহার করিতে হইবে ও যে প্রণালীতে ও যে সমতলে ঐ রেল স্থাপন ও রক্ষা করিতে হইবে, এবং রেলে, তাহার অবস্থানে ও তন্নিম্নস্থ আধারে স্থানীয় গবর্ণমেণ্ট যে উৎকর্ষ-সাধনের আদেশ করেন, অনুষ্ঠানকারির যে প্রকারে সেই উৎকর্ষসাধন গ্রহণ করিয়া প্রয়োগ করিতে হইবে;

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২ ডিসেম্বর।]

(ছ) ট্রামওয়ে যে বা যে২ পথ দিয়া যায়, তাহার যে অংশ অনুষ্ঠানকারীর মেরামত করিয়া রাখিতে হইবে, ঐ বা ঐ২ পথের উক্ত অংশ স্থানীয় গবর্ণমেণ্টের বা পথের কর্ত্তৃপক্ষের বা উভয়ের সন্তোষজনক ভাবে অনুষ্ঠানকারীর যে প্রকারে রক্ষা করিতে হইবে, এবং স্থানীয় গবর্ণমেণ্ট সাধারণের নির্ব্বিঘ্নতা ও সুবিধা নিমিত্ত ট্রামওয়ের যে২ উৎকর্ষসাধন আবশ্যক বা বাঞ্ছনীয় জ্ঞান করেন, স্থানীয় গবর্ণমেণ্টের আদেশক্রমে সময়ে২ তাহা গ্রহণ করিয়া প্রয়োগ করিবার এবং ঐ বা ঐ২ পথের ভবিষ্যতে যে কোন পরিবর্ত্তন করা যায়, তাহার উপযোগী করিয়া ট্রামওয়ের অবস্থান বা সমতল পরিবর্ত্তন করিবার বিষয়ে অনুষ্ঠানকারীর যে দায়িত্ব থাকিবে;

(জ) ট্রামওয়ে প্রস্তুত বা রক্ষা করিতে অনুষ্ঠানকারী যে দ্রব্য খুড়িয়া তুলেন, তাহা যে প্রকারে প্রয়োগ করিতে হইবে;

(ঝ) আজ্ঞায় যাহা২ নির্দ্দিষ্ট ও অনুমোদিত হয়, তদতিরিক্ত ট্রামওয়ের কার্য্য ভাল করিয়া চালাইবার নিমিত্ত সময়ে২ আবশ্যক বা সুবিধাজনক যে২ ক্রসিং, পাসিং প্লেস, সাইডিং, জংসন ও অন্য বিষয়ের বিধান করিতে হইবে;

(ঞ) ট্রামওয়ের অধিকৃত ভূমিতে যে সকল মলনালা, নর্দ্দমা, টেলিগ্রাফের তার কিম্বা গ্যাসের বা জলের নল থাকে, তৎসম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট, স্থানীয় কর্ত্তৃপক্ষ, পথের কর্ত্তৃপক্ষ বা কোন ব্যক্তি সময়ে২ যে২ ক্ষমতা চালাইতে পারিবেন; ঐ২ ক্ষমতা চালাইবার অভিপ্রায়ে নোটিস দিতে হইলে যে নোটিস দিতে হইবে; যে প্রকারে ঐ২ ক্ষমতা চালাইতে হইবে; এবং ঐ২ ক্ষমতা চালাইতে গিয়া যে পরিমাণে ট্রামওয়ের উপর ও তদ্দ্বারা বাণিজ্যের উপর হস্তক্ষেপ করা যাইতে পারিবে;

(ট) যে২ নিয়মের অধীনে অনুষ্ঠানকারী সময়ে২ মলনালা বা প্রধান নর্দ্দমা ভিন্ন নর্দ্দমার কিম্বা টেলিগ্রাফের তারের কিম্বা গ্যাসের কিম্বা জলের নলের উপর হস্তক্ষেপ করিতে পারিবেন, অথবা তাহার অবস্থান পরিবর্ত্তন করিতে বা পরিবর্ত্তন করিবার আদেশ দিতে পারিবেন;

(ঠ) ট্রামওয়ের কোন অংশ যে পথে স্থাপিত হইয়াছিল, কোন কার্য্যের দ্বারা সেই পথের পরিবর্ত্তন ঘটায়, ট্রামওয়ের ঐ অংশ উঠাইয়া ফেলা গেলে, বা উহার ব্যবহার বন্ধ হইয়া থাকিলে, ঐ অংশের পরিবর্ত্তে কিয়ৎকালীন ট্রামওয়ের যে বিধান করিতে হইবে;

(ড) ট্রামওয়ের উপর যে বেগবল প্রয়োগ করিতে হইবে, এবং যে২ নিয়মের অধীনে বাষ্পীয় বল বা অন্য কোন যান্ত্রিক বল প্রয়োগ করা যাইতে পারিবে;

(ঢ) ট্রামওয়ের উপর যে২ গাড়ী ব্যবহার করিতে হইবে, তাহা যে প্রকারের ও যে আয়তনের হইবে ও তাহার আসবাব ও সাজ সরঞ্জাম যে প্রকারের হইবে, এবং স্থানীয় গবর্ণমেণ্টের বা স্থানীয় কর্ত্তৃপক্ষের কার্য্যকারকেরা তাহার যেরূপ পরিদর্শন ও পরীক্ষা করিবেন, এবং স্থানীয় গবর্ণমেণ্ট গাড়ীতে ও তাহার আসবাব ও সাজ সরঞ্জামে যেরূপ উৎকর্ষসাধন করা সাধারণের নির্ব্বিঘ্নতা ও সুবিধা নিমিত্ত আবশ্যক বা বাঞ্ছনীয় জ্ঞান করেন, স্থানীয় গবর্ণমেণ্টের আদেশক্রমে তাহা গ্রহণ করিয়া প্রয়োগ করিতে অনুষ্ঠানকারীর বা ইজারদারের যে দায়িত্ব থাকে;

(ণ) যে দ্রব্যাদি ট্রামওয়েতে লইয়া যাওয়া যাইতে পারিবে, যে দ্রব্যাদি অনুষ্ঠানকারী বা ইজারদার লইয়া যাইতে বাধ্য থাকিবেন, এবং যে দ্রব্যাদি তিনি লইয়া যাইতে অস্বীকার করিতে পারিবেন; অনুষ্ঠানকারী বা ইজারদার যে২ মাসুল আদায় করিতে পারিবেন, ও স্থানীয় গবর্ণমেণ্ট নিয়মিত কালান্তরে তাহার যে সংশোধন করিবেন, এবং দ্রব্যাদি লইয়া যাইবার ও মাসুল আদায় করিবার যে বিধান করিতে হইবে;

(ত) স্থানীয় কর্ত্তৃপক্ষ আপন গাড়ী লইয়া নির্দ্দিষ্ট কার্য্যের নিমিত্ত নির্দ্দিষ্ট ঘণ্টার মধ্যে বিনা মাসুলে ট্রামওয়ের যে ব্যবহার করিতে পারিবেন এবং আপন বাড়ী ও ট্রামওয়ের মধ্যে যাতায়াত করণার্থ আবশ্যক সাইডিং ও অন্য বিষয় নির্ম্মাণ করিবার যে ক্ষমতা উক্ত স্থানীয় কর্ত্তৃপক্ষের থাকিবে;

(থ) যে২ নিয়মের অধীনে অনুষ্ঠানকারী আনুষ্ঠানিক বিষয় বা তাহার কোন অংশ বিক্রয়, বন্ধক, পাট্টা বা বিনিময়ক্রমে বা প্রকারান্তরে হস্তান্তর করিতে পারিবেন; এবং যে২ নিয়মের অধীনে স্থানীয় কর্ত্তৃপক্ষ হস্তান্তরক্রমে গ্রহীতা হইতে পারিবেন;

(দ) আইনের বা আজ্ঞার আদেশমতে অনুষ্ঠানকারীর যে কোন কর্ম্ম করিতে হইবে, তাহা যে স্থলে স্থানীয় গবর্ণমেণ্ট বা স্থানীয় কর্ত্তৃপক্ষ বা পথের কর্ত্তৃপক্ষ করিবেন; এবং

(ধ) আজ্ঞায় যে কোন নিয়ম বা আদেশ থাকে, অনুষ্ঠানকারী বা ইজারদার তদনুসারে কার্য্য না করিলে, যে দণ্ড হইবে, এবং দণ্ডের টাকা আদায় হইলে তাহা যেরূপে প্রয়োগ করিতে হইবে।

(৩) যে ট্রামওয়ের অনুষ্ঠানকারী কোন কোম্পানী নহেন, সেই ট্রামওয়ের নিমিত্ত ভূমি গ্রহণার্থ আজ্ঞার বিধান করিবার সময়ে স্থানীয় গবর্ণমেণ্ট এইরূপ আদেশ করিতে পারিবেন যে, কোন কোম্পানী অনুষ্ঠানকারী হইলে, ট্রামওয়ের কার্য্যপক্ষে যে প্রকারে ও যে২ নিয়মের অধীনে ভূমি গ্রহণ করা যাইতে পারে, সেই প্রকারে ও সেই২ নিয়মাধীনে ভূমিগ্রহণবিষয়ক ১৮৭০ সালের আইনের বিধানমতে অনুষ্ঠানকারীর নিমিত্ত ভূমি গ্রহণ করা যায়।

(৪) (ক) কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ যে ট্রামওয়ের অনুষ্ঠানকারী, তৎসম্বন্ধে এই নিয়ম আজ্ঞায় উহ্য থাকিবে যে, তাহার ইজারা কেবল এই আইনের নির্দ্দিষ্ট প্রকারে দেওয়া যাইবে; এবং

(খ) কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ যে ট্রামওয়ের অনুষ্ঠানকারী নহেন, তৎসম্বন্ধে আজ্ঞায় এই নিয়ম উহ্য থাকিবে যে, তাহার ইজারায় কেবল ব্যবহার করিবার ও অনুমোদিত মাসুল চাহিবার ও লইবার স্বত্ব দেওয়া হইবে, এবং ট্রামওয়ে প্রস্তুত বা রক্ষা করিবার সম্বন্ধীয় অনুষ্ঠানকারীর কোন ক্ষমতা বা কর্ত্তব্যভার ইজারদারের প্রতি প্রদত্ত হইবে না।

অন্য আজ্ঞার কথা।

৮ ধারা। (১) অনুষ্ঠানকারীর প্রার্থনাক্রমে স্থানীয় গবর্ণমেণ্ট অন্য এক আজ্ঞা দিয়া আজ্ঞা রহিত, সংশোধন বা পরিবর্ত্তন করিতে বা তাহার ব্যাপ্তি বৃদ্ধি করিতে পারিবেন।

(২) যে প্রকারে ও যেই নিয়মের অধীনে আজ্ঞা পাইবার প্রার্থনা করা হয়, অন্য এক আজ্ঞা পাইবার প্রার্থনাও সেই প্রকারে ও সেইই নিয়মের অধীনে করা যাইবে।

(৩) স্থানীয় গবর্ণমেণ্ট আপন বিবেচনামতে সেই প্রার্থনা গ্রাহ্য বা অগ্রাহ্য করিতে পারিবেন।

(৪) প্রার্থনা গ্রাহ্য করিলে, উক্ত গবর্ণমেণ্ট যে প্রকারে আজ্ঞা করেন সেই প্রকারে সেই অন্য আজ্ঞা করিবেন; প্রভেদ এই যে, প্রার্থনাপত্রে স্বত্ব, ক্ষমতা ও শক্তির যে পরিবর্দ্ধন বা পরিবর্ত্তন চাহা হয়, তাহা অথবা তৎসংক্রান্ত নিয়ম বা নির্বন্ধন অনুষ্ঠানকারী লিখিত সম্মতি ব্যতিরেকে ঐ অন্য আজ্ঞা দ্বারা করা বা ধার্য্য করা যাইবে না।

স্থানীয় কর্তৃপক্ষদের দ্বারা সংস্পৃষ্টভাবে কার্য্য হইবার অনুমতি দিতে পারিবার কথা।

৯ ধারা। (১) এই আইনের বিধানাধীনে ও তদনুসারে স্থানীয় গবর্ণমেণ্ট সংস্পৃষ্ট প্রার্থনাক্রমে অথবা দুই বা অধিক স্বতন্ত্র প্রার্থনাক্রমে স্থির করিয়া দুই বা তদধিক স্থানীয় কর্তৃপক্ষকে সংস্পৃষ্টভাবে কোন ট্রামওয়ের সমস্ত প্রস্তুত করিবার অথবা স্বতন্ত্রভাবে তাহার ভিন্নই অংশ প্রস্তুত করিবার ও সংস্পৃষ্ট বা স্বতন্ত্রভাবে তৎসমস্ত বা তাহার অংশের মালিক হইবার ক্ষমতাদানসূচক আজ্ঞা করিতে পারিবেন।

(২) ট্রামওয়ে প্রস্তুত করণ সম্বন্ধীয় এই আইনের সমুদয় বিধান উক্ত ট্রামওয়ের সমস্ত ও তাহার স্বতন্ত্রই অংশ প্রস্তুত করণের প্রতি বিস্তৃত হইয়া বর্ত্তিবে, এবংস্থল বিশেষের অবস্থা বিবেচনায় আজ্ঞার আকার পরিবর্ত্তন করা যাইতে পারিবে।

আজ্ঞার প্রদত্ত ক্ষমতা রহিত হইবার কথা।

১০ ধারা। (১) আজ্ঞাক্রমে ও ট্রামওয়ের প্রস্তুত করিবার ক্ষমতাপ্রাপ্ত অনুষ্ঠানকারী যদি

(ক) আজ্ঞার নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ট্রামওয়ে প্রস্তুত করণ কার্য্য বস্তুতঃ আরম্ভ না করেন, অথবা

(খ) উহা প্রস্তুত করিতে আরম্ভ করিয়াও স্থানীয় গবর্ণমেণ্ট যাহা স্থগিত রাখিবার উপযুক্ত কারণ বিবেচনা করেন, তদ্রূপ কারণ বিনা ঐ প্রস্তুত করণকার্য্য স্থগিত করেন, কিম্বা

(গ) আজ্ঞার নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ট্রামওয়ে সম্পূর্ণ করিয়া সাধারণের বাণিজ্যার্থে না খুলেন, তাহা হইলে নিম্নলিখিত ফল হইবে, অর্থাৎ,

১ম, স্থানীয় গবর্ণমেণ্ট লিখিয়া বিশেষ আজ্ঞা দিয়া সময় বাড়াইয়া না দিলে, কিম্বা স্থগিত করণে সম্মতি না দিলে, আজ্ঞাক্রমে অনুষ্ঠানকারার প্রতি ট্রামওয়ে প্রস্তুত করিবার ও তৎসংক্রান্ত অন্য কিছু করিবার যে ক্ষমতা প্রদত্ত হয়, সেই ক্ষমতা ট্রামওয়ের যে অংশ তৎকালে সম্পূর্ণ হইয়া থাকে, সেই অংশ ছাড়া অন্য অংশ সম্বন্ধে রহিত হইবে,

২য়, ট্রামওয়ের যে অংশ তৎকালে সম্পূর্ণ হইয়া থাকে, সেই অংশ সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট আজ্ঞার প্রদত্ত ক্ষমতা থাকিবার অনুমতি দিতে বা না দিতে পারিবেন;

৩য়, স্থানীয় গবর্ণমেণ্ট উক্ত ক্ষমতা থাকিবার অনুমতি না দিলে, তৎকালে ট্রামওয়ের যে অংশ সম্পূর্ণ হইয়া থাকে, সেই অংশ সম্বন্ধে ট্রামওয়ে বন্ধ হইবার সম্বন্ধীয় এই আইনের বিধানমতে স্থানীয় গবর্ণমেণ্ট আপনার সন্তোষমতে যে ট্রামওয়ে বন্ধ হইবার প্রমাণ পান, তদ্রূপ ট্রামওয়ে বলিয়া কার্য্য করা যাইবে।

(২) বিজ্ঞাপনের নির্দ্দিষ্ট তারিখে কোন ট্রামওয়ে প্রস্তুত করণ কার্য্য বস্তুতঃ আরম্ভ করা হয় নাই, অথবা ট্রামওয়ে সম্পূর্ণ করিয়া সাধারণের বাণিজ্যার্থে খোলা হয় নাই, কিম্বা ট্রামওয়ে প্রস্তুত করণ কার্য্য উপযুক্ত কারণ বিনা স্থগিত করা হইয়াছে, স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করিলে, সেই বিজ্ঞাপন এই ধারার কার্য্যপক্ষে তল্লিখিত বিষয়ের সিদ্ধান্ত প্রমাণ হইবে।

ট্রামওয়ে প্রস্তুত ও রক্ষা করিবার কথা।

ট্রামওয়ে প্রস্তুত করিবার প্রণালীর কথা।

১১ ধারা। আজ্ঞায় যে প্রকারের বিধান থাকে ট্রাম-ওয়ে সেই প্রকারে প্রস্তুত ও রক্ষা করিতে হইবে।

ট্রামওয়ে খুলিবার পূর্ব্বে পরিদর্শনের কথা।

১২ ধারা। কোন ট্রামওয়ে বা ট্রামওয়ের অংশ কিম্বা বর্দ্ধিত বা সংযুক্ত অংশ এতদর্থে স্থানীয় গবর্ণমেণ্টে নিযুক্ত কোন ইঞ্জিনিয়র দেখিয়া উহা সাধারণ বাণিজ্য কার্য্যের উপযোগী বলিয়া সর্টিফিকেট না দিলে, উহা উক্ত কার্য্যার্থে খোলা হইবে না।

পথ মেরামত সম্বন্ধে পথের কর্তৃপক্ষের ও অনুষ্ঠানকারার মধ্যে নিয়মের কথা।

১৩ ধারা। যে পথ দিয়া কোন ট্রামওয়ে যায়, পথের কর্তৃপক্ষ ও অনুষ্ঠানকারী সময়েই সেই সমস্ত পথ বা তাহার কোন অংশ মেরামত করিয়া রাখিবার সম্বন্ধে এবং উক্ত পথ বা অংশ মেরামত করিয়া রাখিবার খরচ তাঁহাদের প্রত্যেকের যেরূপ হারহারিমতে দিতে হইবে, তৎসম্বন্ধে নিয়ম করিতে পারিবেন।

ট্রামওয়ের বাণিজ্যের কথা।

ট্রামওয়ের উপর অনুষ্ঠানকারীদের ও সাধারণের স্বত্বের কথা।

১৪ ধারা। (১) কোন ট্রামওয়ের অনুষ্ঠানকারী এই ধারার ২ প্রকরণের বিধানের এবং এই আইনের ও আজ্ঞার অন্যান্য বিধানের নিয়মাধীনে ট্রামওয়ের উপর ফাঙ্গজ্‌হুইলওয়ালা অর্থাৎ বিটতোলা চাকাযুক্ত অথবা ট্রামওয়েতে ব্যবহার করিতে হইবে বলিয়া আজ্ঞার লিখিত প্রকারের রেলের উপর দিয়া চলিবার উপযোগী অন্যরূপ চাকাযুক্ত গাড়ী চালাইবার নিমিত্ত উক্ত ট্রামওয়ে অনন্যসাধারণভাবে ব্যবহার করিবেন।

কিন্তু কোন ট্রামওয়ে বা রেলওয়ে ব্যবহার করিবার ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির যদি এরূপ স্বত্ব থাকে যে, ঐ ট্রামওয়ের বা রেলওয়ের রেলের উপর দিয়া চলিবার উপযোগী চাকাযুক্ত গাড়ী এই আইনমতে প্রস্তুত কোন ট্রামওয়ের উপর দিয়া আড়ভাবে লইয়া যাইতে পারিবেন, তাহা হইলে এই আইনের কিম্বা আজ্ঞার কিম্বা এই আইনমতে প্রণীত কোন বিধির কোন কথাক্রমে সেই স্বত্বের কোন বিঘ্ন হইবে না।

(২) যে পথ দিয়া বা পার হইয়া কোন ট্রামওয়ে গিয়াছে, সেই পথের কোন অংশ দিয়া বা পার হইয়া

বিশিষ্টতোলা চাকাযুক্ত নহে, অথবা ট্রামওয়ের রেলের উপর দিয়া চলিবার উপযোগী চাকাবিশিষ্ট নহে, এরূপ গাড়ীতে ট্রামওয়ের উপর দিয়া বা নিকট দিয়া যাইবার স্বত্ব সাধারণের থাকিবে। কিন্তু

(ক) যে ভূমি অনন্যসাধারণ ভাবে অধিকার করিবার স্বত্ব অনুষ্ঠানকারী প্রাপ্ত হইয়াছেন, সেই ভূমির উপর ট্রামওয়ে প্রস্তুত করা গেলে, তৎপ্রতি এই প্রকরণ বর্ত্তিবে না, এবং

(খ) যদি স্থানীয় গবর্ণমেন্ট বুঝেন যে, সাধারণের সুবিধার ব্যাঘাত হইবে না, তাহা হইলে আজ্ঞা দিয়া পথের পৃষ্ঠ দেশের উপরে উত্থিত রেলদ্বারা পথের কোন অংশে ট্রামওয়ে প্রস্তুত করিবার অনুমতি দিতে পারিবেন।

অনুষ্ঠানকারী বা ইজারদার মাসুল আদায় করিতে পারিবেন, তাহার কথা।

১৫ ধারা। (১) অনুষ্ঠানকারী বা ইজারদার ট্রামওয়ে সম্বন্ধে আজ্ঞাক্রমে নির্দ্দিষ্ট বা নির্ণেয় সীমার অনধিক মাসুল চাহিতে ও লইতে পারিবেন, অথবা আজ্ঞায় এবিষয়ের কোন বিধান না থাকিলে অনুষ্ঠানকারী বা ইজারদার স্থানীয় গবর্ণমেন্টের অনুমতি গ্রহণপূর্ব্বক সময়ে২ যে পরিমাণ মাসুল ধার্য্য করেন, তাহা চাহিতে ও লইতে পারিবেন।

(২) যে সকল মাসুল আদায় করিবার অনুমতি থাকে তাহার তালিকা জিলার মাজিষ্ট্রেট সাহেব যেং ভাষার আদেশ করেন, সেইং ভাষায় লিখিয়া ট্রামওয়েতে ব্যবহৃত প্রত্যেক গাড়ীর ভিতরের ও বাহিরের কোন সুপ্রকাশ স্থানে দেখাইতে হইবে।

আশঙ্কাজনক বা দুর্গন্ধজনক মাল লইয়া যাইবার কথা।

১৬ ধারা। (১) কোন ব্যক্তি কোন আশঙ্কাজনক বা দুর্গন্ধজনক মাল এই আইনমতে প্রস্তুত কোন ট্রামওয়ে দিয়া লইয়া যাইতে, অথবা লইয়া যাইবার আদেশ দিতে পারিবেন না।

(২) যে কোন ব্যক্তি ট্রামওয়ে দিয়া এরূপ মাল লইয়া যান, তিনি গাড়ীতে প্রবেশ করিবার পূর্ব্বে গাড়ীর অধ্যক্ষতা ভারপ্রাপ্ত অনুষ্ঠানকারীর বা ইজারদারের চাকরের নিকট ঐ মাল যে প্রকারের তাহার নোটিস দিবেন।

(৩) যে ব্যক্তি ট্রামওয়ে দিয়া এরূপ মাল পাঠান, তিনি ঐ মাল যে বাক্সপ্রভৃতির ভিতর থাকে, তাহা বহির্ভাগে স্পষ্ট করিয়া ঐ মাল যে প্রকারের তাহা লিখিবেন, অথবা ঐ মাল ট্রামওয়ে দ্বারা পাঠাইবার নিমিত্ত অনুষ্ঠানকারীর বা ইজারদারের যে চাকরের নিকট রাখিয়া আসেন, সেই চাকরকে প্রকারান্তরে লিখিত নোটিস দিবেন।

(৪) অনুষ্ঠানকারীর বা ইজারদারের কোন চাকর কোন বাক্সপ্রভৃতিতে আশঙ্কাজনক বা দুর্গন্ধজনক মাল আছে সন্দেহ করিলে, ঐ বাক্সপ্রভৃতি ট্রামওয়ে দিয়া লইয়া যাইতে অস্বীকার করিতে পারিবেন; এবং এরূপ কোন বাক্সপ্রভৃতি ট্রামওয়ে দিয়া লইয়া যাইবার নিমিত্ত গৃহীত হইয়া থাকিলে, যাবৎ উহার ভিতর কি প্রকারের দ্রব্য আছে এ বিষয়ে আপনার হৃদ্বোধ না জন্মে, তাবৎ উহা চালান করা বন্ধ রাখিতে পারিবেন।

ট্রামওয়ে ব্যবহার করিবার লাইসেন্সের কথা।

কোন২ কারণে ট্রামওয়ে ব্যবহার করিবার লাইসেন্স তৃতীয় পক্ষদিগকে দিবার কথা।

১৭ ধারা। কোন চক্রে সাধারণের বাণিজ্যার্থে কোন ট্রামওয়ে বা ট্রামওয়ের অংশ তিন বৎসর খোলা গেলে পর কোন সময়ে যদি ঐ চক্রের স্থানীয় কর্তৃপক্ষ স্থানীয় গবর্ণমেন্টের নিকট লিখিয়া এইরূপ বর্ণনা করেন যে, সাধারণে উক্ত ট্রামওয়ে বা ট্রামওয়ের অংশ হইতে সম্পূর্ণ উপকার প্রাপ্ত হইতেছেন না, তাহা হইলে স্থানীয় গবর্ণমেন্ট যেরূপ অনুসন্ধান লওয়া আবশ্যক বিবেচনা করেন, সেইরূপ অনুসন্ধান লইয়া উক্ত বর্ণনার সত্যতা সম্বন্ধে আপনার হৃদ্বোধ জন্মিলে, কোন ব্যক্তিকে এই আইন ও আজ্ঞা ও এই আইনমতে প্রণীত বিধি অনুসারে ট্রামওয়ে ব্যবহার করিবার লাইসেন্স দিতে পারিবেন; কিন্তু নিম্নলিখিত বিধান মান্য করিতে হইবে, যথা,

(ক) উক্ত লাইসেন্স লাইসেন্সের তারিখ অবধি এক বৎসরের কম না হয়, কিম্বা তিন বৎসরের অধিক না হয়, এরূপ কালের জন্য দিতে হইবে, কিন্তু স্থানীয় গবর্ণমেন্ট আপন বিবেচনামতে উহা নূতন করিয়া দিতে পারিবেন

(খ) উক্ত লাইসেন্স সাধারণের বাণিজ্যার্থে খোলা সমস্ত ট্রামওয়ে ব্যবহার করিবার জন্য অথবা লাইসেন্স দিবার কারণের প্রতি দৃষ্টি রাখিয়া স্থানীয় গবর্ণমেন্ট যেরূপ উচিত বোধ করেন, তদনুসারে ঐ ট্রামওয়ের কোন এক বা অধিক অংশ ব্যবহার করিবার জন্য দেওয়া যাইবে;

(গ) লাইসেন্সে এইং কথা বিশেষ করিয়া লেখা থাকিবে, যথা, লাইসেন্সধারী ট্রামওয়ের উপর যত খান গাড়ী চালাইবেন, যে প্রকারে ও যেং সময়ে ঐ সকল গাড়ী চালাইতে হইবে, ট্রামওয়ে ব্যবহার করিবার নিমিত্ত অনুষ্ঠানকারীকে বা ইজারদারকে লাইসেন্সধারীর যেং মাসুল দিতে হইবে, এবং অনুষ্ঠানকারী বা ইজারদার তৎকালে যেং মাসুল আদায় করিতে পারেন, তদ্রূপ যে মাসুল লাইসেন্সধারী তাঁহার গাড়ী ব্যবহার নিমিত্ত চাহিতে ও লইতে পারিবেন;

(ঘ) লাইসেন্সধারী এবং তাঁহার কর্ম্মচারীরা ও চাকরেরা তদর্থে অনুষ্ঠানকারীর বা ইজারদারের স্থানে উপযুক্তরূপে ক্ষমতাপ্রাপ্ত এক ব্যক্তিকে সমস্ত পথ বা তাহার কিয়দংশ ট্রামওয়ের উপর চালিত লাইসেন্সধারীর প্রত্যেক গাড়ীর ভিতর বা উপর বিনা মাসুলে যাইতে দিবেন; এবং

(ঙ) স্থানীয় গবর্ণমেন্ট লাইসেন্স রহিত, পরিবর্ত্তন বা রূপান্তর করিবার যে কোন কারণ উপযুক্ত জ্ঞান করেন, সেই কারণে উক্ত লাইসেন্স রহিত, পরিবর্ত্তন বা রূপান্তর করিতে পারিবেন।

অনুষ্ঠানকারীকে বা ইজারদারকে লাইসেন্সধারীর বাণিজ্যের হিসাব দিবার কথা।

১৮ ধারা। এতদর্থে অনুষ্ঠানকারীর বা ইজারাদারের স্থানে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ম্মচারী বা চাকর চাহিলে, লাইসেন্সধারী ট্রামওয়ের উপর যে কোন বা প্রত্যেক গাড়ী ব্যবহার করেন, তাহাতে যে আরোহী লইয়া যান, তাহাদের সংখ্যা ও যে সকল মাল লইয়া যান, তাহার সংখ্যা বা পরিমাণ লিখিয়া লাইসেন্সধারীর স্বাক্ষরিত একটী ঠিক হিসাব উক্ত কর্ম্মচারী বা চাকরকে দিবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ১ ডিসেম্বর।

ট্রামওয়ে বন্ধ করিবার কথা।

১৯ ধারা। সাধারণের বাণিজ্যার্থে কোন ট্রামওয়ে খুলিবার পর কোন সময়ে স্থানীয় গবর্ণমেন্টের মতে ট্রামওয়ে বন্ধ করিবার যাহা উপযুক্ত কারণ হয়, তদ্রূপ কারণ বিনা উক্ত ট্রামওয়ের বা উহার কোন অংশের কার্য্য তিন মাস কাল বন্ধ করা হইয়াছে, স্থানীয় গবর্ণমেন্টের হৃদ্বোধমতে ইহা সপ্রমাণ হইলে, উক্ত স্থানীয় গবর্ণমেন্ট উচিত বোধ করিলে, রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া প্রকাশ করিতে পারিবেন যে, ঐরূপে যে ট্রামওয়ে বা ট্রামওয়ের অংশ বন্ধ করা হইয়াছে, তৎসম্বন্ধে অনুষ্ঠানকারী ও ইজারদার থাকিলে ইজারদারের ক্ষমতা বিজ্ঞাপনের তারিখ অবধি বিলুপ্ত হইবে। তাহা হইলে এই আইনের বিহিত প্রকারে স্থানীয় কর্ত্তৃপক্ষ যে পরিমাণে ঐ ক্ষমতা ক্রয় করিয়া লইতে পারেন, তদ্ব্যতীত উক্ত ক্ষমতা রহিত ও বিলুপ্ত হইবে।

ট্রামওয়ে বন্ধ করা গেলে অনুষ্ঠানকারী ও ইজারদারের ক্ষমতা রহিত হইবার কথা।

২০ ধারা। (১) ১৯ ধারামতে কোন বিজ্ঞাপন প্রকাশ করা গেলে, পথের কর্ত্তৃপক্ষ বিজ্ঞাপনের তারিখ অবধি দুই মাস অতীত হইবার পর কোন সময়ে উক্তরূপে বন্ধ থাকা ট্রামওয়ে বা ট্রামওয়ের অংশ উঠাইয়া ফেলিয়া তাহার উপাদান পথের পূর্ব্বাবস্থা করিবার নিমিত্ত ব্যবহার করিতে পারিবেন।

অনুষ্ঠানকারীর ক্ষমতা রহিত হইলে পথের কর্ত্তৃপক্ষের ক্ষমতার কথা।

(২) ট্রামওয়ে বা তাহার অংশ উঠাইয়া ফেলিতে ও পথের পূর্ব্বাবস্থা করিতে পথের কর্ত্তৃপক্ষের যে খরচ পড়ে, অনুষ্ঠানকারী উক্ত কর্ত্তৃপক্ষকে সেই খরচ দিবেন।

(৩) পথের কর্ত্তৃপক্ষের এক জন কর্ম্মচারী খরচের সর্টিফিকেট দিবেন, এবং তাঁহার সর্টিফিকেটে জেলার মাজিষ্ট্রেট সাহেব ক্রোড় স্বাক্ষর করিলে, ঐ সর্টিফিকেট যে খরচ পড়িয়াছে, তৎসম্বন্ধে সিদ্ধান্ত প্রমাণ হইবে।

(৪) অনুষ্ঠানকারীর নিকট ঐ সর্টিফিকেট বা তাহার নকল দিলে পর তিনি এক মাস মধ্যে ঐ সর্টিফিকেটমত টাকা না দিলে, পথের কর্ত্তৃপক্ষ উক্ত টাকা আদায়ের নিমিত্ত অন্য যে উপায় অবলম্বন করিতে পারেন, তাহার বিঘ্ন না করিয়া ও অনুষ্ঠানকারীকে পূর্ব্বে কোন নোটিস না দিয়া, উঠাইয়া ফেলা ট্রামওয়ে বা ট্রামওয়ের অংশের যে উপাদান পথের পূর্ব্বাবস্থা করিতে ব্যবহার করেন নাই তাহা প্রকাশ্য নীলামে বা আপোষে যে ব্যক্তির বা ব্যক্তিদের নিকট মত টাকা লইয়া উচিত বোধ করেন, বিক্রয় করিয়া হস্তান্তর করিতে পারিবেন; এবং বিক্রয়োৎপন্ন টাকা হইতে পূর্ব্বোক্ত খরচের ও বিক্রয়ের খরচার টাকা দিতে ও লইতে পারিবেন, এবং বিক্রয়োৎপন্ন টাকার কিছু অবশিষ্ট থাকিলে, অনুষ্ঠানকারীকে দিবেন।

অনুষ্ঠানকারীর যোত্রহীনতার কথা।

২১ ধারা। (১) কোন চক্রে সাধারণের বাণিজ্যার্থে কোন ট্রামওয়ে খুলিবার পর কোন সময়ে ঐ চক্রের পথের কর্ত্তৃপক্ষের বা স্থানীয় কর্ত্তৃপক্ষের যদি এরূপ বোধ হয় যে, ট্রামওয়ের অনুষ্ঠানকারী যোত্রহীন বলিয়া ট্রামওয়ে রক্ষা করিতে কিম্বা সাধারণের সুবিধামত চালাইতে অক্ষম, এবং যদি ঐরূপ কোন কর্ত্তৃপক্ষ স্থানীয় গবর্ণমেন্টের নিকট সেই মর্ম্মের বর্ণনা করেন, তাহা হইলে স্থানীয় গবর্ণমেন্ট যেরূপ অনুসন্ধান লওয়া আবশ্যক বিবেচনা করেন, সেই রূপ অনুসন্ধান লইবার পর উক্ত বর্ণনার সত্যতা সম্বন্ধে আপনার হৃদ্বোধ জন্মিলে, রাজকীয় গেজেটে বিজ্ঞাপন দিয়া প্রকাশ করিতে পারিবেন যে, উক্ত বিজ্ঞাপন প্রকাশিত হইবার সময়াবধি ৬ মাস অতীত হইলে, অনুষ্ঠানকারীর ক্ষমতা বিলুপ্ত হইবে; এবং এই আইনের বিহিত প্রকারে স্থানীয় কর্ত্তৃপক্ষ উক্ত ক্ষমতা যে পরিমাণে ক্রয় করিয়া লইতে পারেন, তদ্ভিন্ন অনুষ্ঠানকারীর ক্ষমতা উক্ত কাল গত হইলে রহিত ও বিলুপ্ত হইবে।

অনুষ্ঠানকারী যোত্রহীন হইলে কার্য্যপ্রণালীর কথা।

(২) ১ প্রকরণমতে বিজ্ঞাপন প্রকাশ করা গেলে, পথের কর্ত্তৃপক্ষ উক্ত বিজ্ঞাপনের তারিখ অবধি ৬ মাস অতীত হইবার পর কোন সময়ে ২০ ধারামতে ট্রামওয়ে উঠাইবার বেলা যেরূপ ঘটে, সর্ব্বতোভাবে সেইরূপে ও উঠাইবার খরচা দিবার সম্বন্ধে সেইরূপ বিধানের নিয়মাধীনে ও খরচা আদায়ের সেইরূপ উপায় অবলম্বন করিয়া উক্ত ট্রামওয়ে উঠাইয়া ফেলিতে পারিবেন।

ট্রামওয়ে ক্রয় করিবার কথা।

২২ ধারা। (১) কোন চক্রে ট্রামওয়ের অনুষ্ঠানকারী স্থানীয় কর্ত্তৃপক্ষ না হইলে, স্থানীয় কর্ত্তৃপক্ষ স্থানীয় গবর্ণমেন্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক

স্থানীয় কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক আনুষ্ঠানিক বিষয় ভবিষ্যতে ক্রয় করিবার কথা।

(ক) আজ্ঞায় এতদর্থে যে সময় লিখিত থাকে সেই সময়ের মধ্যে, কিম্বা

(খ) আজ্ঞায় কোন সময় লিখিত না থাকিলে আজ্ঞার তারিখ অবধি ২১ বৎসর গত হইবার পর ৬ মাসের মধ্যে ও পরবর্ত্তী প্রত্যেক ৭ বৎসর গত হইবার পর ৬ মাসের মধ্যে, কিম্বা

(গ) ১৯ ধারামত বিজ্ঞাপন প্রকাশিত হইবার পর ২ মাসের মধ্যে কিম্বা ২১ ধারামত বিজ্ঞাপন প্রকাশিত হইবার পর ৬ মাসের মধ্যে,

লিখিত নোটিস দিয়া অনুষ্ঠানকারীর প্রতি এই আদেশ দিতে পারিবেন যে, তিনি স্থানীয় কর্ত্তৃপক্ষের নিকট আপনার আনুষ্ঠানিক বিষয় অথবা উক্ত স্থানীয় কর্ত্তৃপক্ষের চক্রের অন্তর্গত ঐ বিষয়ের অংশ বিক্রয় করেন। তাহা হইলে অনুষ্ঠানকারী আজ্ঞার লিখিত শর্ত্তে ঐ বিষয় বিক্রয় করিবেন, অথবা আজ্ঞায় শর্ত্ত লিখিত না থাকিলে, ঐ আনুষ্ঠানিক বিষয়ের বা উহার অংশের তাৎকালিক মূল্য দিবার শর্ত্তে বিক্রয় করিবেন; তদতিরিক্ত আনুষ্ঠানিক বিষয়ের ভূত বা ভবিষ্যৎ মুনফা বিবেচনায় কোন টাকা অথবা বলপূর্ব্বক বিক্রয় হেতুক বা অন্য কারণে ক্ষতিপূরণ পাইবেন।

(২) ১ প্রকরণমত আদেশ করণ স্থানীয় কর্ত্তৃপক্ষ নির্দ্দিষ্ট প্রকারে অনুমোদন না করিলে, ঐ আদেশ করা যাইবে না।

(৩) এই ধারামতে বিক্রয় করা গেলে, বিক্রীত আনুষ্ঠানিক বিষয় বা তাহার অংশ সম্বন্ধীয় অনুষ্ঠানকারীর সমুদয় স্বত্ব, ক্ষমতা ও শক্তি কিম্বা ১৯ বা ২১ ধারামতে বিজ্ঞাপন প্রকাশ করা গিয়া থাকিলে, বিক্রীত আনুষ্ঠানিক বিষয় বা তাহার অংশ সম্বন্ধে বিজ্ঞাপন প্রকাশিত

হইবার পূর্ব্বের অনুষ্ঠানকারীর অনুরূপ স্বত্ব, ক্ষমতা ও শক্তি, যে কর্ত্তৃপক্ষের নিকট আনুষ্ঠানিক বিষয় বা তাহার অংশ বিক্রীত হইয়াছে, সেই কর্ত্তৃপক্ষের প্রতি হস্তান্তরিত হইয়া এই আইনমত আজ্ঞাক্রমে উক্ত কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক ট্রামওয়ে প্রস্তুত করা গেলে, যেরূপে বর্ত্তিত সেইরূপে বর্ত্তিবে ও তদনুসারে উক্ত কর্ত্তৃপক্ষ কার্য্য করিতে পারিবেন।

(৪) এই ধারায় পূর্ব্বে যে বিধান করা গেল, তাহার নিয়মাধীনে ও তদনুসারে দুই বা তদধিক স্থানীয় কর্ত্তৃপক্ষ সংস্পৃষ্টভাবে কোন আনুষ্ঠানিক বিষয় অথবা আপনাদের চক্রের অন্তর্গত তাহার অংশ ক্রয় করিতে পারিবেন।

স্থানীয় কর্ত্তৃপক্ষদের ট্রামওয়ের কার্য্য চালাইবার কথা।

২৩ ধারা। (১) কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ আজ্ঞানুযায়ী ক্ষমতাক্রমে কোন ট্রামওয়ে সম্পূর্ণ করিলে, অথবা এই আইনের বা কোন আজ্ঞার বিধানমতে কোন ট্রামওয়ের অধিকার গ্রহণ করিলে, স্থানীয় গবর্ণমেন্টের অনুমোদিত পাট্টাক্রমে ট্রামওয়ে ব্যবহার করিবার ও অনুমোদিত মাসুল চাহিবার ও লইবার স্বত্ব কোন ব্যক্তির নিকট ইজারা দিতে পারিবেন।

স্থানীয় কর্ত্তৃপক্ষ কর্ত্তৃক ট্রামওয়ে ইজারা দিবার বা তাহার কার্য্য চালাইবার কথা।

(২) কোন ইজারা শেষ হইলে, স্থানীয় কর্ত্তৃপক্ষ সময়ে২ ঐ স্বত্ব স্থানীয় গবর্ণমেণ্ট অতিরিক্ত যতকাল ও যে২ নিয়ম অনুমোদন করেন, সেই কালের নিমিত্ত সেই নিয়মাধীনে ইজারা দিতে পারিবেন।

(৩) এই ধারামত প্রত্যেক ইজারায় এইরূপ নিয়ম আছে বুঝিতে হইবে যে ইজারা দিবার পর কোন সময়ে স্থানীয় গবর্ণমেণ্টের বুদ্ধো মতে যদি ইহা সপ্রমাণ হয় যে, স্থানীয় গবর্ণমেণ্ট ট্রামওয়ে বন্ধ করিবার যাহা উপযুক্ত কারণ বিবেচনা করেন, তদ্রূপ কারণ বিনা ইজারাদার ইজারা দেওয়া ট্রামওয়ের বা তাহার কোন অংশের কার্য্য তিন মাস কাল বন্ধ রাখিয়াছেন, তাহা হইলে ইজারা দেওয়া সম্পত্তিতে পুনঃ প্রবেশ করা যাইবে।

(৪) স্থানীয় কর্ত্তৃপক্ষের ইজারা দিবার অভিপ্রায়ের নোটিস নির্দ্দিষ্ট প্রকারে দিতে হইবে।

(৫) স্থানীয় কর্ত্তৃপক্ষ ট্রামওয়ের নিমিত্ত যাহা উপযুক্ত খাজানা বিবেচনা করেন, ইজারা দিয়া তাহা পাইতে না পারিলে, স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক উক্ত গবর্ণমেণ্ট যে কালের আদেশ করেন, সেই কালের নিমিত্ত নিজে ট্রামওয়েতে গাড়ী রাখিতে ও চালাইতে পারিবেন ও গাড়ীর ব্যবহার উপলক্ষে অনুমোদিত মাসুল চাহিতে ও লইতে পারিবেন।

বিধির কথা।

২৪ ধারা। (১) এই আইনমতে স্পষ্টতঃ বা ভাবতঃ বিধি প্রণয়ন করিবার অন্য যে কোন ক্ষমতা প্রদত্ত হইয়া থাকে, তদতিরিক্ত স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনের সঙ্গত করিয়া নিম্নলিখিত বিষয় সম্বন্ধে বিধি প্রণয়ন করিতে পারিবেন, অর্থাৎ,

বিধি প্রণয়ন করিবার ক্ষমতার কথা।

(ক) যে পাঠে আজ্ঞা পাইবার প্রার্থনা করিতে হইবে, তৎসম্বন্ধে;

(খ) আজ্ঞার নিমিত্ত প্রার্থকের যে খরচা দিতে হইবে এবং যে সময়ে ও যে স্থানে ঐ খরচা দিতে হইবে, তৎসম্বন্ধে;

(গ) ৬ ধারার (২) প্রকরণমতে আজ্ঞা প্রকাশিত হইবার কিম্বা ৮ ধারামতে অন্য আজ্ঞা করিবার পূর্ব্বে জামানতস্বরূপ প্রার্থকের যে টাকা দিতে বা সিকুরিটী দাখিল করিতে হইবে; ঐরূপ প্রদত্ত টাকা যেরূপে খাটাইতে হইবে; ঐরূপে যে টাকা বা সিকুরিটী দেওয়া, দাখিল করা বা খাটান যায় সময়ে২ তাহার প্রাপ্য সুদ বা ডিবিডেণ্ড লইয়া যেরূপে কার্য্য করিতে হইবে; অনুষ্ঠানকারীর কোন দায় শোধ করিবার নিমিত্ত ঐ টাকা বা সিকুরিটী বা তদুৎপন্ন টাকা যেরূপে প্রয়োগ করিতে হইবে, এবং উক্ত টাকা বা সিকুরিটী যেরূপে দণ্ড করা, শোধ করা বা ফিরাইয়া দেওয়া যাইবে, তৎসম্বন্ধে;

(ঘ) আজ্ঞা পাইবার প্রার্থকদের বা অনুষ্ঠানকারীদের যে২ নকশা ও কাগজের সেক্‌শন দাখিল করিতে হইবে, তৎসম্বন্ধে;

(ঙ) কোন ট্রামওয়েতে বাষ্পীয় বল বা অন্য কোন যান্ত্রিক বল প্রয়োগের বিধান সম্বন্ধে;

(চ) ৭ ধারার (২) প্রকরণের (গ), (ঘ), (ঙ), (ঞ) ও (ট) দফায় যে কোন বিষয় আজ্ঞাতে নির্দ্দিষ্ট হইতে পারিবার বিষয় বলিয়া লিখিত থাকে, উহাতে সেই বিষয়ের বিধান করা না হইয়া থাকিলে, কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের বিবেচনায় সেই বিষয়ের কার্য্যকর বিধান করা না হইয়া থাকিলে, তৎসম্বন্ধে;

(ছ) যে কোন বিষয়ের বিধি এই ধারামতে কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ বা অনুষ্ঠানকারী যাহাতে তাহার প্রণয়ন করিতে পারেন, তৎসম্বন্ধে; এবং

(জ) সাধারণতঃ অন্য যে বিষয় বা বস্তু সম্বন্ধে এই আইন কার্য্যে পরিণত করণার্থ বিধি প্রণয়ন করা স্থানীয় গবর্ণমেণ্টের বিহিত বোধ হয়, তৎসম্বন্ধে;

(২) কোন স্থানীয় কর্ত্তৃপক্ষ সময়ে২ স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক এই আইন ও আজ্ঞার সহিত ও এই আইনমতে স্থানীয় গবর্ণমেণ্টের প্রণীত বিধির সহিত সঙ্গত করিয়া নিম্নলিখিত বিষয়ের, অর্থাৎ,

(ক) উক্ত স্থানীয় কর্ত্তৃপক্ষের চক্রের অন্তর্গত কোন ট্রামওয়েতে যত বেগে গাড়ী চালাইতে হইবে, তাহার;

(খ) ট্রামওয়েতে জন্তুবল প্রয়োগ করিবার;

(গ) যে ব্যবধানে ট্রামওয়ে ব্যবহারকারী গাড়ীর একখানির পর আর একখানি যাইতে দেওয়া হইবে, তাহার;

(ঘ) ট্রামওয়ে ব্যবহারকারী গাড়ী থামাইবার;

(ঙ) যে২ পথ দিয়া বা পার হইয়া ট্রামওয়ে যায়, সেই২ পথের বাণিজ্যের;

(চ) কোন গাড়ীতে যতজন আরোহী লইয়া যাওয়া যাইতে পারিবে, তাহার;

(ছ) অনুষ্ঠানকারীর বা ইজারাদারের বা লাইসেন্সধারীর গাড়ীর ভারপ্রাপ্ত ড্রাইবর, চালক ও অন্য ব্যক্তিদের লাইসেন্স দিবার ও তত্ত্বাবধান করিবার; এবং

(জ) সাধারণতঃ, ট্রামওয়ে যে প্রকারে ব্যবহার করিতে হইবে, তাহার, বিধান করণার্থে বিধি প্রণয়ন করিতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১ ডিসেম্বর।]

(৩) ট্রামওয়ের অনুষ্ঠানকারী বা ইজারদার সময়েং স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণ পূর্ব্বক এই আইনের ও আজ্ঞার ও এই আইনমতে প্রণীত বিধির সহিত সঙ্গত করিয়া,

(ক) তাঁহার কোন গাড়ীর ভিতরে বা উপরে অথবা তাঁহার বাটীর ভিতরে বা পার্শ্বে মলমূত্র ত্যাগ করা নিবারণার্থ, এবং

(খ) তাঁহার কোন গাড়ীতে গমনাগমনের বিধান করণার্থ,

বিধি প্রণয়ন করিতে পারিবেন।

বিধিক্রমে দণ্ড ধার্য্য করিবার ক্ষমতার কথা।

২৫ ধারা। যে কর্তৃপক্ষ ২৪ ধারামতে কোন বিধি প্রণয়ন করেন, সেই কর্তৃপক্ষ এই রূপ আদেশ করিবেন যে ঐ বিধি লঙ্ঘন করিলে,

(ক) বিধিপ্রণয়নকারী কর্তৃপক্ষ স্থানীয় গবর্ণমেণ্ট হইলে, দুই শত টাকা পর্য্যন্ত, এবং

(খ) উক্ত কর্তৃপক্ষ স্থানীয় কর্তৃপক্ষ বা অনুষ্ঠানকারী বা ইজারদার হইলে, বিশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবে; এবং ক্রমাগত লঙ্ঘন হইতে থাকিলে প্রথম দিনের পর যত দিন লঙ্ঘন হইতে থাকে, তাহার দিন প্রতি,

(গ) বিধিপ্রণয়নকারী কর্তৃপক্ষ স্থানীয় গবর্ণমেণ্ট হইলে, পঞ্চাশ টাকা পর্য্যন্ত, এবং

(ঘ) উক্ত কর্তৃপক্ষ স্থানীয় কর্তৃপক্ষ বা অনুষ্ঠানকারী বা ইজারদার হইলে, পাঁচ টাকা পর্য্যন্ত,

অতিরিক্ত অর্থ দণ্ড হইতে পারিবে।

বিধি প্রণয়ন ও প্রকাশ করিবার কার্য্যপ্রণালীর কথা।

২৬ ধারা। (১) এই আইনের কোন ধারামতে বিধি প্রণয়নের ক্ষমতা যে কোন কর্তৃপক্ষের থাকে, সেই কর্তৃপক্ষ বিধি প্রণয়ন করিবার পূর্ব্বে তদ্দ্বারা যে ব্যক্তিদের স্পৃষ্ট হইবার সম্ভাবনা তাঁহাদের অবগতি নিমিত্ত প্রস্তাবিত বিধির এক পাণ্ডুলেখ্য প্রকাশ করিবেন।

(২) স্থানীয় গবর্ণমেণ্টের প্রণীত বিধি হইলে, স্বার্থযুক্ত ব্যক্তিদিগকে সংবাদ দিবার নিমিত্ত উক্ত গবর্ণমেণ্টের বিবেচনায় যাহা উপযুক্ত বোধ হয় সেই প্রকারে, এবং স্থানীয় কর্তৃপক্ষের বা অনুষ্ঠানকারীর বা ইজারদারের প্রণীত বিধি হইলে, নির্দ্দিষ্ট প্রকারে ঐ প্রকাশকরণ কার্য্য করা যাইবে।

(৩) ঐ পাণ্ডুলেখ্যের সহিত এক নোটিস প্রকাশ করিতে হইবে; তাহাতে প্রকাশ করণের তারিখের পর এক মাস অতীত হইবার পূর্ব্বে না হয় এরূপ এক তারিখ উল্লিখিত থাকিবে। সেই তারিখে বা তাহার পর উক্ত পাণ্ডুলেখ্য বিবেচনা করিয়া দেখা যাইবে।

(৪) ঐ উল্লিখিত তারিখের পূর্ব্বে পাণ্ডুলেখ্য সম্বন্ধে কোন ব্যক্তি যে কোন আপত্তি বা প্রস্তাব করেন, তাহা উক্ত কর্তৃপক্ষ গ্রহণ করিয়া বিবেচনা করিবেন।

(৫) এই আইনমতে প্রণীত বলিয়া কোন বিধি রাজকীয় গেজেটে প্রকাশ করা গেলে, ঐ প্রকাশ করণই ঐ বিধি যথানিয়মে প্রণীত হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে।

(৬) কোন স্থানীয় কর্তৃপক্ষ বা অনুষ্ঠানকারী বা ইজারদার ২৪ ধারামতে যে কোন বিধি প্রণয়ন করেন, স্থানীয় গবর্ণমেণ্ট তাহা রহিত করিতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১ ডিসেম্বর।]

অপরাধের কথা।

অনুষ্ঠানকারী, ইজারদার বা লাইসেন্সধারী আইন বা আজ্ঞা অনুসারে না চলিলে দণ্ডের কথা।

২৭ ধারা। কোন অনুষ্ঠানকারী

(ক) আজ্ঞা অনুসারে না হইয়া প্রকারান্তরে কোন ট্রামওয়ে প্রস্তুত বা রক্ষা করিলে;

(খ) ১২ ধারার আদিষ্ট প্রকারে কোন ট্রামওয়ে দেখিয়া সার্টিফিকেট দিবার পূর্ব্বে ঐ ট্রামওয়ে বাণিজ্যের জন্য খুলিলে বা খুলিবার অনুমতি দিলে; কিম্বা

(গ) আজ্ঞায় যে আদেশ বা নিয়ম উপেক্ষা বা লঙ্ঘনের জন্য স্পষ্ট দণ্ডের বিধান নাই, আজ্ঞার সেই আদেশ বা নিয়ম পালন না করিলে;

অথবা কোন অনুষ্ঠানকারী, ইজারদার বা লাইসেন্সধারী আজ্ঞা অনুসারে না হইয়া প্রকারান্তরে ট্রামওয়ে দিয়া গাড়ী চালাইলে,

(এই আইনের কিম্বা আজ্ঞার আদেশ বিশেষরূপে পালন করাইবার পক্ষে কিম্বা দেওয়ানী আদালতে তাঁহার বিরুদ্ধে যে কোন প্রতিকার পাওয়া যাইতে পারে তাহার কোন হানি ব্যতিরেকে), তদ্দ্বারা যাঁহার অনিষ্ট হইয়াছে সেই স্থানীয় গবর্ণমেণ্টের বা স্থানীয় কর্তৃপক্ষের বা পথের কর্তৃপক্ষের বা ব্যক্তির নালিশক্রমে, তাঁহার দুইশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে, এবং ক্রমাগত অপরাধ হইতে থাকিলে প্রথম দিনের পর যত দিন অপরাধ হইতে থাকে তাহার দিন প্রতি আর পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

আপন ক্ষমতাক্রমে কার্য্যকালে অনুষ্ঠানকারীকে বাধা দিলে দণ্ডের কথা।

২৮ ধারা। অনুষ্ঠানকারীর কোন ট্রামওয়ে প্রস্তুত বা রক্ষা করিবার যে ক্ষমতা থাকে, তদনুসারে আইনমতে কার্য্য করিয়া তিনি অনুমতি দিলে, সেই অনুমতিক্রমে কর্ম্মকারী কোন ব্যক্তিকে কোন ব্যক্তি আইনমত হেতু বিনা ইচ্ছাপূর্ব্বক বাধা দিলে, কিম্বা ট্রামওয়ের লাইন আরম্ভ করিবার নিমিত্ত যে কোন চিহ্ন দেওয়া যায় তাহার হানি করিলে বা তাহা নষ্ট করিলে, তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে। আইনমত হেতু যে ছিল, ইহা প্রমাণ করিবার ভার তাঁহার উপরই বর্ত্তিবে।

ট্রামওয়েতে প্রতিবন্ধকতা করিলে দণ্ডের কথা।

২৯ ধারা। কোন ব্যক্তি আইনমত হেতু বিনা (ঐ হেতুর প্রমাণ ভার তাঁহারই উপর বর্ত্তিবে) যদি ইচ্ছাপূর্ব্বক নিম্নলিখিত কোন কার্য্য করেন, অর্থাৎ,

(ক) এই আইনমতে প্রস্তুত কোন ট্রামওয়ের কিম্বা তৎসংক্রান্ত বিষয়ের কোন অংশের প্রতিবন্ধকতা করেন বা তাহা উঠাইয়া ফেলেন বা পরিবর্ত্তন করেন;

(খ) ঐরূপ কোন ট্রামওয়ের উপর বা আড়ভাবে কোন কাষ্ঠ, প্রস্তর, জঞ্জাল বা অন্যং বস্তু রাখেন বা ফেলেন;

(গ) এপ্রকার কিছু করেন, যাহাতে ট্রামওয়ে ব্যবহারকারী কোন গাড়ীর প্রতিবন্ধকতা হয়; কিম্বা

(ঘ) (ক), (খ) বা (গ) প্রকরণের লিখিত কোন কার্য্য করিতে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের অর্থমত সহায়তা বা উদ্যোগ করেন,

তাহা হইলে দেওয়ানী আদালতে তাঁহার বিরুদ্ধে অন্য যে কোন প্রতিকার পাওয়া যাইতে পারে, তাহার হানি ব্যতিরেকে তাঁহার একশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

ট্রামওয়েতে বিটতোলা চাকাযুক্ত গাড়ী ব্যবহার করিলে দণ্ডের কথা।

৩০ ধারা। কোন ব্যক্তি অনুষ্ঠানকারীর নিকট ইজারা বা নিয়োগপত্র না পাইয়া অথবা এই আইনমতে প্রদত্ত স্থানীয় গবর্ণমেণ্টের লাইসেন্স না পাইয়া ১৪ ধারায় যে প্রকারের অনুমতি আছে, তদ্ভিন্ন প্রকারে ট্রামওয়েতে বিটতোলা চাকাযুক্ত কিম্বা ট্রামওয়ের রেলের উপর দিয়া চলিবার উপযোগী অন্য প্রকার চাকাযুক্ত গাড়ী ব্যবহার করিলে, তাঁহার দুইশত টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

উপযুক্ত মাসুল ফাঁকি দিলে দণ্ডের কথা।

৩১ ধারা। (১) অনুষ্ঠানকারীর বা ইজারদারের বা লাইসেন্সধারীর গাড়ীতে যে ব্যক্তি গমন করিতেছেন বা করিয়াছেন, তিনি মাসুল ফাঁকি দিলে, বা দিবার উদ্যোগ করিলে, অথবা কোন ব্যক্তি কিয়ৎ দূরের মাসুল দিয়া ইচ্ছাপূর্ব্বক অতিরিক্ত পথ ঐরূপ কোন গাড়ীতে গমন করিলে, এবং ঐ অতিরিক্ত পথের নিমিত্ত অতিরিক্ত মাসুল না দিলে বা ফাঁকি দিবার উদ্যোগ করিলে, কিম্বা কোন ব্যক্তি যে স্থান পর্য্যন্ত মাসুল দেন, সেই স্থানে উপস্থিত হইয়া ইচ্ছাপূর্ব্বক গাড়ী ত্যাগ করিতে অস্বীকার বা উপেক্ষা করিলে, তাঁহার দশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

(২) যে ব্যক্তি এই ধারামত অপরাধ করেন, সেই ব্যক্তি অনুষ্ঠানকারীর, ইজারদারের বা লাইসেন্সধারীর কোন চাকরের কথাক্রমে আপন নাম ও বাসস্থান দিতে অস্বীকার করিলে, অথবা যে নাম বা বাসস্থান দেন, উক্ত চাকরের তাহা মিথ্যা বলিয়া বিশ্বাস করিবার কারণ থাকিলে, উক্ত চাকর অথবা সাহায্যার্থে ঐ চাকর যাঁহাকে ডাকেন, তিনি ঐ ব্যক্তিকে ধৃত করিয়া নিকটস্থ পোলীস থানায় লইয়া যাইতে পারিবেন।

(৩) ঐ ব্যক্তিকে পোলীস থানায় লইয়া যাওয়া গেলে, যতদূর কম বিলম্বে হইতে পারে, তাঁহাকে নিকটস্থ মাজিষ্ট্রেটের নিকট পাঠাইতে হইবে। কিন্তু তাঁহার প্রকৃত নাম ও বাসস্থান জানা গেলে, তিনি আদেশ পাইলে কোন মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবেন, এই মর্ম্মের নিবন্ধপত্র লিখিয়া দিলে, তাঁহাকে ছাড়িয়া দেওয়া যাইবে

নোটিস না দিয়া আশঙ্কাজনক বা দুর্গন্ধজনক মাল লইয়া গেলে বা পাঠাইলে দণ্ডের কথা।

৩২ ধারা। কোন ব্যক্তি ১৬ ধারার আদেশমত নোটিস না দিয়া আশঙ্কাজনক বা দুর্গন্ধজনক কোন মাল ট্রামওয়ে দিয়া লইয়া গেলে বা পাঠাইলে, তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

লাইসেন্সধারী অনুষ্ঠানকারীকে বা ইজারদারকে বাণিজ্যের হিসাব না দিলে, কিম্বা মিথ্যা হিসাব দিলে দণ্ডের কথা।

৩৩ ধারা। (১) কোন লাইসেন্সধারী চাহা গেলে ১৮ ধারার লিখিত হিসাব না দিলে, কিম্বা উক্ত ধারামতে তাঁহার প্রতি হিসাব দিবার আদেশ হইলে, মাসুল ফাঁকি দিবার অভিপ্রায়ে মিথ্যা হিসাব দিলে, তাঁহার পঞ্চাশ টাকার অনধিক অর্থদণ্ড হইতে পারিবে।

(২) লাইসেন্সধারী ট্রামওয়েতে যে যান বা যেং গাড়ী ব্যবহার করেন, তদ্দ্বারা যে সকল আরোহী বা মাল লইয়া যাওয়া হয়, তৎসম্বন্ধে অনুষ্ঠানকারীকে বা ইজারদারকে লাইসেন্সধারীর যে কোন মাসুল দিতে হয়, উক্ত অর্থদণ্ড তদতিরিক্ত হইবে।

অন্য আইনমত অভিযোগ সংরক্ষিত হইবার কথা।

৩৪ ধারা। যে কোন কার্য্য বা ত্রুটি এই আইনমতে কিম্বা এই আইনক্রমে প্রণীত বিধিমতে অপরাধ হয়, তজ্জন্য অন্য কোন আইনমতে কোন ব্যক্তির নামে অভিযোগ হইবার অথবা এই আইনে কিম্বা এই আইনক্রমে প্রণীত বিধিতে যে দণ্ডের বা অর্থদণ্ডের বিধান আছে, সেই অন্য আইনমতে উক্ত ব্যক্তির তাহা হইতে অন্যতর বা উচ্চতর দণ্ড বা অর্থদণ্ড হইতে পারিবার কোন বাধা এই আইনের কোন কথাক্রমে হইবে না। কিন্তু একই অপরাধের নিমিত্ত কোন ব্যক্তির দুইবার দণ্ড হইবে না।

বিবাদ নিষ্পত্তির কথা।

অনুষ্ঠানকারী বা ইজারদারদের সহিত কর্তৃপক্ষদের বিবাদের কথা।

৩৫ ধারা। (১) এই আইন বা অন্য কোন আইন বা আজ্ঞামতে অথবা এই আইনক্রমে প্রণীত বিধিমতে কোন পক্ষের দ্বারা বা পক্ষে যে কোন হস্তক্ষেপ বা কর্তৃত্ব করা হয়, বা করিবার দাওয়া হয়, তৎসম্বন্ধে, কিম্বা কোন কার্য্য করিবার উচিত্য বা প্রণালী সম্বন্ধে, কিম্বা অনুষ্ঠানকারীর বা ইজারদারের কিম্বা অনুষ্ঠানকারীকে বা ইজারদারকে যে ক্ষতিপূরণ দিতে হইবে, তৎসম্বন্ধে, অথবা কোন কার্য্য এ প্রকারের কি না যে তাহাতে স্থানীয় গবর্ণমেণ্ট বা পথের কর্তৃপক্ষের বা উভয়ের যুক্তিসিদ্ধমতে সন্তুষ্ট হওয়া উচিত এই বিষয় সম্বন্ধে, অথবা এই আইনের বা আজ্ঞার বা এই আইনক্রমে প্রণীত বিধির অন্তর্গত বা বিহিত অন্য যে বিষয় বা বস্তু সম্বন্ধে প্রকারান্তরের স্পষ্ট বিধান নাই তৎসম্বন্ধে, এক দিকে অনুষ্ঠানকারী বা ইজারদার ও অন্য দিকে স্থানীয় গবর্ণমেণ্ট বা স্থানীয় কর্তৃপক্ষ বা পথের কর্তৃপক্ষ কিম্বা মলনালা, নর্দ্দমা টেলিগ্রাফের তার, গ্যাসের নল বা জলের নলের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কোন ব্যক্তি এই উভয়ের মধ্যে কোন বিবাদ উপস্থিত হইলে, বিবাদীয় বিষয় কোন পক্ষের প্রার্থনাক্রমে সালীসদ্বারা নিষ্পত্তি করা যাইবে।

(২) এক দিকে অনুষ্ঠানকারী বা ইজারদার ও অন্য দিকে স্থানীয় গবর্ণমেণ্টস্বরূপ বা পথের কর্তৃপক্ষস্বরূপ স্থানীয় গবর্ণমেণ্ট এই উভয়ের মধ্যে বিবাদ হইলে, যে জিলার আদালতের বিচারাধীন স্থানের মধ্যে ট্রামওয়ে থাকে, সেই জিলার আদালত অথবা ট্রামওয়ে একাধিক জিলার আদালতের বিচারাধীন স্থানের মধ্যে থাকিলে, যে জিলার আদালতের বিচারাধীন স্থানের মধ্যে ট্রামওয়ের অধিকাংশ থাকে, সেই জিলার আদালত সালীস হইবেন।

(৩) অন্যান্য স্থলে স্থানীয় গবর্ণমেণ্ট সালীস নিযুক্ত করিবেন।

(৪) সালীসের ক্ষমতা ও কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট করা যাইতে পারিবে।

(৫) সালীসের নিষ্পত্তি দ্বারা উভয় পক্ষ বাধ্য হইবেন ও তাঁহাদের সম্বন্ধে উহা সিদ্ধান্ত হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১ ডিসেম্বর।]

মাসুল আদায়ের কথা।

অনুষ্ঠানকারীর স্থানে ও কোন২ স্থলে ইজারদারের স্থানে পাওনা টাকা আদায় করিবার কথা।

৩৬ ধারা। নিম্নলিখিত কোন টাকা, অর্থাৎ, কোন ইজারদারের স্থানে কোন স্থানীয় কর্ত্তৃপক্ষের পাওনা কোন খাজানা, কোন আজ্ঞাক্রমে কোন অনুষ্ঠানকারীর বা ইজারদারের স্থানে আদেয় কোন অর্থদণ্ড, সালীসের মীমাংসাপত্রক্রমে কোন অনুষ্ঠানকারীর বা ইজারদারের দেয় কোন টাকা, এই আইন বা আজ্ঞাক্রমে অনুষ্ঠানকারীর যে কোন কার্য্য করিতে হইবে বলিয়া আদেশ থাকে, এই আইনমতে স্থানীয় গবর্ণমেণ্টের বা স্থানীয় কর্ত্তৃপক্ষের বা পথের কর্ত্তৃপক্ষের সেই কর্ম্ম করিবার খরচ এবং এই আইনমতে ট্রামওয়ে উঠাইয়া ফেলিতে ও পথের পুনর্ব্যবস্থা করিতে যে কোন খরচ পড়ে তাহা, যে কর্ত্তৃপক্ষের টাকা পাওনা হয়, সেই কর্ত্তৃপক্ষ মোকদ্দমাক্রমে বা প্রকারান্তরে অন্য যে কোন প্রতিকার পাইতে পারেন, তাহার হানি না করিয়া এতদর্থে কালেক্টর সাহেবের নিকট প্রার্থনা করিয়া অনুষ্ঠানকারীর বা ইজারদারের অথবা তাঁহার কোন জামিন থাকিলে, সেই জামিনের দেনা ভূরাজস্বের বাকী টাকার ন্যায় আদায় করিয়া লইতে পারিবেন।

কিন্তু কালেক্টর সাহেব যে কোন পরওয়ানা দেন, সেই পরওয়ানা জারীক্রমে এই ধারার কোন কথাদ্বারা অনুষ্ঠানকারী বা ইজারদারকে বা তাঁহার জামিনকে ধৃত করিবার ক্ষমতা প্রদত্ত হইবে না।

লাইসেন্সধারীদের স্থানে মাসুল আদায় করিবার কথা।

৩৭ ধারা। (১) কোন লাইসেন্সধারী ট্রামওয়ে ব্যবহারার্থ দেয় মাসুল চাহা গেলে না দিলে, যে অনুষ্ঠানকারী বা ইজারদারের ঐ মাসুল পাওনা হয়, তিনি মোকদ্দমাক্রমে যে প্রতিকার পাইতে পারেন, তাহার হানি না করিয়া ঐ মাসুলের টাকা আদায়ের নিমিত্ত কোন মাজিষ্ট্রেটের নিকট প্রার্থনা করিতে পারিবেন; এবং উক্ত মাজিষ্ট্রেট সম্ভব হইলে লাইসেন্সধারীকে নোটিস দিবার পর ও তাঁহার কথা শুনিবার নিমিত্ত তাঁহাকে সুযোগ দিবার পর লাইসেন্সধারীর যে কোন গাড়ী বা অন্য অস্থাবর সম্পত্তি ট্রামওয়ের উপর বা তৎসংক্রান্ত বাটীতে পাওয়া যায়, তাহা ক্রোক ও বিক্রয় করিয়া ঐ টাকা আদায় করিতে প্রবৃত্ত হইতে পারিবেন।

(২) কোন লাইসেন্সধারী চাহা গেলে তাঁহার দেনা মাসুল না দিলে, ঐ মাসুল যে অনুষ্ঠানকারীর বা ইজারদারের প্রাপ্য, তিনি লাইসেন্সধারীর যে কোন গাড়ী বা অন্য অস্থাবর সম্পত্তি ট্রামওয়ের উপর বা তৎসংক্রান্ত বাটীতে থাকে, তাহা আটক করিয়া অল্পান্তর সময়ের মধ্যে মাসুল দেওয়া না গেলে ৪৮ ঘণ্টা রাখিতে পারিবেন।

(৩) ১ প্রকরণমতে কোন মাজিষ্ট্রেটের নিকট প্রার্থনা করা গেলে, তিনি চূড়ান্ত নিষ্পত্তির অপেক্ষায় ইতিমধ্যে ক্রোকের আজ্ঞা দিতে পারিবেন।

আরোহীদের স্থানে মাসুল আদায় করিবার কথা।

৩৮ ধারা। কোন আরোহীর স্থানে কোন অনুষ্ঠানকারীর, ইজারদারের বা লাইসেন্সধারীর কোন মাসুল পাওনা থাকিলে, তাহা মোকদ্দমা করিয়া অথবা যে কোন স্থানীয় চক্রের মধ্যে ট্রামওয়ের কোন অংশ স্থাপিত হইয়া থাকে, তথায় যে কোন মাজিষ্ট্রেটের বিচারাধিপত্য থাকে, তাঁহার নিকট প্রার্থনা করত উক্ত মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানের অন্তর্গত উক্ত আরোহীর কোন অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করিয়া আদায় করা যাইতে পারিবে।

সংরক্ষণের কথা।

অনুষ্ঠানকারীর কেবল ব্যবহার স্বত্ব থাকিবার কথা।

৩৯ ধারা। (১) এই আইনে বা আজ্ঞায় প্রকারান্তরের কথা থাকিলেও, অনুষ্ঠানকারী যে পথ দিয়া বা পার হইয়া ট্রামওয়ে স্থাপন করেন, সেই পথের উপর কেবল ব্যবহার স্বত্ব ভিন্ন অন্য কোন স্বত্ব প্রাপ্ত হইবেন না, এবং যে পথ বা সেতু দিয়া বা পার হইয়া কোন ট্রামওয়ে স্থাপিত হয়, তাহার ব্যবহার সম্বন্ধে যে কোন খরচ আইনমতে আদায় করা যাইতে পারে, এই আইনের বা কোন আজ্ঞার কোন কথাক্রমে ট্রামওয়ের অনুষ্ঠানকারী বা ট্রামওয়ে ব্যবহারকারী অন্য কোন ব্যক্তি সেই খরচ দিবার দায় হইতে মুক্ত হইবেন না।

(২) পথ বা সেতু ব্যবহার করিবার নিমিত্ত যে খরচ দিতে হয়, স্থানীয় গবর্ণমেণ্ট উচিত বিবেচনা করিলে, যে হারে অনুষ্ঠানকারী, ইজারদার বা লাইসেন্সধারী তজ্জন্য বন্দোবস্ত করিয়া লইতে পারিবেন, তাহা ধার্য্য করিতে পারিবেন।

ট্রামওয়ে যাইবার পথের উপর ক্ষমতা সংরক্ষণের কথা।

৪০ ধারা। (১) যে পথ, রেলপথ বা ট্রামওয়ের সঙ্গে২ বা যাহা পার হইয়া কোন ট্রামওয়ে যায়, সেই পথ প্রভৃতি ভাঙ্গিবার, চৌড়া করিবার, পরিবর্ত্তন করিবার, ভিন্ন দিকে লইয়া যাইবার বা ভাল করিবার ক্ষমতা আইনমতে কোন পথের কর্ত্তৃপক্ষের বা স্থানীয় কর্ত্তৃপক্ষের বা অন্য ব্যক্তির থাকিলে, এই আইনের বা কোন আজ্ঞার কোন কথাদ্বারা সেই ক্ষমতা রহিত বা সঙ্কুচিত হইবে না।

(২) পথের কর্ত্তৃপক্ষ বা স্থানীয় কর্ত্তৃপক্ষ বা অন্য ব্যক্তি (১) প্রকরণের উল্লিখিত কোন কার্য্য করিলে, ঐ কার্য্য করণ দ্বারা কোন ট্রামওয়ের যে হানি হয় কিম্বা ঐ কার্য্য করণার্থ আইনমতে কোন ক্ষমতার যুক্তিমত প্রয়োগ করিতে যাওয়ায় বাণিজ্যের যে কোন ক্ষতি হয়, তজ্জন্য অনুষ্ঠানকারীকে বা ইজারদারকে বা লাইসেন্সধারীকে কোন ক্ষতিপূরণ দিবার দায়ী হইবেন না।

স্থানীয় কর্ত্তৃপক্ষের ও পোলীসের পথের বাণিজ্য নিয়মিত করিবার ক্ষমতা সংরক্ষণের কথা।

৪১ ধারা। যে পথ দিয়া বা পার হইয়া কোন ট্রামওয়ে যায়, সেই পথ দিয়া বা পার হইয়া বাণিজ্য দ্রব্যাদির গমনাগমন নিয়মিত করিবার নিমিত্ত কোন স্থানীয় কর্ত্তৃপক্ষের বা মাজিষ্ট্রেটের বা পোলীস কর্ম্মচারীর যে ক্ষমতা আছে, এই আইনের বা কোন আজ্ঞার কোন কথায় সেই ক্ষমতার কোন বাধাত হইবে না; এবং পূর্ব্বোক্ত কর্ত্তৃপক্ষ, মাজিষ্ট্রেট বা কর্ম্মচারী ট্রামওয়ের উপ-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ১ ডিসেম্বর।]

সেই হউক বা পাথেই হউক, এবং অনুষ্ঠানকারীর, ইজারদারের বা লাইসেন্সধারীর বাণিজ্য সম্পর্কেই হউক কিম্বা অন্য লোকের বাণিজ্য সম্পর্কেই হউক, আপন অভিরুচিক্রমে কার্য্য করিতে পারিবেন।

অতিরিক্ত বিধান।

নমুদয় হানির জন্য অনুষ্ঠানকারী, ইজারদার ও লাইসেন্সধারীদের দায়ী হইবার কথা।

৪২ ধারা। কোন অনুষ্ঠানকারীর, ইজারদারের বা লাইসেন্সধারীর কোন বিষয়ের বা গাড়ীর দোষ বশতঃ তাঁহার কার্য্যে বা ত্রুটিতে, কিম্বা তাঁহার নিযুক্ত কোন ব্যক্তির কার্য্যে বা ত্রুটিতে যে সকল হানি হয়, তিনি তজ্জন্য দায়ী হইবেন, এবং ঐ সকল হানি সম্পর্কীয় সমুদয় ক্ষতিপূরণ ও খরচা হইতে সংসৃষ্ট ও অতন্ত্রভাবে সমুদয় কর্তৃপক্ষ ও ব্যক্তিদিগকে ও তাঁহাদের কর্ম্মচারী ও চাকরদিগকে নিষ্কণ্টক করিয়া রক্ষা করিবেন।

টাকা না থাকা ত্রুটির উপযুক্ত কারণ না হইবার কথা।

৪৩ ধারা। এই আইনের কার্য্যপক্ষে, টাকা না থাকা অনুষ্ঠানকারীর বা ইজারদারের পক্ষে ট্রামওয়ে প্রস্তুত করণ স্থগিত রাখিবার বা তাহার কার্য্য বন্ধ রাখিবার উপযুক্ত কারণ বলিয়া গণ্য হইবে না।

মুনিসিপল টাক্স হইতে মুক্ত করিবার ক্ষমতার কথা।

৪৪ ধারা। এই আইনমতে কোন মুনিসিপালিটীর সীমার মধ্যে ট্রামওয়ে প্রস্তুত করা গেলে, স্থানীয় গবর্নমেন্ট যত কালের জন্য উচিত বোধ করেন, ততকালের জন্য অনুষ্ঠানকারীর বা ইজারদারের জন্তু, সরঞ্জাম, গাড়ী প্রভৃতি, হাতা, কারাখানা, এঞ্জিন রাখিবার শেড ও গুদাম ঐ সীমার মধ্যে আদের সমুদয় বা কোন মুনিসিপল টাক্স হইতে মুক্ত করিতে পারিবেন।

ট্রামওয়েতে স্থানীয় ফণ্ড স্থানীয় কর্তৃপক্ষের প্রয়োগ করিবার কথা।

৪৫ ধারা। কোন মুনিসিপালিটীর, সেন্‌নিবেশ স্থানের বা জিলার স্থানীয় কর্তৃপক্ষ যে ফণ্ড পাইবার অধিকারী বা যাহার কর্তৃত্ব বা কার্য্যাধ্যক্ষতা ভারপ্রাপ্ত হন, সেই ফণ্ড কোন২ কার্য্যের নিমিত্ত প্রয়োগ করা যাইতে পারিবে বলিয়া কোন আইনে প্রকারান্তরের বিধান থাকিলেও কোন স্থানীয় কর্তৃপক্ষ এই আইনমতে যে সকল ক্ষমতা ও শক্তি প্রাপ্ত হন বা চালাইতে পারেন, তৎক্রমে কার্য্য করিতে গিয়া যে সকল খরচ পড়ে, সেই সকল খরচ দিবার নিমিত্ত স্থানীয় গবর্ণমেন্টের কর্তৃত্বাধীনে ঐ ফণ্ড প্রয়োগ করিতে পারিবেন।

বর্ত্তমান ট্রামওয়েতে আইন বর্ত্তাইবার কথা।

৪৬ ধারা। এই আইন বিধিবদ্ধ হইবার পূর্ব্বে যে কোন ট্রামওয়ে প্রস্তুত হইয়াছে বা প্রস্তুত হইবার অনুমতি হইয়াছে, তৎসমস্ত ট্রামওয়েতে বা তাহার কোন অংশে অথবা এরূপ কোন ট্রামওয়ের বর্দ্ধিত বা সংযুক্ত কোন অংশে স্থানীয় গবর্নমেন্ট স্থানীয় কর্তৃপক্ষের ও পথের কর্তৃপক্ষের ও অনুষ্ঠানকারীর সম্মতি লইয়া পরিবর্ত্তন সহকারে বা তদ্ব্যতিরেকে এই আইনের কিম্বা এই আইনমতে প্রণীত কোন বিধির কোন অংশ বর্ত্তাইতে পারিবেন এবং ঐরূপে বর্ত্তান আইনের কোন অংশ তথা হইতে উঠাইয়া লইতে পারিবেন।

রেলওয়ে আইনে "ট্রামওয়ে" শব্দের অর্থ।

৪৭ ধারা। ভারতবর্ষীয় রেলওয়ে বিষয়ক ১৮৭৯ সালের আইনের ৫৪ ধারায় যে "ট্রামওয়ে" শব্দ আছে, তাহার এই আইনের ৩ ধারায় প্রদত্ত অর্থ থাকিবে।

স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতা অনুসারে সময়ে২ কার্য্য করিতে পারিবার কথা।

৪৮ ধারা। এই আইনদ্বারা কোন স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি যে সকল ক্ষমতা প্রদত্ত হইল, তদনুসারে প্রয়োজনমতে সময়ে২ কার্য্য করা যাইতে পারিবে।

অভিপ্রায় ও হেতুর বর্ণনা।

স্থানীয় ব্যবস্থাপক সভার এলাকার বহির্ভূত ভারতবর্ষের কোন কোন স্থানে ট্রামওয়ে প্রস্তুত করিবার কল্পনা হওয়াতে এই পাণ্ডুলিপি উপস্থিত করা আবশ্যক হইয়াছে। ১৮৮৩ সালে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেব রেঙ্গুণে ট্রামওয়ে প্রস্তুত করিবার ও তাহার কার্য্য চালাইবার বিধান করিবার ক্ষমতা দিয়া একটি বিশেষ আইন বিধিবদ্ধ করেন। সেই বৎসরাবধি লাহোরে ও অমৃতসরে ট্রামওয়ের নিমিত্ত বিশেষ আইন করিবার প্রার্থনা হইয়াছে এবং অন্য যে যে বড় বড় নগরে স্থানীয় কর্তৃপক্ষেরা ট্রামওয়ে প্রস্তুত করণ অনুমোদন করিয়াছেন বা বিচারাধীনে রাখিয়াছেন সেই সেই নগরে ট্রামওয়ে ব্যবহারের বিধান করণার্থ সম্ভবতঃ ব্যবস্থা করা আবশ্যক বলিয়া দৃষ্ট হইবে।

২। ট্রামওয়ে বিষয়ক ১৮৭০ সালের আইনের (অর্থাৎ শ্রীশ্রীমতী মহারাণী বিক্টোরিয়ার ৩৩ ও ৩৪ বৎসরের আইনের ৭৮ অধ্যায়ের) ও উক্ত রাজকীয় আইনমতে বাণিজ্যবিষয়ক বোর্ড যে সকল কিয়ৎকালীন আজ্ঞা ও বিধি করিয়াছেন তাহার সূত্র ধরিয়া এই পাণ্ডুলিপি প্রস্তুত করা গিয়াছে। এই সকল বিধি ও আজ্ঞা এবং ট্রামওয়ে সংক্রান্ত প্রায় সকল বিষয়ের সম্পূর্ণ বাদানুবাদ "সংযুক্ত রাজ্যের ট্রামওয়ে বিষয়ক আইন" নামক সটন সাহেবের পুস্তকে দৃষ্ট হইবে।

৩। এই পাণ্ডুলিপি প্রথমতঃ স্থানীয় ব্যবস্থাপক সভার এলাকার অন্তর্গত দেশ ছাড়া ব্রিটিষ ভারতবর্ষের সর্ব্বত্র বর্ত্তিবে এবং স্থানীয় গবর্ণমেন্ট ঐ ঐ দেশে ও বর্ত্তাইতে পারিবেন।

৪। ইংলণ্ডীয় আইনের "কিয়ৎকালীন আজ্ঞার" পরিবর্ত্তে "আজ্ঞা" সন্নিবেশ করা গিয়াছে, এবং প্রথমোক্ত আজ্ঞা হইতে এই আজ্ঞার প্রভেদ এই যে, ইহা "কিয়ৎকালীন" নহে ও ব্যবস্থাপক সভার প্রণীত পরবর্ত্তী কোন আইনদ্বারা ইহা দৃঢ় করিতে হয় না। কিয়ৎকালীন আজ্ঞা হইতে এই আজ্ঞার আর একটি প্রভেদ এই যে, ইহা আইনের সহিত সমস্ত হইবে ও আইনের কোন অংশ পরিবর্ত্তন বা বর্জ্জন করিতে পারিবে না।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ১ ডিসেম্বর।]

৫। যে যে নিয়মের অধীনে ও যে প্রকারে কোন আজ্ঞা করা যাইতে পারিবে, পাণ্ডুলিপির ৪ অবধি ৬ পর্য্যন্ত ধারায় তাহা নির্দ্দেশ করা গিয়াছে; এবং কোন আজ্ঞায় যে যে বিষয়ের বিধান করা যাইতে পারিবে ৭ ধারায় তাহা লিখিত হইয়াছে। ইংরাজী পাণ্ডুলিপির ঐ ধারার ভিন্ন২ প্রকরণের পার্শ্বে যে আইন প্রভৃতির উল্লেখ আছে, তাহা দেখিলেই ইংলণ্ড প্রভৃতি সংযুক্ত রাজ্যে ঐ সকল বিষয়ে কিরূপ বিধান আছে জানা যাইবে। কোন আজ্ঞা অতিরিক্ত আজ্ঞা দ্বারা অসম্পূর্ণ দৃষ্ট হইলে, যে ব্যক্তির অনুকূলে প্রথম আজ্ঞা করা গিয়াছিল তাঁহার প্রার্থনাক্রমে অন্য এক আজ্ঞা করিয়া (৮ ধারা) কিম্বা কোন কোন স্থলে বিধি প্রণয়ন করিয়া (২৩ ধারা) ঐ অসম্পূর্ণতা পূরণ করা যাইতে পারিবে।

৬। উক্ত আজ্ঞা করা গিয়া থাকিলে আজ্ঞার বিহিত প্রকারে ট্রামওয়ে প্রস্তুত ও রক্ষা করিতে ও চালাইতে হইবে (১১ ও ২৭ ধারা)। কোন স্থানীয় কর্তৃপক্ষ ট্রামওয়ে প্রস্তুত করিলে, উহা সামান্যতঃ ইজারদারের দ্বারা চালাইতে হইবে (২৩ ধারা)। কোন বেসরকারী ব্যবসাদার কর্তৃক ট্রামওয়ে প্রস্তুত হইলে, তিনি নিজে অথবা যে ইজারদারকে তিনি ব্যবহার করিবার ও অনুমোদিত মাসুল চাহিবার ও লইবার স্বত্ব ইজারা দেন সেই ইজারদার ট্রামওয়ে চালাইতে পারিবেন (২ ধারার (3) প্রকরণ)। যদি ট্রামওয়ের মালিক বা তাঁহার ইজারদার এরূপে ট্রামওয়ের কার্য্য চালান যে তাহাতে সাধারণে উহার সম্পূর্ণ উপকার পাইতে না পারে, তাহা হইলে স্থানীয় গবর্ণমেণ্ট মালিককে কি ইজারদারকে মাসুল দিয়া ট্রামওয়ে ব্যবহার করিবার লাইসেন্স কোন ব্যক্তিকে দিতে পারিবেন (১৭ ধারা)। মালিক ট্রামওয়ের কার্য্য বন্ধ করিলে (১৯ ধারা) কিম্বা টাকা না থাকাতে সাধারণের সুবিধাজনকভাবে ট্রামওয়ে রক্ষা করিতে বা উহার কার্য্য চালাইতে না পারিলে (২১ ধারা), স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহার ক্ষমতা রহিত করিতে পারিবেন। মালিকের ক্ষমতা ঐরূপে রহিত করা গেলে, যে পথে ট্রামওয়ে স্থাপিত হইয়াছে সেই পথের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত কর্তৃপক্ষ ঐ ট্রামওয়ে উঠাইয়া ফেলিতে পারিবেন (২০ ধারা ও ২১ ধারার (২) প্রকরণ) কিম্বা স্থানীয় কর্তৃপক্ষ ঐ ট্রামওয়ে ক্রয় করিয়া লইতে পারিবেন (২২ ধারা)।

৭। যে সকল ট্রামওয়ে কোম্পানি বা বেসরকারী ব্যক্তি কর্তৃক প্রস্তুত হইয়াছে, তাহা আজ্ঞার লিখিত সময় গত হইলে আজ্ঞার লিখিত শর্ত্তে, অথবা আজ্ঞার সময় ও শর্ত্ত লিখিত না থাকিলে ইংলণ্ডীয় আইনের নির্দ্দিষ্ট সময় অতীত হইলে তন্নির্দ্দিষ্ট শর্ত্তে স্থানীয় কর্তৃপক্ষেরা ক্রয় করিতে পারিবেন, ২২ ধারায় এই বিধান আছে।

৮। কোন স্থানীয় কর্তৃপক্ষ কোন ট্রামওয়ে ক্রয় করিলে সামান্যতঃ ইজারদার দ্বারা উহার কার্য্য চালাইতে হইবে। কিন্তু এরূপ স্থলে ঘটিতে পারে যে স্থলে উক্ত কর্তৃপক্ষ উপযুক্ত মূল্যে ট্রামওয়ে ইজারা দিতে অসমর্থ হন। এই নিমিত্ত (২৩ ধারায়) এইরূপে বিধান করা গিয়াছে যে ঐরূপ স্থলে স্থানীয় গবর্ণমেণ্ট স্থানীয় কর্তৃপক্ষকে নিজে গাড়ী চালাইবার ব্যবসায়ে নিযুক্ত হইবার অনুমতি দিতে পারিবেন।

৯। ট্রামওয়ের মালিক বা ইজারদার এবং স্থানীয় গবর্ণমেণ্ট বা স্থানীয় কর্তৃপক্ষ এই উভয়ের মধ্যে বিবাদ হইলে, তাহা সালীস দ্বারা নিষ্পত্তি করিতে হইবে (৩২ ধারা)। সাক্ষাৎ সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্টের স্বার্থ থাকিলে, জিলার জজ সাহেব ঐরূপ সালীস হইবেন। সালীসের নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

১০। ট্রামওয়ের মালিক, ইজারদার, ও লাইসেন্সধারীদের পাওনা ও দণ্ড টাকা মোকদ্দমাক্রমে বা সরাসরী প্রণালীক্রমে আদায়ের বিধান ৩৬ অবধি ৩৮ পর্য্যন্ত ধারায় করা গিয়াছে।

১১। ট্রামওয়ে প্রস্তুতকরণ সংক্রান্ত আইনে ও নিয়মপত্রে সচরাচর যে সকল সংস্করণের কথা দৃষ্ট হয়, ৩৯ অবধি ৪১ পর্য্যন্ত ধারায় তাহাই আছে; এবং মুনিসিপালিটির সীমার মধ্যে যে সকল ট্রামওয়ে প্রস্তুত করা যায়, তাহার মালিক ও ইজারদারদের জন্তু, সরঞ্জাম, গাড়ী প্রভৃতি ও বাটী স্থানীয় টাক্স হইতে মুক্ত করিবার ক্ষমতা ৪৪ ধারায় স্থানীয় গবর্ণমেণ্টের প্রতি প্রদত্ত হইয়াছে।

১২। এই আইন বিধিবদ্ধ হইবার পূর্ব্বে যে কোন ট্রামওয়ে প্রস্তুত করা যায় বা প্রস্তুত করিবার অনুমতি হয়, সেই ট্রামওয়েতে বা তাহার কোন অংশে স্থানীয় গবর্ণমেণ্ট মালিকের ও স্থানীয় কর্তৃপক্ষের সম্মতি লইয়া পরিবর্ত্তন সহকারে বা তদ্ব্যতিরেকে এই আইনের কোন অংশ বর্ত্তাইতে পারিবেন, ৪৬ ধারায় এইরূপ বিধান আছে।

১৮৮৩ সাল ২২ অক্টোবর।

সি, পি, ইলবার্ট,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

RAJ KRISHNA MUKHOPADHYAYA, M.A. & B.L., *Bengali Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 1, 1885.

মঙ্গলবার, ১৮৮৫ সাল ১ ডিসেম্বর।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্‌তিহার প্রভৃতি।

বঙ্গদেশের এই২ জিলাতে ১৮৮৫ সালের নবেম্বর মাসের ১৫ তারিখের পূর্ব্ব দুই সপ্তাহ

৮০ তোলার সেরের হিসাবে

নম্বর।	জিলা।	গম।			যব।			ভাল চাউল।			সামান্য চাউল।			বজু ও বাজরা।			চোলম ও জোয়ার।		
		এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ
	বঙ্গদেশ। পশ্চিমদিকস্থ জিলা।																		
		সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের
১	বর্দ্ধমান ..	।৫৮	।৫	।৫।।	...	...	।৮	।১।।	।১।।৶	।১।।	।৬।।	।৬৶	।৬		...	...	...	...	...
২	বাঁকুড়া ..	।৬	।৫	।৫।।	।৮	।৭	।৭	।৫।	।৫।।	।৪।।	।৯।।	।৮	।৬	...	—	...	...	...	...
৩	বীরভূম ...	।৫	।৫	।৬।।	...	.	...	।৩	।৩	।২।।	।৬।।	।৬	।৪	...	...	...	...	...	...
৪	মেদিনীপুর...	।২	।২	।২	...	...	।।০	।৪	।৪	।৩	।।৪	।৮	।৬	...	...	...	...	...	...
৫	হুগলী ...	।৬	৫	।৬	...	...	.	।০	৵৯	৵৮	।৩	।২	।৩	..	..	.	...	...	...
	হাবড়া	।৫	।৮।	।৫	...	...	...	।০।	।০	।১	।২	।২	।৩।	...	...	...	..	...	...
	মধ্যপ্রদেশের জিলা।																		
	কলিকাতা ...	।৪	।৪।	।৭।৶	।৯৵	।৯৮৶	।।০	৵৬।	৵৬।	৵৬।৶	৵৮৯	৵৮৯	।০।।	।৫৵	।৭	।১।।	।৫৵	।৫৵	।১।৶
২	২৪ পরগণা ...	।৫।	।৫।	।৪।।	।৯	।৭৮	।৭।	৵৮	৵৮	৵৮	।১।	।১।।	।৬	...	...	...	...	...	...
৩	নদীয়া ..	।৩।	।৩।৵	।৭।	...	।৪।।	।৩- ।৵	।১৶	।০।।-	।০।-	।২	।২	।১।৶	...	...	...	...	.	...
৪	খুলনা ...	...	...	..	...	...	...	।২৮	।১।।	।-	।৬	।৬	।৪	...	...	...	...	...	...
৫	যশোহর .	।১	।৩।	।৪	..	...	...	।০৮	৵৯৮	।১	।৭	।৬।।	।৪	...	...	...	...	...	...
৬	মুরশিদাবাদ	।৭	।৬	।৮	...	...	...	।০	।০	।০	।৬	।৪	।৪	...	.	...	...	..	..
	দিনাজপুর ...	।৩৮	।১৮	।৫।।	..	।৭	।৬	।৪।৶	।৩৶	।০৮	।২৶	।৬৮৵	।৩	...	...	..	...	...	...
৮	রাজশাহী ...	।৪।-।৮৮	।৮।-৭।	।৬।-।৭।।	।১	।১৮৶	।।১	।৩।- ৫	।০৮	।।০	।৮৮ ।।২	।৭।।	।২৮	...	.	..	...	...	...
৯	রঙ্গপুর ...	।৮	।৪।।	।৩	...	...	...	।১৮৶	৵৭৮	৵৭	।৩। †	।১।।	।১	...	...	..	..	...	...
	বগুড়া ...	।৫৮	।৫	।৫	...	...	.	৵৯৮	৵৯৮	৵৯	মুঃ ৮ * ।৮৮	} ।১।।	।২	...	...	...	...	...	...
১১	পাবনা	।৮	।৭।	।৮৮	—	...	.	৵৮	৵৭।।	৵৮।	।৫	।৫	।৫	...	..	...	...	...	...
১২	দার্জিলিঙ ...	৵৮	৵৯	।০	৵৯	৵৮	..	৵৫	৵৪	৵৫	।১	।১	।০	...	.	...	..	...	...
১৩	জলপাইগুড়ি..	।১	।১।।	।০	।।০	।।০	।।০	।০	।০	।০	।।	।।০	।২	...	...	.	...	...	...

* নূতন শস্য প্রচুর হওয়ায় চাউল কম দরে বিক্রয় হইতেছে।

ক। মহকুমায় লবণের খুজরা দর টাকায় এই২।—কালনায় ।৪ সের, কাঁটওয়ায় ।৩ সের এবং রাণীগঞ্জে ।৩।। সের।

খ। বিষ্ণুপুরে লবণের খুজরা দর টাকায় ।২ সের।

গ। রামপুরহাটে লবণের খুজরা দর টাকায় ।৩ সের।

ঘ। ঘাটালে লবণের খুজরা দর টাকায় ।৩।। সের।

ঙ। জাহানাবাদে লবণের খুজরা দর টাকায় ।৩।। সের।

চ। মহকুমায় লবণের খুজরা দর টাকায় এই২।—বারাশত ও বশিরহাটে ।৩ সের, কলাগাছি—মগরাহাটে ।৩।। সের এবং কুল্পীহাটে ।২। সের, বারাকপুরে ।২৮ সের ও দমদমায় ।২ সের।

ছ। ঐ ঐ।—কুষ্টিয়ায় ।১।। সের, মেহেরপুরে ও চুয়াডাঙ্গায় ।৩ সের এবং রাণাঘাটে ।২৮৶ সের।

[*Government Gazette*, 1st December 1885.]

নম্বর।	জিলা।	৮০ তোলার সেরের হিসাবে																	
		গম।			যব।			ভাল চাউল।			সাধারণ চাউল			বযু ও বাজরা।			চোলম ও জোয়ার।		
		এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ
	পূর্ব্বদিকস্থ জিলা।																		
		সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের
১৮	ঢাকা ...	।৩॥	।৫	।৮	॥১	॥৮	।৬	।৩	।১	।০	।৬	।৫	।৩	...	...	...	...	...	...
১৯	ফরীদপুর .	॥০	॥০	॥০	॥০	॥০	৸৪	।১	।১	।১	।৬	।৬	।২	...	...	...	...	...	...
২০	বাখরগঞ্জ ..	...	...	...	...	...	...	।০	।০	।১॥	।২	।২	।৩	...	...	...	...	...	...
২১	ময়মনসিংহ	।১॥	।২	।৩।	...	...	...	।২	।১॥	।০	।৬	।৫	।২।	...	..	...	...	.	...
২২	চট্টগ্রাম	।৬	।৫	।৫	...	..	...	।২	।১	।৩	।৮	।৫	।৬	...	...	...	...	...	...
২৩	নওয়াখালী	...	...	...	...	...	...	।১	।৩	।০	।৫	।৬	।৪	...	...	...	...	...	...
২৪	ত্রিপুরা	।৫	।১৸/	।৪॥	...	...	...	।৫৸	।৪৸	।২॥	।৬।৶	।৪।	।৫।	...	...	...	.	...	...
২৫	চট্টগ্রামের পার্ব্বতীয় প্রদেশ	...	...	...	...	...	...	।০	।০	।০।৵	।১	।১	।১৸/	...	...	...	...	...	...
	ত্রিপুরা পর্ব্বত *	...	...	...	...	...	...	...	...	...	...	..	...	...	.	..	...	...	...
	বেহার।																		
২৬	পাটনা †	...	...	...	...	...	...	...	...	...	...	...	...	...	..	...	...	...	...
২৭	গয়া ..	।৮	।৮।	।৭৸	॥৩।	॥৫	।৮	৵৮॥	৵৮॥	৵৮।	।৫।	।৫	।৩।	...	...	...	...	...	...
২৮	শাহাবাদ ...	।৮	।৮	।৮॥-।৯	॥৪	॥৩	॥১	।৮	৵৯	৵৮	।৪	।৪	।২	॥৩	॥১	...	...	...	...
২৯	দারভাঙ্গা ...	।৭	।৭	।৮৸	।২।	।৯	।৯৸	।০	।০	৵৯।৶	।৬	।৫	।২।৶	...	...	...	...	...	...
৩০	মজঃফরপুর ...	।৮	।৮	।৭	॥৸	॥৪	॥৬	।১	।১	।১	।৩	।৩	।৬	...	...	...	...	...	...
৩১	সারণ ...	॥০	।৯৸	॥০	॥৭	॥৬	॥৫	৵৮॥	৵৮।	৵৮	।৮	।৭॥	।৩	...	...	...	॥৮	।৬	॥৭
৩২	চাম্পারণ	।৭	।৭	।৬	॥১	॥১	...	।১	।১॥	।২	।৯	।৮	।৭	..	...	...	...	...	...
৩৩	মুঙ্গের ...	।৯৸	।৯৶	।৯৸৶	॥২।	॥৪৶	।৮৸৶	।০॥	।০॥	।০॥	।২॥/	।২॥/	।২/	...	...	...	...	...	...
৩৪	ভাগলপুর ...	।৬।৶	।৭	।৯॥/	॥২-॥৶	॥১।৶	॥০৶	।০॥৶	।০॥৶	।০॥৶	।৩৸৶	।৩।	।৩৸৶	...	...	...	...	...	...

* রিটর্ণ পাওয়া যায় নাই।

† অঙ্ক অশুদ্ধ দেওয়া হইয়াছে বোধ হওয়াতে পাটনা জিলায় লবণ ভিন্ন অন্য কোন দ্রব্যের দর প্রকাশ করা গেল না।

‡ মফঃসলে সামান্য চাউলের খুচরা দর টাকায় ।৩৸ সের অবধি ॥১ সের পর্য্যন্ত পাওয়া যায়।

ক। মুন্সীগঞ্জে লবণের খুচরা দর টাকায় ।২ সের।

খ। মহকুমায় লবণের খুচরা দর টাকায় এইরূপ :—গোয়ালন্দে ।২ সের এবং মাদারীপুরে ।২॥ সের।

গ। ঐ ঐ ।—পটুয়াখালিতে ।০॥৶ সের পিরোজপুরে ।১ সের এবং ভোলায় ।০॥ সের।

ঘ। ঐ ঐ ।—কিশোরগঞ্জে ।০॥৶১ সের, আটিয়ায় ।২ সের জামালপুরে ।১ সের, শেরপুরে ।০ সের ও নেত্রকোণায় ।২।/ সের।

ঙ। কক্সবাজারে লবণের খুচরা দর টাকায় ।১॥ সের।

[*Government Gazette*, 1st December 1885.]

৮০ তোলার সেরের হিসাবে

নম্বর।	জিলা।	গম।			যব।			ভাল চাউল।			সাধারণ চাউল।			কঙ্গু ও বাজরা।			চোনম ও জোয়ার।		
		এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ	এই সপ্তাহের নিরিখ	ইহার পূর্ব্ব সপ্তাহের নিরিখ	গত বৎসরের এই সপ্তাহের নিরিখ
	বেহার।																		
		সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের
৩৫	পুরুলিয়া ...	।৬	।৬	।৮	...	...	...	।২	।২	।২	।৬	।৪	।৪	...	...	...	...	...	...
৩৬	মালদহ ...	।৮	।৮	।১।।	...	...	...	।৩।	।০	।০	।।১	।।০	।২	...	...	...	...	...	...
৩৭	সাঁওতাল পরগনা	।৭	।৪	।৫	...	...	...	।৩	।৩	।১	।৬	।৬	।৫	...	...	...	...	...	...
	উড়িষ্যা।																		
৩৮	কটক ...	।৮।৶	।৫৸	।।১	...	...	...	।০।।	।০।।	।৩৶	‡ ।৪।৶	।৫৸	।৭৴	...	...	...	...	...	...
৩৯	পুরী ...	।৪।৶	।৪।৶	।৪।৶	...	...	...	।১৸৴	।১৸৴	।১৶	।৫৸	।৫৸	।৫৸	...	...	...	...	...	...
৪০	বালেশ্বর ...	।২	।২	।৮	।০	।০	।১	।৩	।৩	।৩	।।১।।	।।১।।	।।১।।	...	...	..	...	...	...
	ছোট নাগপুর। **দক্ষিণ-পশ্চিমাঞ্চলের এজেন্টী।**																		
৪১	হাজারীবাগ ...	।৬	।৫	।৫।।	।৮	।৬	।৫	।০	৴১।।	।১।।	।৮ ।।২মুং	।৬	।৭	...	...	...	...	...	...
৪২	লোহারডগা ...	।৩	।৪	।৫	...	...	...	।।০	।৮	।৬পুঃ	।।৬	।।৬	।।৩	...	...	...	...	...	...
৪৩	সিংহভূম	।।২	।।২	।৮	।।৪	।।৪	।।০	।।৮	।।৪	।।০	৸২	৸২	।।৪	...	...	...	...	...	...
৪৪	মানভূম	।৬	।৩	।১	...	...	...	।৫	।৪	।৫	।।৫	।।২	।।১	...	...	...	...	...	...

য৩। মহকুমায় লবণের খুজরা দর টাকায় এইং।—গদ্দায় ।১ সের, ও রাজমহলে ।১।। সের।

য৪। খুরদহে লবণের খুজরা দর টাকায় ।৪ সের।

কলিকাতা.
১৮৮৫ সাল ২৪ নবেম্বর।

টাকায় যত পাওয়া যায়।															৪০ সেরের মণের থোকে বিক্রয়ের দর।			
রাগী বা মাড়ওয়া ও চীনা।			জনেরা।			ছোলা।			জ্বালানি কাষ্ঠ।			লবণ।			লবণ।			
এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	এই সপ্তাহের রিটর্ণ	ইহার পূর্ব্ব সপ্তাহের রিটর্ণ	গত বৎসরের এই সপ্তাহের রিটর্ণ	জিলা।
																		বেহার।
সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	সের	টাকা	টাকা	টাকা	
...	...	...	...	...	...	।৮	।৮	।৭	৪/	৪/	৪/	।১	।০।।	।০৸	৩।৩	৩।।৶৩	৩।৶০	পুরুলিয়া।
...	...	...	...	...	...	।৯	।৮	।৬	৪/	৪/	৪৸০	।১	।১	।২	৩।/০	৩৷৶০	৩।০	মালদহ।
...	...	...	।।৮	।।৭	৸২	।৯	।৬	।৬	৫/	৫/	৫/	য৩ ।২	।২।।	।১	৩৶০	৩৶০	৩।।০	সাঁওতাল পরগণা।
																		উড়িষ্যা।
।৫৸	।৫৸	।৫৸	৸০	...	..	।৭।	।৫৸	।।২৶	২/	২/	২/	।৪	।৪	।৪	২৸০	২৸০	২৸০	কটক।
...	...	...	...	...	...	।৪।৶	।৪।৶	।৭৶	২/	২/	২।।০	য৪ ।৪।	।৪।	।৬	২।।০	২।।০	২।৶০	পুরী।
...	...	...	...	...	...	।৪।।	।৪।।	।৬	৩/	৩/	৩/	য৫ ।০।।	।।০।।	।১	৩।।৶০	৩।।৶০	৩।৶০	বালেশ্বর।
																		ছোট নাগপুর। **দক্ষিণ-পশ্চিমাঞ্চলের এজেন্সী।**
৸৬	৸৩	।।৭	।।৫	।।৫	।।৪	।৭	।৬	।০	৮/	৮/	৬/	য৬ ।০।।	।০।	।০	৩।।০	৩।।০	৩।৶৩	হাজারীবাগ।
১।/	১।০	১/৪	৸২	৸০	।।৪	।২	।২	।৫	৩/	৩/	৩/	।০	।০	।০	৩।।৶০	৩।।৶	৩।।৶০	লোহারডগা।
...	...	...	...	...	...	।২	।২	।২	৯/	৯/	৪/	/৯	/৭	/৯	৪৲	৫৲	৪৲	সিংহভূম।
...	...	...	৸৩	৸২	৸০	।৫।।	।৫	।৭	৬/	৬/	৬/	য৭ ।০।।৶	য৯ ।০।৶	।১।।৶	৩।।০	৩।।০	৩৶০	মানভূম।

য৫। ভদ্রকে লবণের খুজরা দর টাকায় /৯।। সের।
য৬। গিরিধি মহকুমার অন্তর্গত থরকডিহায় লবণের খুজরা দর টাকায় ।১ সের।
য৭। গোবিন্দপুরে লবণের খুজরা দর টাকায় ।২ সের।

সাধারণের অবগত্যর্থে প্রকাশ করা গেল।

এ, পি, মাকডোনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

এতদ্ব্যতীত সাধারণ ব্যক্তিগণকে নিম্নলিখিত মূল্যে দেওয়া যাইবে যথা, ৪ আউন্স টীন ৫।৷০ টাকা; ৮ আউন্স টীন ১০।৷০ টাকা; ১ পাউণ্ড টীন ২০৲ টাকা।

এই ঔষধ কলিকাতার প্রধান প্রধান ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণের নিকটেও পাওয়া যায়; উপরের লিখিত মূল্য ব্যতীত প্রতি ৪ আউন্স ও ৮ আউন্স টীনে ।৷০ আট আনা ও প্রতি পাউণ্ড টীনে ৸০ বার আনা, ডাক মাসুল দিতে হইবে।

জ্বরনাশক দামাবাস্কা সিন্‌কোনা।

লাল সিন্‌কোনা ছাল হইতে গবর্ণমেণ্টের কারখানায় প্রস্তুত নূতন ও উৎকৃষ্টতর ঔষধ। যাহা দামা বাস্কে না, এরূপ সামান্য জ্বরনাশক সিন্‌কোনা অপেক্ষা ইহা কুইনাইনের পরিবর্ত্তে ব্যবহার করিবার অধিকতর উপযোগী। কলিকাতার নিকটস্থ শিবপুরের রয়েল বোটানিকাল গার্ডেনের অর্থাৎ কোম্পানির বাগানের সুপরিণ্টেণ্ডেণ্টের নিকট গবর্ণমেণ্টের কর্ম্মচারিগণ সাধারণ ও দাতব্য কার্য্যের জন্য এবং কোন ব্যক্তি এককালীন ২০ পাউণ্ড বা তদধিক নগদ মূল্যে ক্রয় করিলে নিম্নলিখিত হিসাবে পাইবেন, অর্থাৎ ৪ ঔন্স টিন ৬।৷০ টাকায়, ৮ ঔন্স টিন ১২।৷০ টকায়, ও ১ পৌণ্ড টিন ২৪৲ টাকায় পাইবেন। সর্ব্ব সাধারণে কোম্পানীর বাগানের সুপরিণ্টেণ্ডেণ্টের নিকট নগদ মূল্য দিলে এইর হিসাবে অর্থাৎ ৪ ঔন্স টিন ৮।৷০ টাকায় ৮ ঔন্স টিন ১৬।৷০ টাকায় ও ১ পৌণ্ড টিন ৩২৲ টাকায় পাইবেন। কলিকাতার প্রধানং ইউরোপীয় ও দেশীয় ঔষধ বিক্রেতাগণও এই ঔষধ বিক্রয় করিয়া থাকেন। উপরোক্ত হারের অতিরিক্ত ৪ ঔন্স টিনের ।০ আনা, ৮ ঔন্স টিনের ।৷০ আনা ও ১ পৌণ্ড টিনের ৸০ আনা ডাক মাসুল দিতে হইবে।

The Hymns of the Rig-Veda in the Sanhita and Pada Text, by Professor

F. Max Müller, M.A., in two Volumes. *Price Rs. 24, packing and postage Rs. 1-12.*

*** The Rig-Veda, the oldest book of Indian literature, has very properly been made one of the principal class-books of those who study Sanskrit in the schools and colleges in India, and though at present a scholar-like knowledge of the Vedic hymns is in the examinations required of the more advanced students only, yet, as soon as editions, translations, grammars, and dictionaries shall have rendered the study of these ancient documents more accessible, I doubt not that the time will come when no one in India will call himself a Sanskrit scholar, who cannot construe the hymns of the ancient Rishis of his country.—*Extract from Preface.*

OFFICE OF SUPDT. GOVT. PRINTING. No. 8, Hastings Street, Calcutta.

FOR SALE AT THE BENGAL SECRETARIAT PRESS.

A digest of the Law of Landlord and Tenant in the provinces subject to the Lieutenant-Governor of Bengal, by C. D. Field, M.A., LL.D., of the Inner Temple, Barrister-at-Law and of Her Majesty's Bengal Civil Service, District and Sessions Judge of Burdwan, Member of the Rent Commission.

Price Rs. 5 per copy.

Orders accompanied by remittances and 5 annas for packing and postage of each copy may be sent to the Accountant, Bengal Secretariat.

N.B.—Copies are still available.

বাঙ্গাল সেক্রেটেরিয়ট যন্ত্রালয়ে বিক্রয়ার্থে আছে।

বারিষ্টার-আট-ল ও শ্রীশ্রীমতীর বঙ্গদেশের সিবিল সর্বিসে নিযুক্ত বর্দ্ধমানের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ এবং রেণ্ট কমিশনের মেম্বর, ইনর টেম্পলের শ্রীযুক্ত সি, ডি, ফিল্ড, এম, এ, এল এল, ডি, সাহেবের প্রণীত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের শাসনাধীন প্রদেশের ভূম্যধিকারী ও প্রজা সম্বন্ধীয় আইন সংহিতা।

একখানি পুস্তকের মূল্য ৫ পাঁচ টাকা।

কোন ব্যক্তি উক্ত পুস্তক ক্রয় করিতে চাহিলে বাঙ্গাল সেক্রেটেরিয়টের আকৌণ্টাণ্টের নিকট একখানি পুস্তকের মূল্য এবং তাহা মোড়ক করিয়া ডাকে পাঠাইবার খরচ ।/০ পাঁচ আনা পাঠাইবেন।

দ্রষ্টব্য।—উক্ত পুস্তক এখনও পাওয়া যাইতে পারে।

NOTICE.

In continuation of notice dated the 20th November 1877, intimating that no copies of the *Calcutta Gazette* or of the *Bengalee Gazette* will be supplied unless the subscription to the same is prepaid.

NOTICE is further hereby given that the terms for the purchase of publications from and for all works done in the Bengal Secretariat Press for other than Government offices or offices under the control of Government officers are strictly cash.

In future no publication will be supplied, or advertisement, notice, &c., inserted in either of the Gazettes except for the offices mentioned above, unless the cost thereof has been remitted to the Accountant, Bengal Secretariat.

Remittances in postage stamps should be accompanied by an addition of one anna in the Rupee on account of discount.

C. W. BOLTON,
Under-Secretary to the Govt. of Bengal.

The 12th December 1882.

NOTE—*Rates for Advertisements in the* CALCUTTA GAZETTE.

	Rs.
Full page, per issue	20
Half „	10

Casual advertisements.—4 annas per line

[*Government Gazette, 22nd December* 1885.]

বিজ্ঞাপন।

কলিকাতা গেজেটের কিম্বা বাঙ্গালা গেজেটের মূল্য অগ্রিম দেওয়া না গেলে ঐ২ গেজেট দেওয়া যাইবে না, ১৮৭৭ সালের নবেম্বর মাসের ২০ তারিখের জ্ঞাপনপত্রাতিরিক্ত এই মর্ম্মের বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

গবর্ণমেন্টের কার্য্যালয় কিম্বা গবর্ণমেন্টের কর্ত্তৃপক্ষদের কর্তৃত্বাধীন কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তি বাঙ্গাল সেক্রেটারিয়েট ছাপাখানা হইতে পুস্তকাদি ক্রয় করিতে চাহিলে কিম্বা উক্ত ছাপাখানায় কোন কর্ম্ম করাইতে চাহিলে তন্নিমিত্ত নগদ মূল্য দিতে হইবে, এতদ্দ্বারা এই বিজ্ঞাপনও প্রকাশ করা গেল।

এই অবধি বাঙ্গাল সেক্রেটারিয়েটের আকৌণ্টান্টের নিকট অগ্রে মূল্য পাঠান না গেলে, উপরোক্ত কার্য্যালয় ভিন্ন কোন ব্যক্তিকে কোন পুস্তকাদি দেওয়া কিম্বা উক্ত কোন গেজেটে ইশ্‌তিহার কি বিজ্ঞাপন প্রভৃতি প্রকাশ করা যাইবে না।

মূল্যের নিমিত্ত ডাকের টিকিট পাঠান গেলে, ডিস্কৌণ্ট বাদ দিবার জন্যে টাকার উপর আর ৴০ এক আনা পাঠাইতে হইবে।

সি, ডবলিউ, বল্টন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের ডেপুটি সেক্রেটারী।

১৮৮২ সাল, ১২ ডিসেম্বর।

মন্তব্য।—কলিকাতা গেজেটে ইশ্‌তিহার প্রকাশ করিবার হার এই২ ;— টাকা।

পুরা এক পৃষ্ঠা একং বার প্রকাশ করণের	...	...	... ২০৲
আধ পৃষ্ঠা „ „	...	...	... ১০৲
কখনং ইশ্‌তিহার প্রকাশ করিতে হইলে একং পংক্তি	...	...	।০

NOTICE.

The 21st February 1883.—The subscription to, and postage for, the *Bengali Gazette* will henceforward be at the following rates, payable in advance :—

		Rs.	A.	P.	
	For the Mofussil.				
Entire Gazette	... ...	10	0	0	per annum.
	Postage	2	8	0	„
Parts III, IV, V, and VI, containing the Acts and Bills of the Legislative Councils of India and Bengal	... ...	4	0	0	„
	Postage	1	0	0	„
For a single copy—					
Entire Gazette	... ...	0	4	0	
	Postage	0	1	0	
Parts III, IV, V, and VI	... ...	0	1	0	for 4 sheets or under with an additional charge of 1 anna for every 4 sheets in excess of 4.
	Postage	0	1	0	

For Calcutta.

The same rates as those for the mofussil, with the exception of the charge for postage.

E. N. Baker,
Offg. Under-Secretary to the Govt. of Bengal.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৩। ২২ ডিসেম্বর]

বিজ্ঞাপন।

১৮৮৩ সাল ২১ ফেব্রুয়ারি।—বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের মূল্য ও ডাকমাশুল এই অবধি নিম্নলিখিত হারে অগ্রিম দিতে হইবে :—

মফঃসলে।

				টাকা।
সম্পূর্ণ গেজেট	...	...	বৎসর	১০৲
ডাকমাশুল	...	...	"	২।।০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (যাহাতে ভারতবর্ষের ও বঙ্গদেশের ব্যবস্থাপক সভার আইন ও আইনের পাণ্ডুলিপি থাকে)	...	...	"	৪৲
ডাকমাশুল	...	...	"	১৲
সম্পূর্ণ এক খানি গেজেটের মূল্য	...	...		।০
ডাকমাশুল	...	...		৴০
৩ ও ৪ ও ৫ ও ৬ খণ্ড (প্রত্যেক ৪ পৃষ্ঠা বা তাহার ন্যূন সংখ্যক পৃষ্ঠার মূল্য)	...	...	...	৴০ ৪ পৃষ্ঠার উপর যত অধিক হয় তাহার প্রত্যেক ৪ পৃষ্ঠা প্রতি আর একং আনা।
ডাকমাশুল	...	...	...	৴০

কলিকাতায়।

কলিকাতায় ও মফঃসলে সমান মূল্য, কলিকাতায় কেবল ডাক মাশুল লাগিবে না।

ই, এস, বেকার,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটরী।

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে জেলা ঢাকার অধীন মুনসীগঞ্জ মহকুমার সংলগ্ন ধলেশ্বরী নদীর তীরে যে প্রতিবৎসর বিখ্যাত কার্ত্তিক বারুণীর মেলা হইয়া থাকে তাহা ইংরাজি ১৮৮৫ সনের ২১ নবেম্বর মোতাবেক বাঙ্গলা ১২৯২ সনের ৭ই অগ্রহায়ণ হইতে আরম্ভ হইয়া ১৮৮৬ সনের ৩রা জানুয়ারি তারিখে ভঙ্গ হইবেক, বাণিজ্য ব্যবসায়ী ইত্যাদি লোক সকল এই ৬ (ছয়) সপ্তাহের মধ্যে ক্রয়বিক্রয় সমাধা করিবেক ইতি।

F. WYER,
জেলা ঢাকার মাজিষ্ট্রেট।

اشتہار *

بذریعہ اس کے عامہ خلایق کو واقف کیا جاتا ہے کہ ضلع ڈھاکہ کے ماتحت محکمہ منشي گنج کے متعلق ذھلسري دریا کے کنارے جو ہر سال کارتک بارنی کا ایک مشہور میلا ہوا کرتا ہے وہ میلا سنہ ۱۸۸۵ع کي ۲۱ نومبر مطابق سنہ ۱۲۹۲ بنگلہ کي ۷ اگہن سے شروع ہوکر سنہ ۱۸۸۶ع کے ۳ جنوري کو شکشت ہوگا * تجارت پیشہ لوگ ان ہی چھہ ہفتوں کے اندر خرید فروخت تمام کریں گے *

F. WYER,
* مجسٹریٹ ضلع ڈھاکہ *

বিজ্ঞাপন।

রাজকার্য্যাপলক্ষে বঙ্গদেশের মন্ত্রিসভার আইনের প্রয়োজন হইলে কলিকাতার স্প্লানেড ওয়েষ্ট কৌন্সিলের হাউসস্থিত বঙ্গদেশের গবর্ণমেণ্টের ব্যবস্থাপন কার্য্যবিভাগের আপিসে রেজিষ্ট্রারের নামে শিরোনামা দিয়া প্রার্থনাপত্র পাঠাইতে হইবে।

উক্ত সকল আইনের পুস্তক কলিকাতায় গবর্ণমেণ্ট প্রেসে, থাকার স্পিঙ্ক কোম্পানির বাটীতে ক্রয় করিতে পাওয়া যায়।

[*Government Gazette*, *22nd December* 1885.]

কলিকাতা প্রেসিডেন্সী জেল মুদ্রালয়ে গবর্ণমেণ্টের জন্যে শ্রীযুত এডউইন মরিস লুইস সাহেব কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত হইল।

B 1627—16-12 85—640

Numb. 2422 [২৪২২].

[REGISTERED No. 30.]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 29, 1885.

মঙ্গলবার, ১৮৮৫ সাল ২৯ ডিসেম্বর ।

CONTENTS.

নির্ঘণ্ট ।

PART II.

Resolutions, Orders, and Notifications by the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড ।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সিদ্ধান্ত, আদেশ, ও বিজ্ঞাপন প্রভৃতি ।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

No. 4268A.

GENERAL.—*The 15th December* 1885.—Mr. W. Kemble c.s., reported his departure from India on special leave on the 27th November 1885.

The 21st December 1885.—Baboo Radha Madhub Bose, Deputy Magistrate and Deputy Collector, Cutwa, Burdwan, is allowed leave for one and half months, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the date on which he availed himself of it.

Baboo Juggut Chunder Shome, Deputy Magistrate and Deputy Collector, Rampore Hât, Beerbhoom, is transferred to Burdwan, and is appointed to have charge of the Cutwa sub-division of that district, with effect from the date on which he joined his appointment.

This cancels the order of the 19th ultimo, appointing Baboo Juggut Chunder Shome to have temporary charge of the Bishenpore sub-division of the Bankoora district.

Mr. J. H. Bernard, Assistant Magistrate and Collector, Midnapore, is vested with the powers of a Deputy Collector.

Baboo Bhugwan Chunder Sen, Deputy Magistrate and Deputy Collector, on leave, is posted to the sudder station of the district of Mymensingh.

The 22nd December 1885.—Baboo Toolsi Das Mookerjee, Officiating Deputy Magistrate and Deputy Collector, Jessore, was on leave under section 128, Rule 1, chapter X of the Civil Leave Code, from the afternoon of the 13th June to the afternoon of the 4th July 1885.

The Lieutenant-Governor accepts the resignation tendered by Dr. E. W. Chambers of his appointment as Coroner of Calcutta.

Mr. B. L. Gupta is appointed to be Coroner of Calcutta, with effect from the date on which he joined his appointment.

Baboo Burhandeo Narain, Temporary Deputy Magistrate and Deputy Collector, Durbhanga, is vested with the powers of a Collector under Act X of 1870 in that district.

Mr. C. N. Banerjee, Deputy Magistrate and Deputy Collector, Behar, Patna, is transferred to Howrah.

Mr. A. Ahmad, Assistant Magistrate and Collector, Patna, is appointed to have charge of the Behar sub-division of that district.

Baboo Akhoy Coomar Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, Balasore, is transferred to Bogra, and is posted to the Sudder Station of that district, on being relieved by Baboo Juggo Mohun Roy.

Baboo Juggo Mohun Roy, Deputy Magistrate and Deputy Collector, Cuttack, on leave, is transferred to Balasore, and is posted to the Sudder Station of that district.

Mr. W. H. Page, Officiating District and Sessions Judge, Furreedpore, is allowed leave for one month, under the note to Rule 2, Section 73, Chapter V of the Civil Leave Code, with effect from the 6th proximo, or from such subsequent date as he may avail himself of it.

Mr. F. W. Badcock, Joint Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is appointed to act as District and Sessions Judge of Furreedpore during the absence, on leave, of Mr. W. H. Page, or until further orders.

Mr. R. M. Towers, Officiating District and Sessions Judge, Midnapore, is confirmed in that appointment.

Mr. T. D. Beighton, Officiating District and Sessions Judge, Moorshedabad, is confirmed in that appointment.

Mr. W. F. Meres is appointed to be District and Sessions Judge of Furreedpore, but will continue to be on deputation under the Government of India until further orders.

Mr. J. Crawford, Officiating District and Sessions Judge, Nuddea, is confirmed in that appointment.

Mr. J. F. Bradbury, Officiating District and Sessions Judge, Backergunge, is confirmed in that appointment.

[*Government Gazette, 29th December* 1885.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আদেশ ।

৪৩৬৮ A নম্বর ।

সাধারণ ।—১৮৮৫ সাল ১৫ ডিসেম্বর । – শ্রীযুত ডব লউ, কেম্বল সাহেব, সি. এস, বিশেষ ছুটী লইয়া ১৮৮৫ সালের ২৭ নবেম্বরে ভারতবর্ষহইতে স্বীয় গমনের রিপোর্ট করেন।

১৮৮৫ সাল ২১ ডিসেম্বর।—বৰ্দ্ধমানের অন্তর্গত কাটওয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধামাধব বসু যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারামত দেড় মাসের ছুটী পাইলেন।

বীরভূমের অন্তর্গত রামপুর হাটের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জগচ্চন্দ্র সোম বৰ্দ্ধমানে প্রেরিত হইয়া স্বীয় কর্ম্ম গ্রহণের তারিখ অবধি উক্ত জিলার অন্তর্গত কাটওয়া মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু জগচ্চন্দ্র সোমকে কিয়ৎকালের নিমিত্ত বাঁকুড়া জিলার অন্তর্গত বিষ্ণুপুর মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত করণ বিষয়ক গত মাসের ১৯ তারিখের আজ্ঞা এতদ্দ্বারা রহিত করা গেল।

মেদিনীপুরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে, এচ, বার্ণার্ড সাহেব ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইলেন।

ছুটীপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ভগবানচন্দ্র সেন, ময়মনসিংহ জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

১৮৮৫ সাল ২২ ডিসেম্বর।—যশোহরের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু তুলসীদাস মুখোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১২৮ ধারার ১ প্রকরণমতে ১৮৮৫ সালের ১৩ জুনের অপরাহ্ন অবধি ৪ জুলাই অপরাহ্ন পর্য্যন্ত ছুটী লইয়াছিলেন।

ডাক্তর শ্রীযুত ই, ডবলিউ, চেম্বর্স সাহেব কলিকাতার করনরস্বরূপ স্বীয় পদত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

শ্রীযুত বি, এল, গুপ্ত স্বীয় কর্ম্ম গ্রহণের তারিখ অবধি কলিকাতার করনরের পদে নিযুক্ত হইলেন।

দ্বারভঙ্গার কিয়ৎকালীন ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বংশদেব নারায়ণ উক্ত জিলায় ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরের ক্ষমতা পাইলেন।

পাটনার অন্তর্গত বেহারের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি, এল, বন্দ্যোপাধ্যায় হাবড়ায় প্রেরিত হইলেন।

পাটনার আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ, আহম্মদ উক্ত জিলার অন্তর্গত বেহার মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু অক্ষয়কুমার চট্টোপাধ্যায়, শ্রীযুত বাবু জগন্মোহন রায়ের প্রতি কর্ম্মের ভারার্পণ করিয়া বগুড়ায় প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

ছুটী প্রাপ্ত কটকের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু জগন্মোহন রায় বালেশ্বরে প্রেরিত হইয়া সেই জিলার সদর মোকামে অবস্থাপিত হইলেন।

ফরীদপুরের একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত ডবলিউ, এচ, পেজ সাহেব আগামি মাসের ৬ তারিখ অবধি অথবা তাহার পরে যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ ধারার ২ প্রকরণের মন্তব্যমতে এক মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত ডবলিউ, এচ, পেজ সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় ২৪ পরগনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, ডবলিউ, ব্যাডকক সাহেব ফরীদপুরের ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

মেদিনীপুরের একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত আর, এম, টৌয়ার্স সাহেব সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

মুরশিদাবাদের একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত টি, ডি বেটন সাহেব সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত ডবলিউ, এচ, মিয়র্স সাহেব ফরীদপুরের ডিষ্ট্রিক্ট ও সেশন জজের পদে নিযুক্ত হইলেন কিন্তু যাবৎ অন্য আজ্ঞা না হয়, রাজ কার্য্যান্তরে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের অধীনে নিযুক্ত থাকিবেন।

নদীয়ার একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত জে, ক্রাফর্ড সাহেব সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

বাখরগঞ্জের একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত জে, এফ, ব্রাডবরি সাহেব সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৯ ডিসেম্বর।]

Mr. J. G. Charles is appointed to be District and Sessions Judge, Pubna, but will continue to act as Additional Judge, 24-Pergunnahs, until further orders.

Mr. C. A. Kelly, Officiating District and Sessions Judge, Dinagepore, is confirmed in that appointment.

Mr. J. Whitmore is appointed to be District and Sessions Judge of Noakholly, but will continue to act as District and Sessions Judge, Rungpore, until further orders.

POLICE.—*The 19th December* 1885.—The leave on private affairs for six months granted to Mr. F. A. Chichester, Assistant Superintendent of Police, has been commuted by Her Majesty's Secretary of State for India into leave on medical certificate for twelve months.

The 22nd December 1885.—Mr. C. P. Crouch, District Superintendent of Police, is posted to Balasore.

Mr. G. H. P. Livesay, Assistant Superintendent of Police, is posted to Gya on being relieved of his present appointment as Temporary Additional Deputy Commissioner of Police for the town of Calcutta.

The services of Mr. A. B. Barnard, Assistant Superintendent of Police, in temporary charge of the district police of Balasore, are placed temporarily at the disposal of the Commissioner of Police. Calcutta.

Under section 5, Act IV (B.C.) of 1866, the Lieutenant-Governor appoints Mr. A. B. Barnard temporarily to be an Additional Deputy Commissioner of Police for the town of Calcutta with effect from the date on which he joins his appointment.

Mr W. D. Pratt, District Superintendent of Police, Moorshedabad, on leave, is transferred to Burdwan.

Mr. H. S Schurr, Assistant Superintendent of Police, is posted to Nuddea, on being relieved of his present appointment as Officiating District Superintendent of Police, Burdwan.

REGISTRATION.—*The 21st December* 1885.—Baboo Jagat Chunder Gangooly, Special Sub-Registrar, Howrah, is allowed leave for three months, under section 72, chapter V of the Civil Leave Code, with effect from the date on which he may be relieved.

Mr. H H. Birch, Officiating Deputy Magistrate and Deputy Collector, Julpigoree, is also appointed to be Sudder Sub-Registrar of Julpigoree, with effect from the 24th November 1885, *vice* Mr. J. T. Babonau, transferred.

The 22nd December 1885.—Baboo Rajendra Nath Ghose, Deputy Magistrate and Deputy Collector, Rajshahye, is also appointed to be Sudder Sub-Registrar of Rampore Beauleah with effect from the 12th instant, *vice* Mr. H. Cox.

Baboo Mohim Chunder Roy Chowdhry, Rural Sub-Registrar of Jhenidah in Jessore, is appointed to act as Special Sub-Registrar of Howrah during the absence, on leave, of Baboo Jagat Chunder Gangooly or until further orders.

Baboo Ramottom Ghose Chowdhry is appointed to act as Rural Sub-Registrar of Jhenidah in the District of Jessore during the absence, on deputation, of Baboo Mohim Chunder Roy Chowdhry or until further orders.

Baboo Beni Madhub Ghose, Rural Sub-Registrar of Ketugram, in the district of Burdwan, is appointed to be Rural Sub-Registrar of Sahebgunge, in the same district, *vice* Baboo Satiya Nidhi Ghosal, resigned.

EDUCATION.—*The 17th December* 1885.—Mr A. E. Gough, Professor, Presidency College, acted in class II of the Bengal Educational Service from the 7th September to the 9th October 1885, both days inclusive, *vice* Mr. G. Bellett, on deputation.

Dr. Prasanna Kumar Ray, Professor, Dacca College, acted in class III of the Bengal Educational Service from the 7th September to the 9th October 1885, both days inclusive, *vice* Mr. R. Parry, on leave.

Mr. R. Parry, Professor, Patna College, is re-appointed to act in class II of the Bengal Educational Service with effect from the 10th October 1885, *vice* Mr. G. Bellett, on deputation.

[*Government Gazette, 29th December* 1885.]

শ্রীযুত জে, জি, চার্লস সাহেব পাবনার ডিষ্ট্রিক্ট ও সেশন জজের পদে নিযুক্ত হইলেন, কিন্তু যাবৎ অন্য আজ্ঞা না হয় ২৪ পরগনার আডিশ্যনল জজের কর্ম্ম করিতে থাকিবেন।

দিনাজপুরের একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত সি, এ, কেলি সাহেব সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত জে, উইটমোর সাহেব নওয়াখালীর ডিষ্ট্রিক্ট ও সেশন জজের পদে নিযুক্ত হইলেন, কিন্তু যাবৎ অন্য আজ্ঞা না হয় রঙ্গপুরের ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিতে থাকিবেন।

পোলীস বিষয়ক।—১৮৮৫ সাল ১৯ ডিসেম্বর।—পোলীসের আসিস্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ, এ, চিচেষ্টর সাহেব নিজ প্রয়োজনের নিমিত্ত যে ছয় মাসের ছুটী পান ভারতবর্ষের পক্ষে শ্রীশ্রীমতীর ষ্টেট সেক্রেটরী সাহেব তাহা চিকিৎসকের সর্টিফিকেটক্রমে বার মাসের ছুটী বলিয়া গণ্য করিলেন।

১৮৮৫ সাল ২২ ডিসেম্বর।—পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত সি, পি, ক্রোফ সাহেব বালেশ্বরে অবস্থাপিত হইলেন।

পোলীসের আসিস্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জি, এচ, পি, লাইবসে সাহেব কলিকাতা নগরের পোলীসের কিয়ৎকালীন আডিশ্যনল ডেপুটী কমিশ্যনর স্বরূপ স্বীয় বর্ত্তমান কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করিয়া গয়ায় অবস্থাপিত হইলেন।

বালেশ্বরের ডিষ্ট্রিক্ট পোলীসের কার্য্যের কিয়ৎকালীন অধ্যক্ষতা ভারপ্রাপ্ত পোলীসের আসিস্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এ, বি, বার্ণার্ড সাহেব কিয়ৎকালের নিমিত্ত কলিকাতার পোলীসের কমিশ্যনরের আজ্ঞাধীনে সংস্থাপিত হইলেন।

শ্রীযুত এ, বি, বার্ণার্ড সাহেব যে তারিখে কলিকাতা নগরের পোলীসের আডিশ্যনল ডেপুটী কমিশ্যনরের কর্ম্ম গ্রহণ করেন শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ১৮৬৬ সালের বঙ্গীয় ৪ আইনের ৫ ধারামতে সেই তারিখ অবধি কিয়ৎকালের নিমিত্তে তাঁহাকে সেই পদে নিযুক্ত করিলেন।

ছুটী প্রাপ্ত মুরশিদাবাদের পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ, ডি, প্রাট সাহেব বর্দ্ধমানে প্রেরিত হইলেন।

পোলীসের আসিস্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, এস, শর সাহেব বর্দ্ধমানের পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টস্বরূপ আপন কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করিয়া নদীয়ায় অবস্থাপিত হইলেন।

রেজিস্টরী করণ বিষয়ক।—১৮৮৫ সাল ২১ ডিসেম্বর।—হাবড়ার বিশেষ সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু জগচ্চন্দ্র গঙ্গোপাধ্যায় অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করিবার তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭২ ধারামতে তিন মাসের ছুটী পাইলেন।

শ্রীযুত জে, টি, ববলো সাহেব স্থানান্তরে প্রেরিত হওয়াতে জলপাইগুড়ির একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, এচ, বর্চ সাহেব ১৮৮৫ সালের ২৩ নবেম্বর অবধি জলপাইগুড়ির সদর সব-রেজিষ্ট্রারের পদেও নিযুক্ত হইলেন।

১৮৮৫ সাল ২২ ডিসেম্বর।—শ্রীযুত এচ, কক্স সাহেবের পরিবর্ত্তে রাজশাহীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাজেন্দ্রনাথ ঘোষ, এই মাসের ১১ তারিখ অবধি রামপুর বোয়ালিয়ার সদর সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু জগচ্চন্দ্র গঙ্গোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, যশোহরের অন্তর্গত ঝিনিদহের গ্রাম্য সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু মহিমচন্দ্র রায় চৌধুরী হাবড়ার বিশেষ সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু মহিমচন্দ্র রায় চৌধুরীর অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু রামোত্তম ঘোষ চৌধুরী যশোহর জিলার অন্তর্গত ঝিনিদহের গ্রাম্য সব-রেজিষ্ট্রারের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু সত্যনিধি ঘোষাল কর্ম্ম ত্যাগ করাতে বর্দ্ধমান জিলার অন্তর্গত কেতুগ্রামের গ্রাম্য সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু বেণীমাধব ঘোষ উক্ত জিলার অন্তর্গত সাহেবগঞ্জের গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন।

শিক্ষা বিষয়ক।—১৮৮৫ সাল ১৭ ডিসেম্বর।—রাজকার্য্যান্তরে নিযুক্ত শ্রীযুত বেলেট সাহেবের পরিবর্ত্তে প্রেসিডেন্সী কালেজের অধ্যাপক শ্রীযুত এ, ই, গফ সাহেব ১৮৮৫ সালের ৭ সেপ্টেম্বর অবধি ৯ অক্টোবর পর্য্যন্ত বঙ্গদেশের শিক্ষা সংক্রান্ত কার্য্যের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিয়াছেন।

শ্রীযুত আর, পারি সাহেব ছুটী লওয়াতে ঢাকা কালেজের অধ্যাপক ডাক্তর শ্রীযুত প্রসন্নকুমার রায় ১৮৮৫ সালের ৭ সেপ্টেম্বর অবধি ৯ অক্টোবর পর্য্যন্ত বঙ্গদেশের শিক্ষা সংক্রান্ত কার্য্যের তৃতীয় শ্রেণীমতে কর্ম্ম করিয়াছেন।

শ্রীযুত জি, বেলেট সাহেবের পরিবর্ত্তে পাটনা কালেজের অধ্যাপক শ্রীযুত আর, পারি সাহেব ১৮৮৫ সালের ১০ অক্টোবর অবধি বঙ্গদেশের শিক্ষাসংক্রান্ত কার্য্যের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৯ ডিসেম্বর।]

Baboo Mohini Mohan Dutt was employed as temporary Lecturer in Psychology in the Patna College from the 7th September to the 9th October 1885, both days inclusive, during the absence, on leave, of Mr. R. Parry.

The 19th December 1885.—Mr. G. E. Manisty, Joint Magistrate and Deputy Collector, Patna, is appointed to be Secretary to the District School Committee of Patna, *vice* Mr. H. Holmwood, transferred.

MEDICAL.—*The 21st December* 1885.—In modification of the order of the 12th October 1885, Surgeon-Major J. F. P. McConnell, Officiating Professor of Materia Medica and Clinical Medicine, Medical College, Calcutta, was on privilege leave from the afternoon of the 16th October to the forenoon of the 17th November 1885.

Surgeon J. B. Gibbons, Resident Physician, Medical College Hospital, Calcutta, acted as Professor of Materia Medica and Clinical Medicine from the afternoon of the 16th October to the forenoon of the 17th November 1885, in addition to his own duties.

Assistant Surgeon Amrita Lal Das, Assistant to the Civil Surgeon, 24-Pergunnahs, held charge of the office of Resident Surgeon, Medical College Hospital, Calcutta, from the 22nd September to the 30th October 1885, both days inclusive, in addition to his own duties as 2nd Demonstrator of Anatomy, Medical College.

In modification of the order of the 28th August last, Surgeon-Major D. O'C. Raye, Professor of Surgical and Descriptive Anatomy, Medical College, Calcutta, was on privilege leave from the afternoon of the 31st October to the forenoon of the 16th November 1885.

Surgeon D. G. Crawford, Officiating Civil Surgeon of Hazaribagh, acted as Professor of Surgical and Descriptive Anatomy in the Medical College, Calcutta, and as Second Surgeon to the College Hospital, from the afternoon of the 31st October to the forenoon of the 16th November 1885, in addition to his own duties as Officiating Resident Surgeon Medical College Hospital.

The 22nd December 1885.—Surgeon J. Clarke, Temporary Second Resident Surgeon, Presidency General Hospital, was on tour with His Honour the Lieutenant Governor from the 18th September to the 5th October 1885, both days inclusive.

The following notifications are republished from the *Assam Gazette*:—

No. 372.—*The 2nd December* 1885.—Mr. H. C. Williams, C.S., Officiating Inspector-General of Police and Jails, &c., is confirmed in that appointment, with effect from the 14th September 1885, *vice* Mr. T. J. Murray, C.S., deceased.

Consequent on the promotion of Mr. H. C. Williams, C.S., as Inspector-General of Police and Jails, the following promotions are made in the Assam Commission:—

Mr. J. Knox Wight, C.S., Deputy-Commissioner, fourth grade, to be Deputy Commissioner, third grade.

* * * * * * *

Mr. A. J. Primrose, C.S., Assistant-Commissioner, second grade, to be Assistant-Commissioner, first grade.

Mr. J. C. Arbuthnott, C.S., Assistant-Commissioner, third grade, to be Assistant-Commissioner, second grade.

Mr. P. C. Lyon, C.S., Supernumerary Assistant Commissioner, third grade, is absorbed in that grade.

No. 84.—*The 11th December* 1885.—Leave of absence for one month and fifteen days, under section 128, chapter X of the Civil Leave Code, is granted to Baboo Pran Krishna Biswas, Munsif of Sunamganj, in the district of Sylhet, with effect from the 9th November 1885.

F. B. PEACOCK,
Chief Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 29th December* 1885.]

শ্রীযুত আর, পারি সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে, শ্রীযুত বাবু মোহিনীমোহন দত্ত, ১৮৮৫ সালের ৭ সেপ্টেম্বর অবধি ৯ অক্টোবর পর্য্যন্ত পাটনা কালেজে মনোবিজ্ঞানের কিয়ৎকালীন উপদেশকস্বরূপ নিযুক্ত ছিলেন।

১৮৮৫ সাল ১৯ ডিসেম্বর।—শ্রীযুত এচ. হোমউড সাহেব স্থানান্তরে প্রেরিত হওয়ায় পাটনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি, ই, মানিফি সাহেব পাটনা জিলার স্কুল কমিটীর সেক্রেটরীর পদে নিযুক্ত হইলেন।

চিকিৎসা বিষয়ক।—১৮৮৫ সাল ২১ ডিসেম্বর।—১৮৮৫ সালের ১২ অক্টোবরের আজ্ঞা পরিবর্ত্তন করিয়া এই আজ্ঞা করা গেল। কলিকাতার মেডিকাল কালেজে দ্রব্যগুণ তত্ত্ববিদ্যার ও শয্যাগত ব্যক্তিদের ঔষধ বিদ্যার একটিং অধ্যাপক সর্জন-মেজর শ্রীযুত জে, এফ, পি, মাকুকনেল সাহেব ১৮৮৫ সালের ১৬ অক্টোবরের অপরাহ্ণ অবধি ১৭ নবেম্বরের পূর্ব্বাহ্ণ পর্য্যন্ত অনুগ্রহের ছুটী লইয়াছিলেন।

কলিকাতার মেডিকাল কালেজ হাস্পাতালের রেসিডেণ্ট ফিজিসিয়ন সর্জন শ্রীযুত জে, বি, গিবন্স সাহেব আপন কর্ম্মাতিরিক্ত ১৮৮৫ সালের ১৬ অক্টোবরের অপরাহ্ণ অবধি ১৭ নবেম্বরের পূর্ব্বাহ্ণ পর্য্যন্ত দ্রব্যগুণতত্ত্ব বিদ্যার ও শয্যাগত ব্যক্তিদের ঔষধ বিদ্যার অধ্যাপকের কর্ম্ম করিয়াছেন।

২৪ পরগনার সিবিল সর্জনের আসিস্টাণ্ট, আসিস্টাণ্ট সর্জন শ্রীযুত অমৃতলাল দাস মেডিকাল কালেজে ব্যবচ্ছেদ বিদ্যার দ্বিতীয় উপদেশকস্বরূপ আপন কর্ম্মাতিরিক্ত ১৮৮৫ সালের ২২ সেপ্টেম্বর অবধি ৩০ অক্টোবর পর্য্যন্ত কলিকাতার মেডিকাল কালেজ হাস্পাতালের রেসিডেণ্ট সর্জনের কার্য্যের ভার প্রাপ্ত ছিলেন।

গত আগষ্ট মাসের ১৮ তারিখের আজ্ঞা পরিবর্ত্তন করিয়া এই আজ্ঞা করা গেল। কলিকাতার মেডিকাল কালেজে ব্যবচ্ছেদ ও শারীরতত্ত্ব বিদ্যার অধ্যাপক সর্জন শ্রীযুত ডি ও' সি রে সাহেব ১৮৮৫ সালের ৩১ অক্টোবরের অপরাহ্ণ অবধি ১৬ নবেম্বরের পূর্ব্বাহ্ণ পর্য্যন্ত অনুগ্রহের ছুটী লইয়াছিলেন।

হাজারীবাগের একটিং সিবিল চিকিৎসক সর্জন শ্রীযুত ডি, জি, ক্রাফর্ড সাহেব কলিকাতার মেডিকাল কালেজ হাস্পাতালের একটিং রেসিডেণ্ট সর্জনস্বরূপ আপন কর্ম্মাতিরিক্ত ১৮৮৫ সালের ৩১ অক্টোবরের অপরাহ্ণ অবধি ১৬ নবেম্বরের পূর্ব্বাহ্ণ পর্য্যন্ত কলিকাতার মেডিকাল কালেজে ব্যবচ্ছেদ ও শারীরতত্ত্ব বিদ্যার অধ্যাপকের ও কালেজ হাস্পাতালের দ্বিতীয় সর্জনের কর্ম্ম করিয়াছেন।

১৮৮৫ সাল ২২ ডিসেম্বর।—প্রেসিডেন্সী জেনরল হাস্পাতালের কিয়ৎকালীন দ্বিতীয় রেসিডেণ্ট সর্জন, সর্জন শ্রীযুত জি, ক্লার্ক সাহেব ১৮৮৫ সালের ১৮ সেপ্টেম্বর অবধি ৫ অক্টোবর পর্য্যন্ত মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের সঙ্গে গমন করিয়াছিলেন।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেট হইতে উদ্ধৃত করা গেল।—

৩৭২ নম্বর।—১৮৮৫ সাল ২ ডিসেম্বর।—টি, জে, মরে, সি, এস, সাহেবের মৃত্যু হওয়াতে পোলীসের ও জেল প্রভৃতির একটিং ইনস্পেক্টর জেনরল শ্রীযুত এচ, সি, উলিয়মস সাহেব, সি, এস, ১৮৮৫ সালের ১৪ সেপ্টেম্বর অবধি সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এচ, সি, উলিয়মস সাহেব, সি, এস, পোলীস ও জেল সমূহের ইনস্পেক্টর জেনরলের পদভুক্ত হওয়াতে আসাম কমিশ্যনে নিম্নলিখিত পদবৃদ্ধি করা গেল।

চতুর্থ শ্রেণীর ডেপুটী কমিশ্যনর শ্রীযুত জে, নক্স ওয়াইট সাহেব, সি, এস, তৃতীয় শ্রেণীর ডেপুটী কমিশ্যনর হইবেন।—

* * * * * * *

দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত এ, জে, প্রিমরোস সাহেব সি, এস, প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট কমিশ্যনর হইবেন।

তৃতীয় শ্রেণীর আসিস্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত জে, সি, আর্ব্বথনট সাহেব সি, এস, দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট কমিশ্যনর হইবেন।

তৃতীয় শ্রেণীর অতিরিক্ত আসিস্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত সি, পি, লিয়ল সাহেব সি, এস, সেই শ্রেণীভুক্ত হইলেন।

৮৪ নম্বর।—১৮৮৫ সাল ১০ ডিসেম্বর।—শ্রীহট্ট জিলার অন্তর্গত সুনামগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু প্রাণকৃষ্ণ বিশ্বাস সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১২৮ ধারামতে ১৮৮৫ সালের ৯ নবেম্বর অবধি এক মাস পনের দিনের ছুটী পাইলেন।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৯ ডিসেম্বর।]

NOTIFICATION.

The 19th December 1885.—It is hereby notified that the number of appointments to be competed for at the examination of candidates for admission into the Opium Department to be held in January next will be three.

F. B. PEACOCK,
Chief Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 11th December 1885.—The Lieutenant-Governor is pleased to declare, under the provisions of section 26 of the Indian Forest Act (VII of 1878), and with the previous sanction of the Governor-General in Council, that the area specified below, which in the notification of the 23rd January 1879, published at page 74, Part I of the *Calcutta Gazette* of the 29th January 1879, was declared to be a reserved forest under section 34 of that Act, shall, from the 1st January 1886, cease to be reserved forest, and that it shall from that date be re-transferred to the charge of the Deputy Commissioner of the Darjeeling district:—

DISTRICT.	Pergunnah or other sub-division.	Name of forest.	Description of boundaries.
Darjeeling ...	Hill Territory..	Merig ...	*North.*—The Runghong river. *East.*—The Marma estate. *South.*—The Phoogarhi land. *West.*—The Siminpokri, Singhee Soaba's and Tharboo estates.

A. P. MACDONNELL,
Secy. to the Govt of Bengal.

NOTIFICATION.

The 21st December 1885.—The Lieutenant-Governor is pleased to accept the resignation of Baboo Sreenath Mozumdar and Baboo Chandra Kanta Mozumdar of their appointments as members of the Commission appointed under section 2, Act VI of 1880 (Bengal Drainage Act), by notification dated the 9th August 1882, for the purpose of carrying out the provisions of the Act in connection with the drainage and improvement of the Mahisgari and Kristopore *bheels,* otherwise known as the Asmanpore and Jalapara *bheels,* in the Kushtea sub-division of the district of Nuddea. The Lieutenant-Governor also sanctions the removal of the members named below from the said Commissionon account of their non-attendance at meetings of the Committee:—

Baboo Poari Mohun Sircar. | Baboo Prasanna Coomar Sircar.
Baboo Poolin Chandra Sircar.

2. The following gentlemen are appointed in the place of those named in the preceding paragraph for the purposes specified above:—

Baboo Nuffer Chunder Koondoo. | Baboo Jodoo Nath Sen.
Baboo Amba Chandra Moitro.

A. P. MACDONNELL,
Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 4269A.

NOTIFICATION.

The 21st December 1885.—The following official caution in regard to the explosion of coal gas on board-ship is published for general information.

The Lieutenant-Governor accepts the resignation tendered by Baboo KoylashChunder Roy Mahasoy of his appointment of Honorary Magistrate of the Balasore district.

[*Government Gazette, 29th December* 1885.]

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৯ ডিসেম্বর।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, আগামি জানুয়ারি মাসে আবকারি কার্য্যবিভাগে গ্রহণাকাঙ্ক্ষিদের প্রতিযোগিতার যে পরীক্ষা হইবে তাহার নিয়োগের সংখ্যা তিনটী হইবে।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১১ ডিসেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ভারতবর্ষীয় বনবিষয়ক ১৮৭৮ সালের ৭ আইনের ২৬ ধারার বিধানমতে ও মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্ণর জেনরল সাহেবের অনুমতি গ্রহণপূর্ব্বক এই আদেশ করিলেন যে, ১৮৭৯ সালের মার্চ্চ মাসের ২৫ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ২৩৭ পৃষ্ঠায় প্রকাশিত ১৮৭৯ সালের ২৩ জানুয়ারি তারিখের বিজ্ঞাপনে নিম্নলিখিত যে ভূমি খণ্ড উক্ত আইনের ৩৪ ধারামতে রক্ষিত বন হইবে বলিয়া প্রকাশ করা গিয়াছিল তাহা ১৮৮৬ সালের ১ জানুয়ারি অবধি আর রক্ষিত বন হইবে না, উক্ত ভূমি খণ্ড উক্ত তারিখ অবধি দার্জ্জিলিঙ্গ জিলার ডেপুটী কমিশ্যনরের কর্ত্তৃত্বাধীনে পুনর্ব্বার অর্পণ করা গেল।

জিলা।	পরগণা বা অন্য উপবিভাগ।	বনের নাম।	সীমা।
দার্জ্জিলিঙ্গ ...	পর্ব্বতীয় প্রদেশ ...	মেরিগ	উত্তর সীমা।—রঙ্গযোঙ্গ নদী। পূর্ব্বসীমা।—মর্ম্মা মহাল। দক্ষিণ সীমা।—কৃষাণী জমি। পশ্চিম সীমা।—সিমিনপুকুরি ও সিংবী—দুতার ও থাক্‌ ইষ্টেট।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ২১ ডিসেম্বর।—নদীয়া জিলার অন্তর্গত কুষ্ট্যা মহকুমার সামিল নামান্তরে আসমানপুর ও জলাপাড়া বিল নামে খ্যাত মহিষগাড়ি ও কৃষ্ণপুর বিলের জলপ্রণালী ও উৎকর্ষ সাধন সম্পর্কে বঙ্গদেশের জলপ্রণালী বিষয়ক ১৮৮০ সালের বঙ্গীয় ৬ আইনের বিধান কার্য্যোপরিণত করণার্থে উক্ত আইনের ধারামতে ও ১৮৮২ সালের ৯ আগষ্টে বিজ্ঞাপনক্রমে নিযুক্ত কমিশ্যনের মেম্বরের পদ ত্যাগকরণার্থে শ্রীযুত বাবু শ্রীনাথ মজুমদার ও শ্রীযুত বাবু চন্দ্রকান্ত মজুমদার যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব কমিটীর অধিবেশনে অনুপস্থিত হওয়া প্রযুক্ত উক্ত কমিশ্যনের নিম্নলিখিত মেম্বরদিগকে অপসৃত হইবার অনুমতিও দিলেন।—

শ্রীযুত বাবু পেয়ারীমোহন সরকার। | শ্রীযুত বাবু প্রসন্নকুমার সরকার।
শ্রীযুত বাবু পুলিনচন্দ্র সরকার।

২। নিম্নলিখিত মহাশয়েরা উপরোক্ত কার্য্যপক্ষে পূর্ব্ব দফার লিখিত ব্যক্তিদের স্থানে নিযুক্ত হইলেন।—

শ্রীযুত বাবু নফরচন্দ্র কুণ্ডু। | শ্রীযুত বাবু যদুনাথ সেন।
শ্রীযুত বাবু অম্বাচন্দ্র মৈত্র।

এ, পি, মাকডনেল,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

৪২৬৯ A নম্বর।

১৮৮৫ সাল ২১ ডিসেম্বর।—এই মাসের ৮ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত বিজ্ঞাপন রহিত করিয়া নিম্নলিখিত সংশোধিত বিজ্ঞাপন প্রকাশ করা গেল।

শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র রায় মহাশয় বালেশ্বর জিলার অবৈতনিক মাজিষ্ট্রেটস্বরূপ স্বীয় পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৯ ডিসেম্বর।]

Under clause 6, section 3 of the Land Acquisition Act X of 1870, Baboo Jogendro Nath Roy, Senior Munsif of Muraduuggar, in the district of Tipperah, is appointed to perform the functions of a Judge under that Act within the local limits of his Munsifi.

Baboo Khagendra Chundra Banerjee is appointed to be an Honorary Magistrate for the Independent Bench at Kendrapara, in the district of Cuttack, and is vested with the powers of a Magistrate of the third class.

Under the authority vested in him by the final clause of section 357 of the Code of Criminal Procedure, Act X of 1882, the Lieutenant-Governor empowers Baboo Priya Nath Mukherji, Officiating Deputy Magistrate and Deputy Collector, Rungpore, to take down evidence in criminal cases in the English language.

Mr. A. W. Cosserat, Deputy Magistrate and Deputy Collector, Tipperah, is vested with powers under sections 110 and 133 of the Code of Criminal Procedure.

Baboo Sreenath Gupta, Deputy Magistrate and Deputy Collector, Moorshedabad, is vested with powers under sections 110 and 133 of the Code of Criminal Procedure.

Baboo Ram Prosad Singh is appointed to be an Honorary Magistrate for the sudder Bench of Cuttack, and is vested with the powers of a Magistrate of the third class.

The Lieutenant-Governor accepts the resignation tendered by Baboo Abinash Chunder Chatterjee of his appointment as an Honorary Magistrate of the Sudder Bench of Cuttack.

The 22nd December 1885.—Baboo Iswar Chandra Chatterjee, B.L., is appointed to act as a Munsif in the district of Chittagong, to be ordinarily stationed at North Putteah, during the absence, on leave, of Baboo Nritya Gopal Sircar, or until further orders.

Mr. P. H. O'Brien, Officiating Joint-Magistrate and Deputy Collector, Naraingunge, Dacca, is vested with the power to try summarily the offences mentioned in section 260 of the Code of Criminal Procedure.

Baboo Ram Churun Mullik, M.A., B.L., is appointed to act as a Munsif in the district of Tipperah, to be ordinarily stationed at Kusba, during the absence, on leave, of Baboo Gour Charan Roy, or until further orders.

Mr. Syud Abdur Rohman, Barrister-at-Law, is appointed to act as a Munsif in the district of Rungpore, to be ordinarily stationed at Kurigram, during the absence, on leave, of Baboo Prosunno Kumar Roy, or until further orders, with effect from the date on which he joined his appointment.

Baboo Kishori Lal Sen, B.L., is appointed to act as a Munsif in the district of Mymensingh, to be ordinarily stationed at Ghosegong, during the absence, on leave, of Baboo Rash Behari Basu, or until further orders.

Baboo Jagul Kishor Dé, B.L., Officiating Munsif of Phulbari in the district of Dinagepore, is appointed to act as a Munsif in the district of Mymensingh, to be ordinarily stationed at Netrokona, during the absence, on leave, of Baboo Nibarun Chandra Banerjee, or until further orders.

Baboo Panch Kari Dé, B.L., is appointed to act as a Munsif in the district of Patna, to be ordinarily stationed at Behar, during the absence, on leave, of Moulvie Amir Ali Khan, or until further orders with effect from the date on which he joined his appointment.

Mr. F. F. Handley, Joint-Magistrate and Deputy Collector, Midnapore, is vested with powers under sections 110, 407 and 524 of the Code of Criminal Procedure.

Mr. F. W. Badcock, Joint-Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, is vested with powers under sections 110, 133, 191, (c), 260 and 407 of the Code of Criminal Procedure.

Baboo Brojendro Coomar Seal, District Judge of Bankoora and Assistant Sessions Judge of Burdwan, is allowed leave for six weeks under section 128, chapter X of the Civil Leave Code, with effect from the date on which he may avail himself of it.

Baboo Pramatha Nath Mookerjee, Subordinate Judge and Small Cause Court Judge Rajshahye, is allowed leave for ninety days under Rule 1, section 73, Chapter V of the Civil Leave Code, with effect from the 24th instant.

[*Government Gazette*, *29th December* 1885.]

ত্রিপুরা জিলার অন্তর্গত মুরাদনগরের পদজ্যেষ্ঠ মুনসেফ শ্রীযুত বাবু যোগেন্দ্রনাথ রায় ভূমি গ্রহণ বিষয়ক ১৮৭০ সালের ১০ আইনের ৩ ধারার ৬ প্রকরণমতে স্বীয় মুনসেফীর স্থান সীমার মধ্যে উক্ত আইনমতে জজের ক্ষমতাক্রমে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু খগেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায় কটক জিলার অন্তর্গত কেঁদড়াপাড়া স্বাধীন বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের প্রতি ফৌজদারী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক ১৮৮২ সালের ১০ আইনের ৩১৭ ধারার শেষ প্রকরণমতে প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য করিয়া তিনি রঙ্গপুরের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু প্রিয়নাথ মুখোপাধ্যায়কে ফৌজদারী মোকদ্দমায় ইংরেজী ভাষায় সাক্ষ্য লিখিয়া লইবার ক্ষমতা দিলেন।

ত্রিপুরার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ, ডবলিউ কসিরাট সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১১০ ও ১৩৩ ধারামত ক্ষমতা পাইলেন।

মুরশিদাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শ্রীনাথ গুপ্ত ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ১১০ ও ১৩৩ ধারামত ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু রামপ্রসাদ সিংহ কটকের সদর বেঞ্চে অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু অবিনাশচন্দ্র চট্টোপাধ্যায় কটকের সদর বেঞ্চের অবৈতনিক মাজিষ্ট্রেটস্বরূপ স্বীয় পদ ত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব তাহা গ্রহণ করিলেন।

১৮৮৫ সাল ২২ ডিসেম্বর।—শ্রীযুত বাবু নৃত্যগোপাল সরকারের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র চট্টোপাধ্যায়, বি, এল চট্টগ্রাম জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ উত্তর পতিয়ায় অবস্থাপিত হইবেন।

ঢাকার অন্তর্গত নারায়ণগঞ্জের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত পি, এচ. ও'ব্রাইন সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালী বিষয়ক আইনের ২৬০ ধারার লিখিত অপরাধের সরাসরী বিচার করিবার ক্ষমতা পাইলেন।

শ্রীযুত বাবু গৌরচরণ রায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু রামচরণ মল্লিক এম. এ, বি, এল, ত্রিপুরা জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ কসবায় অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু প্রসন্নকুমার রায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় বারিষ্টার-আট-লা শ্রীযুত সৈয়দ আবদুর রহমান রঙ্গপুর জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া স্বীয় কর্ম্ম গ্রহণের তারিখ অবধি সামান্যতঃ কুড়িগ্রামে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু রাসবিহারী বসুর ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু কিশোরীলাল সেন. বি, এল, ময়মনসিংহ জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ ঘোষগাঁরে অবস্থাপিত হইবেন।

শ্রীযুত বাবু নিবারণচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, দিনাজপুর জিলার অন্তর্গত ফুলবাড়ির একটিং মুনসেফ শ্রীযুত বাবু যুগলকিশোর দে, বি, এল, ময়মনসিংহ জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ নেত্রকোণায় অবস্থাপিত হইবেন।

শ্রীযুত মৌলবী আমির আলি খাঁর ছুটী প্রযুক্ত অনুপস্থিতিকালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, শ্রীযুত বাবু পাঁচকড়ি দে, বি, এল. পাটনা জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া স্বীয় কর্ম্ম গ্রহণের তারিখ অবধি সামান্যতঃ বেহারে অবস্থাপিত হইবেন।

মেদিনীপুরের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, এফ, হ্যাণ্ডলী সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্য প্রণালী বিষয়ক আইনের ১১০, ৪০৭ ও ৫২৪ ধারামত ক্ষমতা পাইলেন।

২৪ পরগনার জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ, ডবলিউ, বাডকক সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্য প্রণালীবিষয়ক আইনের ১১০, ১৩৩, ১৯১, (গা) ২৬০, ও ৪০৭ ধারামত ক্ষমতা পাইলেন।

বাঁকুড়ার ডিষ্ট্রিক্ট জজ ও বৰ্দ্ধমানের আসিষ্টাণ্ট সেশন জজ শ্রীযুত বাবু ব্রজেন্দ্রকুমার শীল যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১২৮ ধারামতে ছয় সপ্তাহের ছুটী পাইলেন।

রাজশাহীর সবর্ডিনেট জজ ও ছোট আদালতের জজ শ্রীযুত বাবু প্রমথনাথ মুখোপাধ্যায়, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭১ ধারার ১ প্রকরণমতে এই মাসের ২৪ তারিখ অবধি নব্বই দিনের ছুটী পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৯ ডিসেম্বর।]

Baboo Rakhal Chandra Bose, First Munsif of Goalundo, Furreedpore, is appointed to act as Subordinate Judge and Small Cause Court Judge of Rajshahye during the absence on leave of Baboo Pramatha Nath Mookerjee, or until further orders.

Baboo Lolit Kumar Bose, Second Munsif of Goalundo, Furreedpore, is appointed to act as First Munsif of that chowkey during the absence on deputation of Baboo Rakhal Chandra Bose, or until further orders.

Baboo Poresh Nath Chatterjee, B L., is appointed to act as a Munsif in the district of Furreedpore, to be ordinarily stationed at Goalundo, during the absence on deputation of Baboo Lolit Kumar Bose, or until further orders.

Baboo Sris Chandra Mukerji, M A., B.L., is appointed to act as an Additional Munsif in the district of Shahabad, to be ordinarily stationed at Arrah, with effect from the date on which he joined his appointment, till relieved by Baboo Kopali Prosanna Mookerjee.

Baboo Nilmoni Das, Officiating Subordinate Judge and Small Cause Court Judge of Pubna, is allowed leave for one month and fifteen days under rule I, section 73, Chapter V, of the Civil Leave Code, with effect from such date as he may avail himself of it.

Baboo Sham Chand Dhur, Additional Munsif of Monghyr, Bhagulpore, is appointed to act until further orders as Subordinate Judge and Small Cause Court Judge of Pubna.

Moulvi Syad Abdul Aziz is appointed to act as a Munsif in the district of Bhaugulpore, to be ordinarily stationed at Monghyr as an Additional Munsif, during the absence, on deputation, of Baboo Sham Chand Dhur, or until further orders.

GRANT OF LEAVE TO MUNSIFS.—*The 16th December* 1885.—Baboo Ras Bihary Basu, Munsif of Ghosegong, in the district of Mymensingh, is allowed leave for two months under rule 1, section 73, chapter V of the Civil Leave Code, with effect from the date on which he may be relieved.

The 21st December 1885.—Baboo Birej Krishna Ghose, Munsif of Cutwa, in the district of Burdwan, is allowed leave for two months under section 128, chapter X of the Civil Leave Code, in extension of the leave granted to him on the 12th September 1885.

F. B. PEACOCK,
Chief Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENT.

The 21st December 1885.

No. 492.—*Transfer.*—Mr. R. S. J. Routh, Executive Engineer, fourth grade, temporary rank, is transferred from the Naraingunge Dacca Mymensingh State Railway to the Tirhoot State Railway.

No. 493.—*Leave.*—Mr. J. C. Wyatt, Assistant Engineer, 1st grade, has been granted by the Secretary of State an extension of four months' leave on medical certificate in continuation of the 15 months' furlough which was granted in this Government notification No. 310, dated 21st July 1885.

RAILWAY.

The 21st December 1885.

No. 494.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government for a public purpose, *viz.*, for the use of the Nagpore Bengal State Railway, in the villages noted below, of pergunnah Kolhan, Singbhoom district, it is hereby declared that for the above purpose a piece of land measuring 49 acres 3 roods and 5 poles is required in the aforesaid villages.

[*Government Gazette, 29th December* 1885.]

শ্রীযুক্ত বাবু প্রমথনাথ মুখোপাধ্যায়ের ছুটী প্রযুক্ত অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ফরীদপুরের অন্তর্গত গোয়ালন্দের প্রথম মুনসেফ শ্রীযুক্ত বাবু রাখালচন্দ্র বসু রাজশাহীর সবর্ডিনেট জজের ও ছোট আদালতের জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুক্ত বাবু রাখালচন্দ্র বসুর অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয়, ফরীদপুরের অন্তর্গত গোয়ালন্দের দ্বিতীয় মুনসেফ শ্রীযুক্ত বাবু ললিতকুমার বসু উক্ত চৌকীর প্রথম মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুক্ত বাবু ললিতকুমার বসুর অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুক্ত বাবু পরেশনাথ চট্টোপাধ্যায়, বি, এল, ফরীদপুর জিলার মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া সামান্যতঃ গোয়ালন্দে অবস্থাপিত হইবেন।

শ্রীযুক্ত বাবু শ্রীশচন্দ্র মুখোপাধ্যায়, এম, এ, বি, এল, শাহাবাদ জিলায় আডিশ্যনল মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া স্বীয় কর্ম্মগ্রহণের তারিখ অবধি শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন মুখোপাধ্যায়ের প্রতি কর্ম্মের ভারার্পণ না করণ পর্য্যন্ত সামান্যতঃ আরায় অবস্থাপিত হইবেন।

পাবনার একটিং সবর্ডিনেট জজ ও ছোট আদালতের জজ শ্রীযুক্ত বাবু নীলমণি দাস যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ ধারার ১ প্রকরণমতে এক মাস পনের দিনের ছুটী পাইলেন।

ভাগলপুরের অন্তর্গত মুঙ্গেরের আডিশ্যনল মুনসেফ শ্রীযুক্ত বাবু শ্যামচাঁদ ধর যাবৎ অন্য আজ্ঞা না হয় পাবনার সবর্ডিনেট জজের ও ছোট আদালতের জজের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুক্ত বাবু শ্যামচাঁদ ধরের অনুপস্থিতি কালে অথবা যাবৎ অন্য আজ্ঞা না হয় শ্রীযুক্ত মৌলবী সৈয়দ আবদুল আজীজ ভাগলপুর জিলায় মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত হইয়া আডিশ্যনল মুনসেফস্বরূপ সামান্যতঃ মুঙ্গেরে অবস্থাপিত হইবেন।

মুনসেফদের ছুটী।—১৮৮৫ সাল ১৬ ডিসেম্বর।— ময়মনসিংহ জিলার অন্তর্গত গোবর্দ্দীর মুনসেফ শ্রীযুক্ত বাবু রাসবিহারী বসু অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করিবার তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৫ অধ্যায়ের ৭৩ ধারার ১ প্রকরণমতে দুই মাসের ছুটী পাইলেন।

১৮৮৫ সাল ২১ ডিসেম্বর।—বর্দ্ধমান জিলার অন্তর্গত কাটওয়ার মুনসেফ শ্রীযুক্ত বাবু বিরাজকৃষ্ণ ঘোষ ১৮৮৫ সালের ১২ সেপ্টেম্বরে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ অধ্যায়ের ১২৮ ধারামতে দুই মাসের ছুটী পাইলেন।

এফ, বি, পীকক,
বঙ্গদেশের গবর্নমেণ্টের প্রধান সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিবিলসংক্রান্ত বিষয়ক।

১৮৮৫ সাল ২১ ডিসেম্বর।

৫৯২ নম্বর।—স্থানান্তরে প্রেরণ।—ক্ষণকালীন চতুর্থ শ্রেণীর একজেকিটিব ইঞ্জিনিয়ার শ্রীযুক্ত আর, এস, জে, রুথ সাহেব নারায়ণগঞ্জ ঢাকা ময়মনসিংহ ষ্টেট রেলওয়ে হইতে ত্রিহুত ষ্টেট রেলওয়েতে প্রেরিত হইলেন।

৫৯৩ নম্বর।—ছুটী।—প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়ার শ্রীযুক্ত জে, সি, ওয়ায়েট সাহেব এই গবর্নমেণ্টের ১৮৮৫ সালের ২০ জুলাইর ১১০ নং বিজ্ঞাপনক্রমে যে পনের মাসের নিয়মিত ছুটী পান শ্রীযুক্ত ষ্টেট সেক্রেটরী সাহেব চিকিৎসকের সার্টিফিকেটক্রমে তাঁহাকে তদতিরিক্ত চারি মাসের ছুটী দিয়াছেন।

রেলওয়ে বিষয়ক।

১৮৮৫ সাল ২১ ডিসেম্বর।

,, Doorga Nath Bagchee.

Babu Girish Chunder Roy.
,, Protap Chunder Roy.
,, Keshub Chunder Lahiry.
,, Bhugwan Chunder Doss.
Mr. T. Brae.

J. WARE EDGAR,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 21*st December* 1885.—Mr. F. H. Harding, Joint-Magistrate, is appointed to be Vice-Chairman of the Sarun District Road Committee *vice* Baboo Ramanugraha Narain Sing.

J. WARE EDGAR,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette,* 29*th December* 1885.]

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ২১ ডিসেম্বর।—সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুত বাবু শ্রীশচন্দ্র রায় কর্ম্ম ত্যাগ করাতে যে পদ শূন্য হইয়াছিল সেই পদ পুরণার্থে গত মাসের ৭ তারিখে মনোনীত করণের যে কার্য্য হয় তাহাতে শ্রীযুত বাবু উমাচরণ ভট্টাচার্য্য ২৪ পরগনা জিলার অন্তর্গত রাজপুর মুনিসিপালিটীর ৩ নং পল্লীতে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২৭ ধারামতে উপযুক্তরূপে কমিশ্যনরের পদে মনোনীত হইয়াছেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ২১ ডিসেম্বর।—ডাক্তর শ্রীযুত ডবলিউ, এ, গিল্লিগান সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব ডাক্তর শ্রীযুত ডবলিউ, উইলসন সাহেবকে ১৮৮৪ সালের বঙ্গীয় ৩ আইনের ২৭ ধারামতে চট্টগ্রাম মুনিসিপালিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত করিলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৮ ডিসেম্বর।—শ্রীযুত বাবু অবিনাশচন্দ্র চট্টোপাধ্যায় নদীয়া জিলার অন্তর্গত মেহেরপুরের শাখা পথকমিটীর সভাপতির পদে নিযুক্ত হইলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

পাবনা জিলার

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ২০ ডিসেম্বর।—এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, ১৮৮৫ সালের অক্টোবর মাসের ১ তারিখে কর সম্পর্কীয় যে বৎসর আরম্ভ হয় সেই বৎসর পাবনা জিলার পথকমিটী অত্যুচ্চ হারে অর্থাৎ ভূমির বার্ষিক মূল্যের উপর টাকাপ্রতি ৵১০ দুই পয়সা হারে পথকর আদায় করিতে স্থির করিয়াছেন, সেই হার দেশ খণ্ডের কমিশ্যনর সাহেব অনুমোদন করাতে তাহা সাধারণের অবগত্যর্থে এতদ্দ্বারা প্রকাশ করা গেল।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ২১ ডিসেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা পাবনা জিলার পথকমিটীর মেম্বরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।—

শ্রীযুত বাবু হরসুন্দর রায়।
" বাবু কালীমোহন বসু।
" বাবু শ্রীকান্ত ভূমিক।
" বাবু মহিমচন্দ্র চৌধুরী।
" বাবু দুর্গানাথ বাগচী।
শ্রীযুত বাবু গিরীশচন্দ্র রায়।
" বাবু প্রতাপচন্দ্র রায়।
" বাবু কেশবচন্দ্র লাহিড়ী।
" বাবু ভগবানচন্দ্র দাস।
" টি, ব্রে সাহেব।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ২১ ডিসেম্বর।—ডেপুটী বাবু রামানুগ্রহ নারায়ণ সিংহের পরিবর্ত্তে জাইন্ট, মাজিষ্ট্রেট শ্রীযুত এফ, এচ, হার্ডিং সাহেব সারণ জিলার পথকমিটীর প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

জে, ওয়ার এডগার,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ২৯ ডিসেম্বর।]

[Second Publication.]

LOCAL SELF-GOVERNMENT.

CALCUTTA, 15TH DECEMBER 1885.

RESOLUTION.

READ again—

The draft Rules framed under section 138(a) of the Local Self-Government Act.

Read also the following letters on the subject :—

From the Superintendent and Remembrancer of Legal Affairs, No. 1026, dated 30th November 1885.

From the Commissioner of the Rajshahye Division, No. 440Mct., dated the 25th November 1885.

From the Commissioner of the Burdwan Division, No. 497, dated the 30th November 1885.

From the Commissioner of the Chittagong Division, No. 1029, dated the 1st December 1885.

From the Commissioner of the Dacca Division, No. 769L, dated the 1st December 1885.

From the Commissioner of the Dacca Division, No. 780L, dated the 2nd December 1885.

From the Commissioner of the Chota Nagpore Division, No. 129LF, dated the 1st December 1885.

From the Commissioner of the Patna Division, No. 828G, dated the 2nd December 1885.

From the Commissioner of the Bhagulpore Division, No. 494Ct., dated the 4th December 1885.

From the Commissioner of the Presidency Division, No. 19MG, dated the 7th December 1885.

From the Commissioner of the Orissa Division, No. 233M, dated the 7th December 1885.

From F. R. S. Collier, Esq., C.S., Officiating Deputy Commissioner, Manbhoom, dated the 4th November 1885.

From the Secretary to the British Indian Association, No. 660, dated the 1st December 1885.

From the Secretary to the British Indian Association, No. 664, dated the 10th December 1885.

From the Secretary to the Burisal People's Association, dated the 27th November 1885.

From the Assistant Secretary, Central Bengal Union, dated the 30th November 1885.

From the Secretary, Kona Sadharani Sabha, dated the 24th November 1885.

From the Honorary Secretary, Parjoar Association, dated the 29th November 1885.

After considering the objections and suggestions made in the letters above cited, the Lieutenant-Governor has been pleased to make rules under section 138(a) of the Local Self-Government Act, for the purpose of determining the mode and time of appointment or election of members of Boards and Committees, the term of office, and the qualification and disqualification and the registration of voters and candidates, and generally for regulating all elections under the Act. The Lieutenant-Governor, as provided in section 143 of the Act, directs that the rules be published for general information in the *Calcutta Gazette*. Under the proviso to section 138, they will not come into operation until three months after the date of such publication. The Lieutenant-Governor also directs the publication of the rules in the *Bengali*, *Hindi*, and *Uriya Gazettes*.

By order of the Lieutenant-Governor of Bengal,

J. WARE EDGAR,

Offg. Secretary to the Govt. of Bengal.

[*Government Gazette, 29th December* 1885.]

[দ্বিতীয়বার প্রকাশিত।]

স্থানীয় স্বায়ত্ত শাসন।

কলিকাতা, ১৮৮৫ সাল ১৫ ডিসেম্বর।

নির্দ্ধারণ।

স্থানীয় স্বায়ত্ত শাসন বিষয়ক আইনের ১৩৮ ধারার (ক) প্রকরণমতে প্রণীত বিধির পাণ্ডুলেখ্য, আবার পাঠ করা গেল।

উক্ত বিষয়ে নিম্নলিখিত কএকখান পত্রও পাঠ করা গেল।—

রাজকীয় মোকদ্দমায় সুপরিন্টেণ্ডেণ্ট ও প্রযোজক সাহেবের ১৮৮৫ সালের ৩০ নবেম্বর তারিখের ১০২৬ নং পত্র।

রাজশাহী খণ্ডের কমিশ্যনর সাহেবের ১৮৮৫ সালের ২৫ নবেম্বর তারিখের ৪৪০ Met. নং পত্র।

বর্দ্ধমান খণ্ডের কমিশ্যনর সাহেবের ১৮৮৫ সালের ৩০ নবেম্বর তারিখের ৪৯৭ নং পত্র।

চট্টগ্রাম খণ্ডের কমিশ্যনর সাহেবের ১৮৮৫ সালের ১ ডিসেম্বর তারিখের ১০২৯ নং পত্র।

ঢাকা খণ্ডের কমিশ্যনর সাহেবের ১৮৮৫ সালের ১ ডিসেম্বর তারিখের ৭৬৯L নং পত্র।

ঢাকা খণ্ডের কমিশ্যনর সাহেবের ১৮৮৫ সালের ২ ডিসেম্বর তারিখের ৭৮০L নং পত্র।

ছোটনাগপুর খণ্ডের কমিশ্যনর সাহেবের ১৮৮৫ সালের ১ ডিসেম্বর তারিখের ১২৯LF নং পত্র।

পাটনা খণ্ডের কমিশ্যনর সাহেবের ১৮৮৫ সালের ২ ডিসেম্বর তারিখের ৮২৮G নং পত্র।

ভাগলপুর খণ্ডের কমিশ্যনর সাহেবের ১৮৮৫ সালের ৪ ডিসেম্বর তারিখের ৮৯৪Ct নং পত্র।

রাজধানী খণ্ডের কমিশ্যনর সাহেবের ১৮৮৫ সালের ৭ ডিসেম্বর তারিখের ১৯MG নং পত্র।

উড়িষ্যা খণ্ডের কমিশ্যনর সাহেবের ১৮৮৫ সালের ৭ ডিসেম্বর তারিখের ২৩৩M নং পত্র।

মানভূমের একটিং ডেপুটী কমিশ্যনর শ্রীযুত এফ, আর, এস, কলিয়র সি, এস, সাহেবের ১৮৮৫ সালের ৪ নবেম্বর তারিখের পত্র।

ব্রিটিষ ইণ্ডিয়ান সভার সেক্রেটরীর ১৮৮৫ সালের ১ ডিসেম্বর তারিখের ৬৬০ নং পত্র।

ব্রিটিষ ইণ্ডিয়ান সভার সেক্রেটরীর ১৮৮৫ সালের ১০ ডিসেম্বর তারিখের ৬৬৪ নং পত্র।

বরিসাল পিপলস্ আসোসিয়েশন নামক সভার সেক্রেটরীর ১৮৮৫ সালের ২৭ নবেম্বর তারিখেপত্র।

সেণ্ট্রাল বেঙ্গল ইউনিয়ন সভার আসিষ্টাণ্ট সেক্রেটরীর ১৮৮৫ সালের ৩০ নবেম্বর তারিখের পত্র।

কোন্না সাধারণী সভার সেক্রেটরীর ১৮৮৫ সালের ২৪ নবেম্বর তারিখের পত্র।

পারগোয়ার আসোসিয়েশন নামক সভার অবৈতনিক সেক্রেটরীর ১৮৮৫ সালের ২৯ নবেম্বর তারিখের পত্র।

উপরোল্লিখিত পত্রগুলিতে যে সকল আপত্তি ও প্রস্তাব করা গিয়াছে, তাহা বিবেচনা করিয়া দেখিয়া; শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব বোর্ড ও কমিটীর সভ্যদের নিয়োগ বা নির্ব্বাচনের প্রণালী ও সময়, পদে থাকিবার কাল, ও মতদাতা ও পদাকাঙ্ক্ষীদের যোগ্যতা ও অযোগ্যতা ও রেজিষ্টরী করণ নিরূপণার্থ ও সাধারণতঃ আইনমত সমস্ত নির্ব্বাচন কার্য্যের বিধান করণার্থ স্থানীয় স্বায়ত্ত শাসনবিষয়ক আইনের ১৩৮ ধারার (ক) প্রকরণমতে বিধি প্রণয়ন করিয়াছেন। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত আইনের ১৪১ ধারার বিধান অনুসারে সাধারণের অবগত্যর্থে উক্ত বিধি কলিকাতা গেজেটে প্রকাশ করিবার আজ্ঞা করিলেন। উক্ত বিধি ঐরূপে প্রকাশিত হইবার তারিখের পর তিন মাস অতীত না হইলে, ১৩৮ ধারার উপবিধানমতে উহা ফলবৎ হইবে না। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত বিধি বাঙ্গলা, হিন্দি ও উড়িয়া গেজেটে প্রকাশ করিবারও আজ্ঞা করিলেন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞাক্রমে,

জে, ওয়ার এডগার,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৯ ডিসেম্বর।]

NOTIFICATION.

The 15*th December* 1885.—It is hereby notified for general information that the Lieutenant-Governor has been pleased to make the following rules under section 188(*a*) of the Bengal Local Self-Government Act III (B.C.) of 1885.

PART I.

ELECTION OF MEMBERS OF UNION COMMITTEES.

Preliminary.

Throughout this and the following Parts the term "Magistrate of the district" shall have the meaning prescribed by section 5 of the Act.

2. Whenever a Union, constituted under section 38 of the Act, comprises two or more villages, the Magistrate of the district shall decide in what manner such Union shall be divided into electoral wards, and the proportional number of members to be returned for each of such wards. Such arrangement shall remain in force in subsequent elections until altered by similar authority. Provided that if it is thought convenient a Union, whether of a single or more villages, may consist of one electoral ward only.

Of the qualification of Voters.

3. Every male person of the full age of twenty-one years, resident at the time of election within the area comprised in a Union, who has, during the year immediately preceding the election of the members of the Committee of such Union, paid one rupee or more on account of road-cess, license-tax or chowkidari-tax, or who is a member of a joint undivided family, which has during such period paid one rupee or more on account of any such cess or taxes, shall be entitled to vote at such election.

Of the qualification of Candidates.

4. Any person qualified under the preceding rule, and who in addition can read and write, shall be qualified as a candidate for any ward in the Union.

Of the manner of holding elections.

5. The Magistrate of the district shall decide at what place or places within the Union and on what date or dates the election of the members of the Union Committee shall be held.

6. The dates fixed for such elections shall be duly notified in all the villages of the Union in such manner as may appear suitable to the Magistrate of the district, and at least fourteen days beforehand; any cost incurred in issuing notices under this rule shall be defrayed from the district fund.

7. Each voter shall vote for the ward in which he ordinarily resides, and for no other. He may vote for as many candidates as there are members to be returned for such ward, but shall not give more than one vote for any single candidate.

8. All persons wishing to vote must be present at the elections. No votes by proxy or in writing shall be received.

9. The Magistrate of the district, or such other officer as the Magistrate of the district may depute for the purpose, shall preside at the election for each Union or portion of a Union.

10. The elections for the different wards in the Union shall be held in succession; the proceedings in every case being commenced by the presiding officer explaining to the assembled voters the nature and objects of the election and the number of members to be returned.

11. The assembled voters of the ward shall be allowed to consult together and elect the necessary number of members in their own manner. They shall report to the presiding officer the names of the persons they have elected, and if such persons are duly qualified, and no objection is raised to the manner in which the election has been conducted, the presiding officer shall declare that they have been duly elected.

[*Government Gazette*, 29*th December* 1885.]

বিজ্ঞাপন।

১৮৮৫ সাল ১৫ ডিসেম্বর।—সাধারণের অবগত্যর্থে এতদ্বারা এই সংবাদ দেওয়া যাইতেছে যে, শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব বঙ্গদেশের স্থানীয় স্বায়ত্ত শাসন বিষয়ক ১৮৮৫ সালের বঙ্গীয় ৩ আইনের ১৩৮ ধারার (ক) প্রকরণমতে নিম্নলিখিত বিধি প্রণয়ন করিয়াছেন।

১ম ভাগ।

সমাহার কমিটির সভ্য নির্ব্বাচনের বিধি।

উপক্রমণিকা।

এই ভাগের ও পশ্চাল্লিখিত ভাগসমূহের সর্ব্বত্র "জিলার মাজিষ্ট্রেট সাহেব" এই কথায় আইনের ৫ ধারার নির্দ্দিষ্ট অর্থ থাকিবে।

২। আইনের ৩৮ ধারামতে সংগঠিত কোন সমাহারে দুই বা তদধিক গ্রাম থাকিলে, উক্ত সমাহার কি প্রকারে নির্ব্বাচনের ভিন্ন২ পল্লীতে বিভক্ত হইবে, এবং ঐরূপ প্রত্যেক পল্লী হইতে অংশমত কত জন করিয়া সভ্য নির্ব্বাচন করিতে হইবে, ইহা জিলার মাজিষ্ট্রেট সাহেব স্থির করিবেন। ঐরূপ কর্তৃপক্ষ কর্তৃক যাবৎ পরিবর্ত্তিত না হয়, তাবৎ ঐরূপ বন্দোবস্ত পরিবর্ত্তী নির্ব্বাচনে বলবৎ থাকিবে। কিন্তু সুবিধা বোধ হইলে, সমাহারে এক কি অধিক গ্রামই থাকুক, উহা এক নির্ব্বাচনের পল্লী বলিয়া গণ্য হইতে পারিবে।

মতদাতাদের যোগ্যতার কথা।

৩। নির্ব্বাচনকালে সমাহারের অন্তর্গত স্থান মধ্যে পুরা ২১ বৎসর বয়স্ক যে প্রত্যেক পুরুষ বাস করেন তিনি যদি উক্ত সমাহারের কমিটীর সভ্যনির্ব্বাচনের অব্যবহিত পূর্ব্ব বৎসরে পথকর, লাইসেন্স টাক্স বা, চৌকীদারী টাক্স হিসাবে এক টাকা বা তাহার অধিক দিয়া থাকেন, অথবা যে সংসৃষ্ট অবিভক্ত পরিবার উক্ত কাল মধ্যে ঐরূপ কোন কর বা টাক্স হিসাবে এক টাকা বা তাহার অধিক দিয়া থাকেন, সেই পরিবারের অন্তর্গত ব্যক্তি হন, তাহা হইলে উক্ত নির্ব্বাচনকালে মত দিতে অধিকারী হইবেন।

সভ্যপদাকাঙ্ক্ষীদের যোগ্যতার কথা।

৪। পূর্ব্বধারামতে যোগ্যতাসম্পন্ন যে কোন ব্যক্তি তদতিরিক্ত লিখিতে ও পড়িতে পারেন, তিনি সমাহারের কোন পল্লীর নিমিত্ত সভ্যপদাকাঙ্ক্ষীর যোগ্য হইবেন।

নির্ব্বাচন করিবার প্রণালীর কথা।

৫। সমাহারের অন্তর্গত কোন্ বা কোন্২ স্থানে ও কোন্ বা কোন্ ২ তারিখে সমাহার কমিটীর সভ্য নির্ব্বাচন হইবে, ইহা জিলার মাজিষ্ট্রেট সাহেব স্থির করিবেন।

৬। ঐরূপ নির্ব্বাচনের জন্য যে২ তারিখ নির্দ্ধারিত হয়, তাহার উপযুক্ত নোটিস জিলার মাজিষ্ট্রেট সাহেব যে প্রকারে উচিত বোধ করেন, সেই প্রকারে সমাহারের অন্তর্গত সকল গ্রামে অন্যূন ১৪ দিন পূর্ব্বে দিতে হইবে। এই ধারামতে নোটিস জারী করিতে যে কোন খরচা পড়ে, তাহা জিলার তহবীল হইতে দেওয়া যাইবে।

৭। কোন মতদাতা সচরাচর যে পল্লীতে বাস করেন, সেই পল্লীর জন্য মত দিবেন, অন্য কোন পল্লীর জন্য নয়। উক্ত পল্লীর জন্য যত জন সভ্য নির্ব্বাচন করিতে হইবে, তিনি ততজন পদাকাঙ্ক্ষীর নিমিত্ত মত দিতে পারিবেন, কিন্তু কোন এক পদাকাঙ্ক্ষীর নিমিত্ত একাধিক মত দিবেন না।

৮। যে সকল ব্যক্তি মত দিতে চাহেন, তাঁহাদের নির্ব্বাচনকালে উপস্থিত থাকিতে হইবে। প্রতিনিধিদ্বারা প্রদত্ত কিম্বা লিখিত মত গৃহীত হইবে না।

৯। জিলার মাজিষ্ট্রেট সাহেব অথবা অন্য যে কার্য্যকারককে জিলার মাজিষ্ট্রেট সাহেব তদর্থে প্রেরণ করেন, তিনি প্রত্যেক সমাহারের বা সমাহারের অংশের নির্ব্বাচনকালে অধ্যক্ষতা করিবেন।

১০। সমাহারের অন্তর্গত ভিন্ন২ পল্লীর নির্ব্বাচন পর২ হইবে। অধ্যক্ষতাকারী কার্য্যকারক সমবেত মতদাতাদিগকে নির্ব্বাচনের ভাব ও উদ্দেশ্য ও যত জন সভ্য নির্ব্বাচন করিতে হইবে, তাহা বুঝাইয়া দিয়া প্রত্যেক স্থলে কার্য্যানুষ্ঠান আরম্ভ করিবেন।

১১। পল্লীর সমবেত মতদাতারা একত্র পরামর্শ করিয়া নিজ প্রণালীমতে আবশ্যকসংখ্যক সভ্য নির্ব্বাচন করিবার অনুমতি পাইবেন। তাঁহারা যে ব্যক্তিদিগকে নির্ব্বাচন করেন, সেই ব্যক্তিদের নাম অধ্যক্ষতাকারী কার্য্যকারকের নিকট জানাইবেন, এবং ঐ ব্যক্তিরা উপযুক্তযোগ্যতাসম্পন্ন হইলে, এবং যে প্রণালীতে নির্ব্বাচন করা হইয়াছে, সেই প্রণালী সম্বন্ধে কোন আপত্তি করা না গেলে, অধ্যক্ষতাকারী কার্য্যকারক তাঁহারা উপযুক্তরূপে নির্ব্বাচিত হইয়াছেন বলিয়া প্রকাশ করিবেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৮৫। ২৯ ডিসেম্বর।]

12. If the result of the election held under the preceding rule is called in question the presiding officer shall if he thinks it necessary proceed to take a poll, recording the number of votes given for each candidate with his own hand. He shall then and there declare such duly qualified candidates as have a majority of votes to be duly elected.

13. If an equal number of votes is recorded in favour of two or more candidates, all of whom cannot be returned, selection shall be made from such candidates by lot in such manner as the presiding officer shall deem fit, and thereupon a candidate thus selected shall be declared to be duly returned.

14. If at any election held under these rules the number of voters of any ward shall be less than ten per cent. of the total number of house-holders in such ward, the Commissioner may order that the election shall be held again, or may decide that the electors have failed under section 40 of the Act to elect members.

15. Objections regarding the qualifications of candidates and voters shall be summarily, decided by the presiding officer, and such decision shall be final.

16. If any candidate, duly elected under the preceding rules, declines to take office, the unsuccessful candidate, if any, who received the largest number of votes shall be held to have been elected. If there is no second candidate the Commissioner will appoint a member under section 40 of the Act.

17. Except as provided by rules 14 and 15, no election held under these rules shall be invalidated on any ground whatever.

18. The list of duly returned candidates shall be forwarded to the Commissioner of the Division for publication in the *Calcutta Gazette*.

PART II.

ELECTION OF MEMBERS OF LOCAL BOARDS.

Preliminary.

19. When the number of members of a Local Board has been fixed by a notification issued under section 8, the Commissioner, after consultation with the Magistrate of the district, shall decide the number of members who shall be elected for each thannah within the area of such Local Board, and shall issue orders accordingly. Such orders shall be published in the *Calcutta Gazette*, at the district and sub-divisional offices, and at the head-quarters of each of the thannahs in question; and in such other manner as the Commissioner may prescribe.

20. The first election of any Local Board under these rules shall take place at such time, not being more than six months after the Act comes in force in the districts mentioned in the Third Schedule of the Act, and after the date of a notification establishing Local Boards in any other district, as the Lieutenant-Governor shall direct.

Of the Qualification of Electors.

21. Every male person of the full age of twenty-one years, resident within the area under the authority of a Local Board, who is qualified in one of the manners following, that is to say—

(1) Is a member of a Union Committee within such area;

(2) Has during the year immediately preceding such election—

(*a*) paid a sum of not less than one rupee on account of road cess in respect of land situated either wholly or in part within such area;

(*b*) paid license-tax in respect of a trade, dealing, or industry carried on within such area; or

(*c*) been possessed of a clear annual income from any source of not less than two hundred and forty rupees;

(3) Being a member of a joint undivided family, one of the members of which is, qualified to be an elector as in this rule hereinbefore provided, is a graduate or licentiate of any University, or holds a certificate as a pleader or mookhtear,

shall be entitled to vote at an election of members of such Local Board.

[*Government Gazette*, 29*th December* 1885.]

১২। পূর্ব্ব ধারামতে নির্ব্বাচন করা গেলে, তাহার ফলের প্রতি আপত্তি হইলে, অধ্যক্ষতাকারী কার্য্যকারক আবশ্যক বোধ করিলে মত গণনা করিতে প্রবৃত্ত হইবেন ও প্রত্যেক পদাকাঙ্ক্ষীর নিমিত্ত যত মত প্রদত্ত হয়, তাহা স্বহস্তে লিখিবেন। যে সকল উপযুক্তযোগ্যতাসম্পন্ন পদাকাঙ্ক্ষী অধিকাংশ মত পান, উক্ত কার্য্যকারক তাঁহাদিগকে উপযুক্তরূপে নির্ব্বাচিত বলিয়া সেই সময়ে ও সেই স্থানেই প্রকাশ করিবেন।

১৩। দুই বা ততোধিক পদাকাঙ্ক্ষীর অনুকূলে সমসংখ্যক মত লিখিত হইলে, ও তাঁহাদের সকলকে নির্ব্বাচিত করা যাইতে না পারিলে, অধ্যক্ষতাকারী কার্য্যকারক যে প্রকারে উচিত বোধ করেন, সেই প্রকারে গুলিবাঁট দ্বারা উক্ত পদাকাঙ্ক্ষীদের মধ্য হইতে বাছনী হইবে। তাহা হইলে ঐরূপে যে পদাকাঙ্ক্ষীকে বাছিয়া লওয়া যায়, তিনি উপযুক্তরূপে নির্ব্বাচিত হইয়াছেন বলিয়া প্রকাশ করা যাইবে।

১৪। এই বিধিমতে নির্ব্বাচন কালে কোন পল্লীর উপস্থিত মতদাতাদের সংখ্যা যদি উক্ত পল্লীর গৃহস্থদের মোট সংখ্যার শতকরা দশ জনের কম হয়, তাহা হইলে কমিশ্যনর সাহেব আবার নির্ব্বাচন হইবার আজ্ঞা করিতে পারিবেন, অথবা এইরূপ স্থির করিতে পারিবেন যে, নির্ব্বাচকেরা সভ্য নির্ব্বাচন করিতে আইনের ৪০ ধারামতে ত্রুটি করিয়াছেন।

১৫। পদাকাঙ্ক্ষীদের ও মতদাতাদের যোগ্যতা সম্বন্ধে আপত্তি করা গেলে, অধ্যক্ষতাকারী কার্য্যকারক সরাসরীমতে তাহা নিষ্পত্তি করিবেন, এবং ঐ নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

১৬। পূর্ব্ব কএক ধারামতে উপযুক্তরূপে নির্ব্বাচিত কোন পদাকাঙ্ক্ষী পদ গ্রহণ করিতে অসম্মত হইলে, যে কোন (যদি কোন) ব্যর্থকাম পদাকাঙ্ক্ষী সর্ব্বাপেক্ষা অধিক মত পাইয়া থাকেন, তিনি নির্ব্বাচিত হইয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে। আর কোন পদাকাঙ্ক্ষী না থাকিলে, কমিশ্যনর সাহেব আইনের ৪০ ধারামতে এক জন সভ্য নিযুক্ত করিবেন।

১৭। এই বিধির ১৪ ও ১৫ ধারার নির্দ্দিষ্ট প্রকারে না হইলে, এই বিধিমতে যে কোন নির্ব্বাচন হয়, তাহা কোন হেতুতে অসিদ্ধ হইবে না।

১৮। উপযুক্তরূপে নির্ব্বাচিত পদাকাঙ্ক্ষীদের তালিকা কলিকাতা গেজেটে প্রকাশ করিবার নিমিত্ত খণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট পাঠাইতে হইবে।

২য় ভাগ।

স্থানীয় বোর্ডের সভ্য নির্ব্বাচনের বিধি।

উপক্রমণিকা।

১৯। কোন স্থানীয় বোর্ডের যত জন সভ্য হইবে, আইনের ৮ ধারামতে প্রচারিত বিজ্ঞাপনক্রমে ইহা নির্দ্দিষ্ট হইলে, উক্ত স্থানীয় বোর্ডের এলাকার অন্তর্গত প্রত্যেক থানার নিমিত্ত যত জন সভ্য নির্ব্বাচিত হইবেন, কমিশ্যনর সাহেব জিলার মাজিষ্ট্রেট সাহেবের সহিত পরামর্শ করতঃ তাহা স্থির করিয়া তদনুসারে আজ্ঞা প্রচার করিবেন। উক্ত আজ্ঞা কলিকাতা গেজেটে, জিলা ও মহকুমার কাছারীতে ও ঐরূপ প্রত্যেক থানার সদর মোকামে ও কমিশ্যনর সাহেব অন্য যে প্রকারের নির্দ্দেশ করেন, সেই প্রকারে প্রকাশ করা যাইবে।

২০। আইনের ৩য় তফসীলের লিখিত জিলায় আইন প্রচলিত হইলে পর এবং অন্য কোন জিলায় স্থানীয় বোর্ড সংস্থাপনের বিজ্ঞাপনের তারিখের পর ছয় মাসের মধ্যে শ্রীযুত লেফ্‌টেনেণ্ট গবর্ণর সাহেব যে সময় নির্দ্দেশ করেন, সেই সময়ে এই বিধিমতে কোন স্থানীয় বোর্ডের প্রথম নির্ব্বাচন হইবে।

নির্ব্বাচকদের যোগ্যতার কথা।

২১। যে স্থানের মধ্যে কোন স্থানীয় বোর্ডের ক্ষমতা থাকে, সেই স্থান নিবাসী পুরা ২১ বৎসর বয়স্ক যে প্রত্যেক পুরুষ নিম্নলিখিত কোন এক প্রকারে যোগ্যতাসম্পন্ন হন, অর্থাৎ,

(১) উক্ত স্থানের অন্তর্গত কোন সমাহার কমিটীর সভ্য হন; কিম্বা

(২) নির্ব্বাচনের অব্যবহিত পূর্ব্ব বৎসর,

(ক) সম্পূর্ণরূপে বা অংশতঃ উক্ত স্থানের অন্তর্গত ভূমি সম্বন্ধে পথকর হিসাবে অন্যূন এক টাকা দিয়া থাকেন; কিম্বা

(খ) উক্ত স্থানের মধ্যে যে বাণিজ্য, ব্যবসায় বা কারবার চালান যায়, তৎসম্বন্ধে লাইসেন্স টাক্স দিয়া থাকেন; কিম্বা

(গ) কোন উপায়ে ২৪০ টাকার অন্যূন নিট বার্ষিক আয়বান্ থাকেন; অথবা

(৩) যে সংসৃষ্ট অবিভক্ত পরিবারের এক ব্যক্তি ইতিপূর্ব্বে এই ধারায় যে বিধান করা গিয়াছে তদনুসারে নির্ব্বাচক হইবার যোগ্য, সেই পরিবারের এক ব্যক্তি হইয়া কোন বিশ্ববিদ্যালয়ের উপাধি বা লাইসেন্স কিম্বা উকীল বা মোক্তারস্বরূপ সর্টিফিকেট পাইয়া থাকেন;

তিনি উক্ত স্থানীয় বোর্ডের সভ্য নির্ব্বাচনকালে মত দিবার অধিকারী হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৩। ২৯ ডিসেম্বর।]

Of the Registration of Electors.

22. In all districts mentioned in the Third Schedule of this Act, or in which a Local Board may hereafter be established, the members of which are not appointed under section 15 of the Act, the Magistrate of the district shall cause to be prepared for each thannah within the area of a Local Board a register of persons qualified to vote. Such register shall be prepared from assessment lists, from enquiries made by persons specially deputed for the purpose, and in such other manner as may appear expedient. Such register shall, from time to time, be corrected and added to as the Magistrate of the district may direct.

23. At least two months before the date fixed for the election for any thannah, a copy of the register showing the persons qualified to vote for such thannah shall be published at suitable places within that thannah. Copies of all the thannah registers shall also be published at the sub-divisional office.

24. Any person claiming the right to vote may submit to the Magistrate of the district an application in writing for the entry of his name in the register of electors, stating distinctly in what manner he is qualified; and all such applications, if made at least one month before the date fixed for the election, shall be duly enquired into. A notice of the claims thus made shall be published at the thannah within one week of their presentation to the Magistrate; and all objections made to them and received at least one week before the date fixed for the elections shall be duly considered.

25. All claims to vote, and the objections thereto, shall be considered by the Magistrate of the district, and his decision shall be final.

26. The thannah list as amended, after the hearing and decision of claims and objections, shall be considered to be the final lists of persons entitled to vote at the election, and no person whose name does not appear in the thannah list shall be permitted to vote.

Of the qualification and the nomination of Candidates.

27. Every male person of the full age of twenty-one years, who is qualified in one of the manners following, that is to say—

(1) Is a member of a Union Committee within the area under the authority of the Local Board;

(2) Has during the year immediately preceding the election had his fixed place of abode within the area under the authority of such Local Board; and

(*a*) paid a sum of not less than five rupees on account of road cess in respect of land situated either wholly or in part within the area under the authority of the Local Board;

(*b*) paid a license-tax of not less than twenty rupees in respect of a trade dealing or industry carried on within the area under the authority of the Local Board; or

(*c*) been possessed of a clear annual income from any source of not less than one thousand rupees.

(3) Being a member of a joint undivided family, one of the members of which is qualified for election under clause (1), or clause (2) (*a*) or (*b*) of this rule, is a graduate or licentiate of any University, or holds a certificate as a pleader or mookhtear,

shall be qualified for election as a member of the Local Board for any thannah under the authority of such Local Board.

28. Any elector, may for the thannah in which he is qualified to vote, nominate any qualified person as a candidate.

29. The Magistrate of the district shall, at least six weeks before the date fixed for the thannah election, issue notices calling for nominations of candidates. Such notices shall be published at every village within the thannah. All nominations shall be submitted within three weeks from the date of the publication of the notices in question. No names of candidates shall be received after the expiration of such period.

[*Government Gazette*, *29th December* 1885.]

নির্ব্বাচকদের রেজিষ্টরী করণের কথা।

২২। আইনের ৩য় তফসীলের লিখিত সকল জিলায় কিম্বা অতঃপর যে কোন জিলায় আইনের ১৪ ধারামতে যাহার সভ্য নিযুক্ত করা না হয় এরূপ স্থানীয় বোর্ড সংস্থাপন করা যায় তথায় জিলার মাজিষ্ট্রেট সাহেব কোন স্থানীয় বোর্ডের এলাকার অন্তর্গত প্রত্যেক থানার নিমিত্ত মত দিবার যোগ্য ব্যক্তিদের রেজিষ্টর প্রস্তুত করাইবেন। নির্দ্ধারিত করের তালিকা হইতে, তদর্থে বিশেষমতে প্রেরিত ব্যক্তিদের কৃত অনুসন্ধান হইতে এবং অন্য যে প্রকারে বিহিত বোধ হয় সেই প্রকারে উক্ত রেজিষ্টর প্রস্তুত করিতে হইবে। জিলার মাজিষ্ট্রেট সাহেব যেরূপ আদেশ করেন, তদনুসারে সময়ে২ ঐ রেজিষ্টর সংশোধন ও পরিবর্দ্ধন করিতে হইবে।

২৩। কোন থানার নির্ব্বাচনের নিমিত্ত যে তারিখ নির্দ্দিষ্ট হয়, তাহার অন্যূন দুই মাস পূর্ব্বে উক্ত থানার নিমিত্ত মত দিবার যোগ্য ব্যক্তিদের নাম যে রেজিষ্টরে লিখিত থাকে তাহার নকল উক্ত থানার অন্তর্গত উপযুক্ত ২ স্থানে প্রকাশ করা যাইবে। সমুদয় থানার রেজিষ্টরের নকলও মহকুমার কাছারীতে প্রকাশ করা যাইবে।

২৪। যে কোন ব্যক্তি মত দিবার অধিকারের দাওয়া করেন, তিনি যে প্রকারে যোগ্যতাসম্পন্ন তাহা স্পষ্ট করিয়া লিখিয়া নির্ব্বাচকদের রেজিষ্টরে তাঁহার নাম লিখিত হইবার নিমিত্ত জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট লিখিয়া দরখাস্ত দিতে পারিবেন; এবং ঐরূপ দরখাস্ত নির্ব্বাচনের নিমিত্ত নির্দ্দিষ্ট তারিখের অন্যূন একমাস পূর্ব্বে করা গেলে তৎসম্বন্ধে উপযুক্ত অনুসন্ধান লওয়া যাইবে। এইরূপে যে দাওয়া করা যায়, তাহার নোটিস মাজিষ্ট্রেট সাহেবের নিকট দাওয়া উপস্থিত করিবার এক সপ্তাহের মধ্যে থানায় প্রকাশ করা যাইবে; এবং তৎসম্বন্ধে যে সকল আপত্তি করা যায়, এবং যাহা নির্ব্বাচনের নিমিত্ত নির্দ্দিষ্ট তারিখের অন্যূন ১ সপ্তাহ পূর্ব্বে পাওয়া যায়, তাহা উপযুক্তরূপে বিবেচনা করিয়া দেখা যাইবে।

২৫। মতদিবার সকল দাওয়া ও তৎসম্বন্ধীয় আপত্তি জিলার মাজিষ্ট্রেট সাহেব বিবেচনা করিয়া দেখিবেন, এবং তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে।

২৬। দাওয়া ও আপত্তি শুনিয়া নিষ্পত্তি করিবার পর সংশোধিত থানার তালিকা নির্ব্বাচনকালে মত দিবার অধিকারী ব্যক্তিদের চূড়ান্ত তালিকা বলিয়া গণ্য হইবে এবং যে কোন ব্যক্তির নাম থানার তালিকায় দেখা না যায়, তিনি মত দিবার অনুমতি পাইবেন না।

সভ্যপদাকাঙ্ক্ষীদের যোগ্যতা ও নামোল্লেখের কথা।

২৭। পুরা ২১ বৎসর বয়স্ক যে প্রত্যেক পুরুষ নিম্নলিখিত কোন এক প্রকারে যোগ্যতাসম্পন্ন হন, অর্থাৎ,—

(১) উক্ত স্থানীয় বোর্ডের ক্ষমতাধীন স্থানের অন্তর্গত কোন সমাহার কমিটীর সভ্য হন; অথবা

(২) উক্ত নির্ব্বাচনের অব্যবহিত পূর্ব্ব বৎসর উক্ত স্থানীয় বোর্ডের ক্ষমতাধীন স্থানের মধ্যে নিয়ত বাসস্থান রাখিয়া থাকেন, এবং

(ক) সম্পূর্ণরূপে বা অংশতঃ উক্ত স্থানীয় বোর্ডের ক্ষমতাধীন স্থানের অন্তর্গত ভূমি সম্বন্ধে পথকর হিসাবে অন্যূন ৫৲ টাকা দিয়া থাকেন, কিম্বা

(খ) উক্ত স্থানীয় বোর্ডের ক্ষমতাধীন স্থানের মধ্যে যে বাণিজ্য, ব্যবসায় বা কারবার চালান যায়, তৎসম্বন্ধে অন্যূন ২০৲ টাকা লাইসেন্স টাক্স দিয়া থাকেন; কিম্বা

(গ) কোন উপায়ে ১,০০০৲ টাকার অন্যূন নিট বার্ষিক আয়বান্ থাকেন; অথবা

(৩) যে সংস্থষ্ট অবিভক্ত পরিবারের এক ব্যক্তি এই ধারার (১) প্রকরণমতে কিম্বা (২) প্রকরণের (ক) বা (খ) দফামতে নির্ব্বাচিত হইবার যোগ্য, সেই পরিবারের এক ব্যক্তি হইয়া কোন বিশ্ববিদ্যালয়ের উপাধি বা লাইসেন্স কিম্বা উকীল বা মোক্তারস্বরূপ সার্টিফিকেট পাইয়া থাকেন;

তিনি উক্ত স্থানীয় বোর্ডের ক্ষমতাধীন কোন থানার নিমিত্ত ঐ স্থানীয় বোর্ডের সভ্যস্বরূপ নির্ব্বাচিত হইবার যোগ্য বলিয়া গণ্য হইবেন।

২৮। কোন নির্ব্বাচক যে থানায় মত দিবার যোগ্য হন, সেই থানার নিমিত্ত পদাকাঙ্ক্ষী বলিয়া যে কোন যোগ্য ব্যক্তির নামোল্লেখ করিতে পারিবেন।

২৯। থানার নির্ব্বাচন নিমিত্ত যে তারিখ নির্দ্দিষ্ট থাকে, জিলার মাজিষ্ট্রেট সাহেব তাহার অন্যূন ৬ সপ্তাহ পূর্ব্বে পদাকাঙ্ক্ষীদের নামোল্লেখ করিবার আদেশ করিয়া নোটিস প্রচার করিবেন। উক্ত নোটিস ঐ থানার অন্তর্গত প্রত্যেক গ্রামে প্রকাশ করা যাইবে। ঐ নোটিস প্রকাশ করিবার তারিখ অবধি ৩ সপ্তাহের মধ্যে সমুদয় নাম পাঠাইতে হইবে। উক্ত কাল অতীত হইলে পর কোন পদাকাঙ্ক্ষীর নাম গৃহীত হইবে না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৯ ডিসেম্বর।]

30. The Magistrate of the district shall ascertain whether all of the nominated candidates are duly qualified to take office; his decision on this point shall be final. He shall also, if possible, ascertain whether they are all willing to take office.

31. A list of the candidates who are duly qualified, and who appear to be willing to take office, shall be published at suitable places in the thannah at least one week before the date fixed for the election. No candidate whose name does not appear in such list shall be considered eligible.

Of the manner of holding Elections.

32. The election for each thannah shall be held on such date as may be fixed by the Lieutenant-Governor and notified in the *Calcutta Gazette*.

33. The election for each thannah shall be held at the head-quarters of the thannah, or at such other place within the jurisdiction of the thannah as the Magistrate may fix. The place of election shall be publicly notified at least one month before the date fixed for election and shall be stated in the notice issued under the next rule.

34. The date fixed for the thannah election shall be duly notified at the thannah, and at such other places as may appear suitable, at least one month beforehand.

A vernacular notice in the following form shall also, at least a fortnight before the date fixed for the election, be despatched by post, or by such other mode as may be found convenient, to every elector whose name appears in the register:—

"You are hereby informed that you are registered as a voter for the thannah and that you will be entitled to vote at the election of members of the Local Board to be held at on the 18 ."

35. An elector duly qualified under Rule 21 shall be entitled to vote for the thannah, in which he ordinarily resides, and for no other. He shall be entitled to vote for as many candidates as there are vacancies for such thannah, but shall not give more than one vote for a single candidate.

36. All persons wishing to vote must be present at the election. No votes by proxy or in writing shall be received.

37. The Magistrate of the district, or such other gazetted officer as the Magistrate of the district shall depute for the purpose, shall preside at the election for each thannah.

38. The proceedings shall commence by the presiding officer explaining the nature and objects of the meeting to the assembled voters. He shall then read out the list of candidates, and state the number of vacancies.

39. Each candidate shall then be proposed by one qualified voter, and seconded by another. Subject to the control of the presiding officer on points of order, each candidate and his proposer and seconder shall be permitted to address the assembled voters on the subject of his candidature. The names of candidates not duly proposed and seconded shall be removed from the list.

40. In the case of the number of the candidates duly proposed and seconded not being greater than the number of vacancies, the presiding officer, if he is satisfied that not less than ten per cent. of the registered voters for the thannah are present, shall at once declare such candidates to be duly elected.

41. If the number of candidates duly proposed and seconded exceeds the number of vacancies, the presiding officer shall proceed to take a poll for each candidate, recording the votes with his own hand.

[*Government Gazette, 29th December* 1885.]

৩০। নামোল্লিখিত সমুদয় পদাকাঙ্ক্ষী পদ গ্রহণ করিতে উপযুক্তযোগ্যতাসম্পন্ন কি না, জিলার ম্যাজিষ্ট্রেট সাহেব তাহা নির্ণয় করিবেন। এ বিষয়ে তাঁহার নিষ্পত্তি চূড়ান্ত হইবে। সম্ভব হইলে তিনি ইহাও নিশ্চয় করিয়া জানিবেন যে, তাঁহারা সকলে পদ গ্রহণ করিতে সম্মত কি না।

৩১। উপযুক্তযোগ্যতাসম্পন্ন যে সকল পদাকাঙ্ক্ষী পদ গ্রহণ করিতে সম্মত দেখা যায়, তাঁহাদের নামের তালিকা নির্ব্বাচনের নিমিত্ত নির্দ্দিষ্ট তারিখের অন্যূন ১ সপ্তাহ পূর্ব্বে থানার অন্তর্গত উপযুক্ত২ স্থানে প্রকাশ করা যাইবে। যে পদাকাঙ্ক্ষীর নাম উক্ত তালিকায় দেখা না যায়, তিনি নির্ব্বাচনযোগ্য বলিয়া গণ্য হইবেন না।

নির্ব্বাচনের প্রণালীর কথা।

৩২। শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব যে তারিখ নির্দ্দেশ করিয়া কলিকাতা গেজেটে বিজ্ঞাপন দেন, সেই তারিখে প্রত্যেক থানার নিমিত্ত নির্ব্বাচন হইবে।

৩৩। প্রত্যেক থানার নিমিত্ত নির্ব্বাচন থানার সদর স্থানে অথবা ম্যাজিষ্ট্রেট সাহেব থানার এলাকার অন্তর্গত অন্য যে স্থান স্থির করিয়া দেন সেই স্থানে করা যাইবে। নির্ব্বাচনের নির্দ্দিষ্ট তারিখের অন্যূন এক মাস পূর্ব্বে নির্ব্বাচনের স্থান সম্বন্ধে প্রকাশ্যরূপে নোটিস দিতে হইবে এবং ইহার পরবর্ত্তী ধারামতে যে নোটিস দেওয়া যায় তাহাতে ঐ স্থানের কথা লিখিতে হইবে।

৩৪। থানার নির্ব্বাচন নিমিত্ত নির্দ্দিষ্ট তারিখের উপযুক্ত নোটিস অন্যূন ১ মাস পূর্ব্বে থানায় ও অন্য যে২ স্থানে উপযুক্ত বোধ হয়, সেই২ স্থানে দেওয়া যাইবে।

নিম্নলিখিত পাঠে দেশীয় ভাষায় লিখিত নোটিসও যে প্রত্যেক নির্ব্বাচকের নাম রেজিষ্টরে দেখা যায়, তাঁহার নিকট নির্ব্বাচনের নিমিত্ত নির্দ্দিষ্ট তারিখের অন্যূন দুই সপ্তাহ পূর্ব্বে ডাকযোগে কিম্বা অন্য যে প্রকারে সুবিধা দেখা যায়, সেই প্রকারে পাঠাইতে হইবে।—

"আপনাকে এতদ্দ্বারা জানান যাইতেছে যে, অমুক থানার নিমিত্ত মতদাতা বলিয়া আপনার নাম রেজিষ্টরী করা গিয়াছে, এবং ১৮ সালের মাসের তারিখে স্থানে থানার বোর্ডের সভ্যনির্ব্বাচনকালে আপনি মত দিবার অধিকারী হইবেন।"

৩৫। এই বিধির ২১ ধারামতে উপযুক্তযোগ্যতাসম্পন্ন কোন নির্ব্বাচক যে থানার এলাকার মধ্যে সচরাচর বাস করেন, সেই থানার নিমিত্ত মত দিবার অধিকারী হইবেন, অন্য কোন থানার নিমিত্ত নয়। উক্ত থানার নিমিত্ত যতগুলি পদ শূন্য থাকে, তিনি ততজন পদাকাঙ্ক্ষীর নিমিত্ত মত দিতে অধিকারী হইবেন, কিন্তু একজন পদাকাঙ্ক্ষীর নিমিত্ত একাধিক মত দিবেন না।

৩৬। যে সকল ব্যক্তি মত দিতে চাহেন, তাঁহাদের নির্ব্বাচনকালে উপস্থিত থাকিতে হইবে। প্রতিনিধিদ্বারা প্রদত্ত কিম্বা লিখিত মত গৃহীত হইবে না।

৩৭। জিলার ম্যাজিষ্ট্রেট সাহেব অথবা গেজেটে লেখা অন্য যে কার্য্যকারককে জিলার ম্যাজিষ্ট্রেট সাহেব তদর্থে প্রেরণ করেন, তিনি প্রত্যেক থানার নির্ব্বাচনকালে অধ্যক্ষতা করিবেন।

৩৮। অধ্যক্ষতাকারী কার্য্যকারক সমবেত মতদাতাদিগকে সভাধিবেশনের ভাব ও উদ্দেশ্য বুঝাইয়া দিয়া কার্য্যানুষ্ঠান আরম্ভ করিবেন। পরে তিনি পদাকাঙ্ক্ষীদের নামের তালিকা পাঠ করিবেন ও যত পদ শূন্য আছে, তাহা বলিবেন।

৩৯। তৎপরে এক২ জন যোগ্যতাসম্পন্ন মতদাতা এক২ জন পদাকাঙ্ক্ষীর নাম প্রস্তাব করিবেন, এবং আর এক জন তাহার অনুমোদন করিবেন। সভাপদ্ধতি সম্বন্ধে অধ্যক্ষতাকারী কার্য্যকারকের কর্ত্তৃত্বাধীনে প্রত্যেক পদাকাঙ্ক্ষী ব্যক্তি এবং যাঁহারা তাঁহার নাম প্রস্তাব ও অনুমোদন করেন, তাঁহারা তাঁহার পদপ্রাপ্তি সম্বন্ধে সমবেত মতদাতাদিগের নিকট বক্তৃতা করিবার অনুমতি প্রাপ্ত হইবেন। যে সকল পদাকাঙ্ক্ষীর নাম উপযুক্তরূপে প্রস্তাব ও অনুমোদন করা হইল না, তালিকা হইতে তাঁহাদের নাম উঠাইয়া দেওয়া যাইবে।

৪০। যতগুলি পদ শূন্য থাকে, উপযুক্তরূপে প্রস্তাবিত ও অনুমোদিত পদাকাঙ্ক্ষীদের সংখ্যা তদপেক্ষা অধিক না হইলে, অধ্যক্ষতাকারী কার্য্যকারক যদি বুঝেন যে, থানায় রেজিষ্টরী করা মতদাতাদের মধ্যে অন্যূন শতকরা ১০ জন উপস্থিত আছেন, তাহা হইলে উক্ত পদাকাঙ্ক্ষীদিগকে উপযুক্তরূপে নির্ব্বাচিত বলিয়া একবারেই প্রকাশ করিবেন।

৪১। যতগুলি পদ শূন্য থাকে, উপযুক্তরূপে প্রস্তাবিত ও অনুমোদিত পদাকাঙ্ক্ষীদের সংখ্যা তদপেক্ষা অধিক হইলে, অধ্যক্ষতাকারী কার্য্যকারক প্রত্যেক পদাকাঙ্ক্ষীর পক্ষে মত গণনা করিতে প্রবৃত্ত হইয়া স্বহস্তে মত লিখিয়া লইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৩। ২৯ ডিসেম্বর।]

42. All objections to voters shall, if possible, be summarily decided by the presiding officer after reference to the register. No objections shall be entertained, other than objections arising out of matters subsequent to registration under Rule 26.

43. The presiding officer shall then and there declare such candidates as have a clear majority of votes to be duly elected. Provided that no candidate shall be declared to be duly elected unless at least ten per cent. of the registered voters of the thannah have appeared and recorded their votes.

44. If ten per cent. of the registered voters for the thannah are not present (Rule 40), or have not appeared and recorded their votes (Rule 43), the presiding officer shall report that the electors have failed under section 10 of the Act to elect the number of members for the Local Board fixed for such thannah.

45. In the case of an equal number of votes being recorded in favour of two or more candidates, all of whom cannot be returned, selection shall be made from such candidates by lot in such manner as the presiding officer shall deem fit, and thereupon a candidate thus selected shall be declared to be duly returned.

46. If any candidate, duly elected under the preceding rules, declines to take office, the unsuccessful candidate, if any, who received the largest number of votes shall be held to have been elected. If there is no unsuccessful candidate, a fresh election shall be held to fill the vacancy thus created.

47. In the event of any person being elected for two or more thannahs, such person shall be at liberty to choose which thannah he will represent, and in every other thannah for which the said person has been returned, the result of the election shall be determined under the preceding rule as if no votes had been recorded for him, and if necessary a fresh election will be held.

48. After all the thannah elections have been held, the list of candidates duly elected for the Local Board shall be forwarded to the Commissioner of the Division for publication in the *Calcutta Gazette*.

Miscellaneous.

49. No election shall be invalidated on a point of form, provided that these rules have been substantially obeyed.

50. No election shall be invalidated on account of any irregularity whatever, unless it appears that the irregularity was such as materially to affect the results of the election.

51. No person in the employment or pay of the District or Local Board shall directly or indirectly engage in canvassing for votes, or otherwise assist in the election of any candidate, otherwise than by giving his own vote. Any breach of this rule will render him liable to dismissal.

52. All costs incurred in the preparation of the register of voters, the publication of notices, the holding of elections, or taking any other necessary action under these rules, shall be payable from the District Fund.

PART III.

ELECTION OF MEMBERS OF DISTRICT BOARDS AND TERM OF OFFICE OF MEMBERS OF BOARDS.

Election of Members of District Boards.

53. A Local Board shall not elect members for the District Board until (*a*) the number of members of the District Board to be elected by such Local Board shall have been fixed by notification under section seven of the Act, and (*b*) the names of the elected and appointed members of the Local Board shall have been published in the *Calcutta Gazette*.

54. Within one month of the publication of the notification referred to in clause (*a*) of the preceding rule, or the notification referred to in clause (*b*) of the same, whichever be later, the Local Board shall at a meeting elect the requisite number of members for the District Board. The names of the candidates shall be submitted at the meeting, and the election shall be made by the majority of votes of the members of a Local Board present at such meeting.

[*Government Gazette, 29th December* 1885.]

৪২। মতদাতাদের সম্বন্ধীয় সমুদয় আপত্তি, সম্ভব হইলে, অধ্যক্ষতাকারী কার্য্যকারক রেজিষ্টর দেখিয়া সরাসরীমতে নিষ্পত্তি করিবেন। এই বিধির ২৬ ধারামতে রেজিষ্টরী করিবার পরবর্ত্তী বিষয়োত্থিত আপত্তি ছাড়া অন্য কোন আপত্তি গ্রাহ্য হইবে না।

৪৩। যে সকল পদাকাঙ্ক্ষী পরিষ্কাররূপে অধিক সংখ্যক মত প্রাপ্ত হইয়াছেন, অধ্যক্ষতাকারী কার্য্যকারক সেই সময়ে ও স্থানেই উপযুক্তরূপে নির্ব্বাচিত বলিয়া তাঁহাদের নাম প্রকাশ করিবেন। কিন্তু থানার রেজিষ্টরী করা মতদাতাদের অন্যূন শতকরা দশজন উপস্থিত হইয়া তাঁহাদের মত লেখাইয়া না দিলে কোন পদাকাঙ্ক্ষী উপযুক্তরূপে নির্ব্বাচিত বলিয়া প্রকাশ করা যাইবে না।

৪৪। থানার রেজিষ্টরী করা মতদাতাদের মধ্যে যদি শতকরা দশজন উপস্থিত না হন (বিধির ৪০ ধারা), অথবা আসিয়া মত লেখাইয়া না দেন (বিধির ৪৩ ধারা), তাহা হইলে অধ্যক্ষতাকারী কার্য্যকারক এইরূপ রিপোর্ট করিবেন যে, স্থানীয় বোর্ডের যতজন সভ্য উক্ত থানার নিমিত্ত স্থির করিয়া দেওয়া হইয়াছে, নির্ব্বাচকেরা আইনের ১০ ধারামতে তাঁহাদিগকে নির্ব্বাচন করিতে ত্রুটি করিয়াছেন।

৪৫। দুই বা তদধিক পদাকাঙ্ক্ষীর অনুকূলে সমসংখ্যক মত লিখিত হইলে, ও তাঁহাদের সকলকে নির্ব্বাচন করা যাইতে না পারিলে, অধ্যক্ষতাকারী কার্য্যকারক যে প্রকারে উচিত বোধ করেন, সেই প্রকারে গুলিবাঁটদ্বারা উক্ত পদাকাঙ্ক্ষীদের মধ্য হইতে বাছনী হইবে। তাহা হইলে ঐরূপে যে পদাকাঙ্ক্ষীকে বাছিয়া লওয়া যায়, তিনি উপযুক্তরূপে নির্ব্বাচিত হইয়াছেন বলিয়া প্রকাশ করা যাইবে।

৪৬। পূর্ব্ব কএক ধারামতে উপযুক্তরূপে নির্ব্বাচিত কোন পদাকাঙ্ক্ষী পদগ্রহণ করিতে অসম্মত হইলে, যে কোন (যদি কোন) ব্যর্থকাম পদাকাঙ্ক্ষী সর্ব্বাপেক্ষা অধিক মত পাইয়া থাকেন, তিনি নির্ব্বাচিত হইয়াছেন বলিয়া জ্ঞান করা যাইবে। কোন ব্যর্থকাম পদাকাঙ্ক্ষী না থাকিলে, ঐরূপে যে পদ শূন্য হয়, তাহা পূর্ণ করিবার নিমিত্ত নূতন নির্ব্বাচন করা যাইবে।

৪৭। কোন ব্যক্তি দুই কিম্বা তদধিক থানার নিমিত্ত নির্ব্বাচিত হইলে, তিনি কোন্ থানার প্রতিনিধিত্ব করিবেন, আপন ইচ্ছামতে ইহা স্থির করিবেন; এবং অন্য যে প্রত্যেক থানায় উক্ত ব্যক্তি নির্ব্বাচিত হইয়া থাকেন, তথায় তাঁহার পক্ষে কোন মত লিখিত না হইয়া থাকিলে যেরূপে হইত, পূর্ব্ব ধারামতে সেইরূপে নির্ব্বাচনের ফল নিরূপণ করা যাইবে; এবং আবশ্যক হইলে নূতন নির্ব্বাচন করা যাইবে।

৪৮। সমুদয় থানার নির্ব্বাচন হইয়া গেলে পর স্থানীয় বোর্ডের উপযুক্তরূপে নির্ব্বাচিত পদাকাঙ্ক্ষীদের তালিকা কলিকাতা গেজেটে প্রকাশ করিবার নিমিত্ত খণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট পাঠাইতে হইবে।

বিবিধ বিধি।

৪৯। এই সকল বিধি সারতঃ পালিত হইলে, প্রণালীগত কোন বিষয় ধরিয়া কোন নির্ব্বাচন অসিদ্ধ করা যাইবে না।

৫০। অনিয়মদ্বারা নির্ব্বাচনের ফল বিশেষরূপে স্পৃষ্ট হইয়াছে বলিয়া দেখা না গেলে, কোন অনিয়ম হেতুক কোন নির্ব্বাচন অসিদ্ধ করা যাইবে না।

৫১। জিলা বা স্থানীয় বোর্ডের কর্ম্মে নিযুক্ত কোন ব্যক্তি সাক্ষাৎ বা পরম্পরা সম্বন্ধে নিজের মত দেওয়া ভিন্ন অন্য উপায়ে কোন পদাকাঙ্ক্ষীর পক্ষে মতসংগ্রহ বা প্রকারান্তরে নির্ব্বাচনের সহায়তা করিবেন না। এই বিধি লঙ্ঘন করিলে, তিনি পদচ্যুত হইবার যোগ্য হইবেন।

৫২। মতদাতাদের রেজিষ্টর প্রস্তুত করিতে, নোটিস প্রকাশ করিতে, নির্ব্বাচনকার্য্য করিতে, অথবা এই বিধিমত আবশ্যক অন্য কোন কার্য্য করিতে, যে সকল খরচ পড়ে, তাহা জিলার তহবীল হইতে দিতে হইবে।

৩য় ভাগ।

জিলা বোর্ডের সভ্যদের নির্ব্বাচনের এবং বোর্ডের সভ্যেরা যতকাল পদে থাকিবেন, তাহার বিধি।

জিলা বোর্ডের সভ্যদের নির্ব্বাচনের বিধি।

৫৩। (ক) স্থানীয় বোর্ড জিলা বোর্ডের যত জন সভ্য নির্ব্বাচন করিবেন, তাহা আইনের ৭ ধারামত বিজ্ঞাপনক্রমে যাবৎ নির্দ্দিষ্ট না হয়, এবং (খ) স্থানীয় বোর্ডের নির্ব্বাচিত ও নিযুক্ত সভ্যদের নাম যাবৎ কলিকাতা গেজেটে প্রকাশিত না হয়, তাবৎ কোন স্থানীয় বোর্ড জিলা বোর্ডের নিমিত্ত সভ্য নির্ব্বাচন করিবেন না।

৫৪। পূর্ব্বধারার (ক) প্রকরণের উল্লিখিত বিজ্ঞাপন ও উক্ত ধারার (খ) প্রকরণের উল্লিখিত বিজ্ঞাপন এই দুইটীর মধ্যে যেটী পরে হয় সেই বিজ্ঞাপন প্রকাশ করিবার এক মাসের মধ্যে স্থানীয় বোর্ড সভাগত হইয়া জিলা বোর্ডের আবশ্যকসংখ্যক সভ্য নির্ব্বাচন করিবেন। পদাকাঙ্ক্ষীদের নাম সভায় অর্পিত হইবে, এবং উক্ত সভায় স্থানীয় বোর্ডের যে সকল সভ্য উপস্থিত থাকেন, তাঁহাদের অধিকাংশের মতানুসারে নির্ব্বাচন করা যাইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৮৫। ২৯ ডিসেম্বর।]

55. In the case of the election or appointment of a Chairman, or the election of a Vice-Chairman, of the Local Board, not having taken effect, the meeting referred to in the preceding rule shall be called by the Magistrate of the district.

56. The names of the persons elected to serve on the District Board shall be forwarded without delay to the Magistrate of the district, who shall ascertain if they are duly qualified and are willing to serve.

57. If any elected candidates decline to take office, the unsuccessful candidates, if any who received the largest number of votes shall be declared to be duly elected. If there is no unsuccessful candidate, a fresh election shall be held to fill the vacancy thus created.

58. In the event of any person being elected by two or more Local Boards, such person shall have liberty to choose which Local Board he will represent, and as regards every other Local Board for which such person has been returned, the result of the election shall be determined under the preceding rule as if no votes had been recorded for him, and if necessary a fresh election shall be held.

59. The only persons qualified for election as members of the District Board shall be :—(*a*) members of the Local Boards in the district; and (*b*) persons qualified for election as members of any Local Board in the district.

60. The names of the elected members of the District Board shall, together with the names or official designation of the appointed members, if any, be published in the *Calcutta Gazette*.

Term of Office.

61. Every member of a Local or District Board, who has been elected or appointed by name, shall vacate his office at the end of three years from the date of his election or appointment as such member.

62. The term of three years mentioned in the preceding rule shall be held to include any period which may elapse between the expiration of the said three years and the date of the next subsequent appointment or election, not being an appointment or election under the next succeeding rule.

63. If any member of a Local or District Board shall be unable to complete his full term of office, the vacancy caused by his resignation or removal or death shall be filled by the appointment or election, as the case may be, of another person; and the person so appointed or elected shall fill such vacancy for the unexpired remainder of the term for which such member would otherwise have continued in office.

64. *A. Local Boards.*—As soon as possible after the expiry of the term of office of an elected member, mentioned in rules 61 and 62, or after the occurrence of a vacancy among elected members under rule 63, a date for a fresh election shall be fixed by the Lieutenant-Governor, and notified in the *Calcutta Gazette*, and rules 21 to 52 shall apply, as far as may be, to such subsequent elections.

B. District Boards.—As soon as possible after expiry of the term of office of an elected member, mentioned in rules 61 and 62, or after the occurrence of a vacancy amongst elected members under rule 63, the Magistrate of the district shall send a notice to the Local Board which has the right to elect a member to fill the vacancy, and such Board shall within one month of the receipt of such notice elect a member in accordance with rules 54 to 59.

J. WARE EDGAR,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 29*th December* 1885.]

৫৫। স্থানীয় বোর্ডের সভাপতির নির্ব্বাচন বা নিয়োগ অথবা প্রতিনিধি সভাপতির নির্ব্বাচন কলবৎ হইয়া না থাকিলে, জিলার মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বধারার উল্লিখিত সভা আহ্বান করিবেন।

৫৬। জিলা বোর্ডে কার্য্যকরণার্থে নির্ব্বাচিত ব্যক্তিদের নাম জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট অবিলম্বে পাঠাইতে হইবে। উক্ত ব্যক্তিরা উপযুক্তযোগ্যতাসম্পন্ন ও কার্য্য করিতে সম্মত কি না তিনি ইহা নিশ্চয় করিয়া জানিয়া লইবেন।

৫৭। নির্ব্বাচিত কোন পদাকাঙ্ক্ষীরা পদ গ্রহণ করিতে অসম্মত হইলে, ব্যর্থকাম পদাকাঙ্ক্ষী থাকিলে, তাঁহাদের মধ্যে যাঁহারা সর্ব্বাপেক্ষা অধিক মত পাইয়াছেন, তাঁহারা উপযুক্তরূপে নির্ব্বাচিত বলিয়া প্রকাশ করা যাইবে। কোন ব্যর্থকাম পদাকাঙ্ক্ষী না থাকিলে, ঐরূপে যে পদ শূন্য হয়, সেই পদ পূর্ণ করণার্থ নূতন নির্ব্বাচন করা যাইবে।

